বাংলাদেশের জন্য টেকসই উন্নয়ন অভীষ্ট গুরুত্ব বহন করছে। কারণ বাংলাদেশ অন্যতম সফল দেশ যে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করেই SDG এর অভীষ্ট অর্জনে কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ 'Whole of Society Approach' এবং 'Leave no one behind' দর্শনকে ধারণ করে উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন করছে। ফলে রূপকল্প ২০৪১ এর পরিপূরক কৌশল হিসেবে SDG বাস্তবায়নের বিষয়টি সরকারের অগ্রাধিকার কৌশল হিসেবে বিবেচিত। টেকসই উন্নয়ন অভীষ্ট সফল বাস্তবায়নের লক্ষ্যে 'SDG Mapping' প্রণয়ন করেছে যার মাধ্যমে এর বাস্তবায়নে Lead/Co-lead/Associated মন্ত্রণালয়/ ডিভিশন নির্ধারণ করা হয়েছে। SDG বাস্তবায়নে বৈশ্বিক সূচক ২০২০ -এ বাংলাদেশের অবস্থান ১৬২টি দেশের মধ্যে ১০৯ তম, ২০১৯ এর সূচকে ছিল ১১৬ তম। দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ SDG বাস্তবায়নে ভারত (১১৭ তম) ও পাকিস্তান (১৩৪ তম) থেকে এগিয়ে রয়েছে।

www.exambd.net

এসডিজি-৪	মানসম্পন্ন শিক্ষা সুযোগ নিশ্চিতকরণ (Quality Education)
মূল উদ্দেশ্য	Ensure inclusive and equitable quality education

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০	বাংলাদেশের অবস্থান/ অগ্রগতি	মন্তব্য
১। ১০০% প্রাইমারী শিক্ষা সমাপনী ২। ১০০% সেকেন্ডারি শিক্ষা সমাপনী ৩। এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় পাসকৃত মোট সংখ্যার ২০% কারিগরি শিক্ষা সমাপনী ৪। ১০০% শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ, ইন্টারনেট, খাবার পানি, স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণ।	১। প্রাইমারী শিক্ষা সমাপনী হার ৮২.৬ % ২। সেকেন্ডারি শিক্ষা সমাপনী হার ২৯.৪% ৩। কারিগরি শিক্ষা সমাপনী হারে পিছিয়ে আছে ৪। শিক্ষা প্রতিষ্ঠানে সকল সুবিধা নিশ্চিতকরণে পিছিয়ে আছে।	১। শিক্ষার হার ২০০৫ সালে ৫৩.৫% থেকে ৭৩.৯% উন্নীত হয়েছে। ২। কারিগরি শিক্ষা সমাপনী হারের লক্ষ্যমাত্রা ২০৩০ এ ৩০% উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ৩। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেকেন্ডারি শিক্ষাহার এবং শিক্ষার সার্বিক গুণগতমান বৃদ্ধি করার জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস রুমে ICT সুবিধা সম্পন্ন সকল ব্যবস্থা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

এসডিজি-৫	লিঙ্গ সমতা (Gender Equality)
মূল উদ্দেশ্য	Achieve gender equality and empower all women and girls

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০	বাংলাদেশের অবস্থান/ অগ্রগতি	মন্তব্য
১। ১৫ বছরের পূর্বে বিবাহিতা নারীর সংখ্যার হার শূন্যে নামিয়ে আনা। ২। ১৮ বছর বয়সী নারীর বিবাহের হার ১০% হ্রাস করা। ৩। কর্মজীবি নারীর হার ৫০% এ উন্নীত করা।	১। ১৫ বছরের পূর্বে মেয়েদের বিবাহের হার বর্তমানে ১৫.৫% ২। ১৮ বছর বয়সী নারী বিবাহের হার ৫১.৪%। ৩। কর্মজীবি নারীর হার এখন ৩৫%	১। বাংলাদেশ Global Gender Gap Index এ বিশ্বে ৫০ তম। ২। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে ৭ম। গত পাঁচ বছর এ অবস্থান ধরে রেখেছে। ৩। নারী শিক্ষার ক্রমবর্ধমান ধারা অব্যাহত থাকলে এবং কর্মজীবি নারীর হার বৃদ্ধির প্রেক্ষাপটে বাংলাদেশ ২০৩০ সালে বাল্যবিবাহ/ অপরিণত বয়সে নারীর বিবাহ হ্রাসে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন করতে সক্ষম হবে।

এসডিজি-৬	সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (Clean water and sanitation)
মূল উদ্দেশ্য	Ensure availability and sustainable management of water and sanitation for all

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০	বাংলাদেশের অবস্থান/ অগ্রগতি	মন্তব্য
১। জনসংখ্যার ১০০% এর নিরাপদ খাবার পানির প্রাপ্যতা নিশ্চিত করা ২। ১০০% এর স্যানিটেশন নিশ্চিত করা।	১। বাংলাদেশের ৪৭% মানুষ নিরাপদ পানির সুবিধা পেয়ে থাকেন। ২। ৯৮% পরিবারের সদস্যগণ উন্নত উৎস থেকে নিরাপদ খাবার পানি পেয়ে থাকেন। ৩। ৮৪.৬% পরিবারের সদস্যগণ উন্নত স্যানিটেশন সুবিধা ভোগ করে থাকেন এবং ৭৪.৮% হাত ধোঁয়া ও অন্যান্য প্রয়োজনীয় কাজে পানির সুবিধা পান।	সরকার নিরাপদ পানির উৎস নিশ্চিত করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। টেকসই পানি ব্যবস্থাপনার লক্ষ্যে চামড়া কারখানা সাভারে স্থানান্তর করা হয়েছে। এর ফলে বুড়িগঙ্গা নদীর পানিকে পর্যায়ক্রমে তার স্বাভাবিক ব্যবস্থাপনায় ফিরিয়ে আনার জন্য পদক্ষেপ নেয়া হয়েছে।

www.exambd.net

দারিদ্র্য বিমোচন অথবা দূরীকরণ ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি/ গ্রামীণ উন্নয়ন, সমাজ কল্যাণ ও সামাজিক নিরাপত্তা

"Bangladesh's strong track record of poverty reduction and development shows that with the right policies and actions further progress is possible."

—Qismiao Fan (Country Director of World Bank for Bangladesh, Bhutan and Nepal)

প্রশ্নাতীতভাবে বাংলাদেশ প্রচণ্ডবেগে উন্নয়নের দিকে ধাবিত হচ্ছে। এই সময়ে বাংলাদেশ উল্লেখযোগ্য হারে দারিদ্র্য হ্রাস করেছে, প্রচুর বৈদেশিক বিনিয়োগ এসছে দেশে এবং মানব উন্নয়ন সূচকেও উন্নতি করেছে। ১৬ কোটি জনসংখ্যাকে সাথে নিয়ে গত এক দশকে ৭% উপর মোট দেশজ প্রবৃদ্ধি (GDP Growth) ধরে রেখে বাংলাদেশ দারিদ্র্য বিমোচন, সামাজিক উন্নয়ন আইন, বিচার ও সমতা রক্ষায় এগিয়ে চলছে। রূপকল্প-২০২১, ডিজিটাল বাংলাদেশ, রূপকল্প ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, মধ্যম আয়ের দেশ, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন বিভিন্ন লক্ষ্য সমূহকে সামনে রেখেই বর্তমান সরকার এগিয়ে যাচ্ছে।

বাংলাদেশে দারিদ্র্যের পরিস্থিতির চিত্র:

দারিদ্র্য বিমোচন যে কোনো দেশের আর্থ-সামাজিক অগ্রগতির অন্যতম সূচক। সরকারি উন্নয়ন কর্মকাণ্ড, বেসরকারি বিনিয়োগ এবং বহুবিধ সামাজিক উদ্যোগের সমন্বিত প্রয়াসে গত এক দশকে বাংলাদেশ দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।



সূত্র: অর্থনৈতিক সমীক্ষা-২০২০

- **করোনা মহামারির সময় জীবন-জীবিকার সুরক্ষা ও দারিদ্র্য পরিস্থিতি নিয়ন্ত্রণ**

সরকার দারিদ্র্য বিমোচনে সাহসী, দৃঢ়, জনকেন্দ্রিক এবং অন্তর্ভুক্তিমূলক নীতি গ্রহণ ও তা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দারিদ্র্য দূরীকরণ লাগসই কৌশলসমূহ, যেমন- দারিদ্র্যের ঝুঁকিতে থাকা মানুষের জন্য সামাজিক নিরাপত্তা বলয় সম্প্রসারণ, আর্থিক প্রণোদনা ক্ষুদ্র সঞ্চয়কে উৎসাহ প্রদান, নারী ও যুব প্রশিক্ষণ, নারী-পুরুষের সমতা আনয়ন, আইসিটি ও ডিজিটাল পদ্ধতির ব্যবহার, কার্যকর দুর্যোগ ঝুঁকি-হ্রাস কর্মসুচি ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় করে ঘুরে দাঁড়ানোর সক্ষমতা বিনির্মাণ ইত্যাদি প্রয়োগে সরকারের সাফল্য বিশ্বব্যাপী দারিদ্র্য বিশেষজ্ঞদের নজর কেড়েছে। বর্তমানে দারিদ্র্যের হার ২০.৫ শতাংশ এবং অতি দারিদ্র্যের হার ১০.৫ শতাংশ। সরকারের পরিকল্পনা রয়েছে আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের মধ্যে দারিদ্র্যের হার ১২.৩ শতাংশ এবং অতি দারিদ্র্যের হার ৪.৫ শতাংশে নামিয়ে আনা।

চলমান করোনা মহামারি পরিস্থিতি বাংলাদেশসহ বিশ্বব্যাপী অর্থনৈতিক কর্মকাণ্ড সাময়িকভাবে হলেও যে স্থবিরতা সৃষ্টি করেছে তা, দারিদ্র্য দূরীকরণ সরকারের চলমান অগ্রগতিকে চ্যালেঞ্জ সমর্থন করেছে। তবে রপ্তানিমুখী শিল্পকারখানা শ্রমিকদের বেতন প্রদান, সিএমএসএমই খাতসহ অন্যান্য ক্ষতিগ্রস্ত শিল্প ও সেবা খাতে সুদ ভর্তুকি সহ স্বল্পসুদে ও মূলধনের যোগান, অতি দরিদ্র মানুষের মধ্যে নগদ অর্থ বিতরণ, বিনামূল্যে ও স্বল্প মূল্যে খাদ্য সামগ্রী বিতরণ, সামাজিক সুরক্ষা কর্মসূচি ও গৃহায়ন মানুষের জন্য গৃহ নির্মাণ কার্যক্রমের পরিধি সম্প্রসারণ এবং বিশেষায়িত ব্যাংক ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের মাধ্যমে কর্মসৃজন কার্যক্রমসহ মাননীয় প্রধানমন্ত্রীর যে দূরদর্শী ও সময়োচিত প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন, তা শ্রমজীবী মানুষের চাকরি টিকিয়ে রাখতে ও অসহায় দরিদ্র মানুষকে ক্ষুধা হতে সুরক্ষা দিয়েছে। ফলে করোনাকালে বাংলাদেশে দারিদ্র্য পরিস্থিতি ততোটা বিপর্যয়ের মধ্যে নিপতিত হয়নি। অন্যদিকে, কোভিড-১৯ মহামারির সাম্প্রতিক দ্বিতীয় ঢেউয়ের ফলে পরিস্থিতির ওপর যে সম্ভাব্য প্রভাব পড়তে পারে, তার মোকাবেলার জন্যও সরকার কার্যকর ও সচেতন কর্মসূচি গ্রহণ করেছে।

www.exambd.net

- **সামাজিক সুরক্ষা কার্যক্রম**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন লালিত স্বপ্ন ছিল দেশের দরিদ্র, অসহায়, দুঃস্থ ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে একটি মানবিক সমৃদ্ধ ও শক্তিমান বাংলাদেশ গড়ে তোলা যা পুরো বিশ্বের কাছে কল্যাণ রাষ্ট্র উদাহরণ হিসেবে পরিগণিত হবে। জাতির পিতার শাসনামলের বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নের জন্য সর্বপ্রথম সরকারিভাবে সামাজিক নিরাপত্তাকে রাষ্ট্রীয় কাঠামো অন্তর্ভুক্ত করা হয়। সেসময় ভিজিডি এবং কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু হয় মহান মুক্তিযুদ্ধ শহীদ মুক্তিযোদ্ধা পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও নির্যাতিত নারীদের সামাজিক নিরাপত্তার আওতায় আনা হয়। এছাড়া দারিদ্র্য মানুষের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমও সে সময়ে শুরু হয়। জাতির পিতা দেখানো পথ ধরে পরবর্তীতে সামাজিক সুরক্ষা বলয়কে আরো সম্প্রসারিত করা হয়েছে। ১৯৯৭-১৯৯৮ অর্থবছরে দেশে প্রথমবারের মতো বয়স্ক ভাতা এবং ১৯৯৮-১৯৯৯ অর্থ বছরের বিধবা, স্বামীর নিগৃহীতা মহিলাদের জন্য ভাতা সহ নানা ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি চালু করা হয়। ২০০৯-২০১০ অর্থবছরে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র চালু করা, ২০১০-২০১১ অর্থবছরে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ২০১৩-২০১৪ অর্থবছরে হতে সকল বীর মুক্তিযোদ্ধা কে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কার্যক্রম চালু করা হয়।

- **দারিদ্র্য জনগোষ্ঠীর মাঝে নগদ অর্থ বিতরণ**

বিগত ২০২০ সালে করোনা মহামারির কারণে যে সকল নিম্ন আয়ের মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত এবং কর্মহীন হয়ে পড়ে তাদেরকে সহায়তার জন্য 'নগদ আর্থিক সহায়তা প্রদান' কর্মসূচি চালু করা হয়। করোনা মহামারিতে ক্ষতিগ্রস্ত ৩৫ লক্ষ নিম্নআয়ের পরিবারকে পরিবার প্রতি ২ হাজার ৫০০ টাকা করে মোট ৮৮০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এ বছরও করোনায় তীব্রতা বৃদ্ধি পাওয়াতে সরকারকে লকডাউন কর্মসূচিতে যেতে হয়েছে। নিম্নআয়ের শ্রমজীবী মানুষ যাতে আর্থিকভাবে কষ্ট না পায়, সেজন্য এ বছর ঈদুল ফিতরের আগে একই ভাবেই ৩৫ লক্ষ ক্ষতিগ্রস্ত পরিবারকে ২ হাজার ৫০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

- **গ্রামীণ জনগোষ্ঠীকে শোষণ ও হয়রানি হতে সুরক্ষা**

দেশের প্রতিটা গ্রামে তহবিল সৃষ্টির মাধ্যমে গ্রামের ফড়িয়া ও দাদন ব্যবসায়ীদের সুদের ব্যবসা বন্ধ করে প্রান্তিক কৃষক, দিনমজুর শ্রেণীর মানুষকে হয়রানি ও শোষণের হাত হতে রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। এছাড়া সরকার পিছিয়ে পড়া ও বিশেষ চাহিদা সম্পন্ন মানুষ সাংগঠনিক শক্তিকে মজবুত করতে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট ও শারীরিক প্রতিবন্ধী কল্যাণ ট্রাস্টকে পৃষ্ঠপোষকতা উদ্যোগে দান করা আসছে।

দেশের প্রত্যন্ত অঞ্চলের ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে থেরাপিউটিক সেবা প্রদানের লক্ষ্যে দেশের ৬৪ টি জেলা ও প্রতিটি ৩৯ টি উপজেলায় মোট ১০৩ টি প্রতিবন্ধী ও সেবা ও সাহায্য কেন্দ্র চালু রয়েছে। এ সকল কেন্দ্র হতে দেশের প্রত্যন্ত অঞ্চলের অটিজমসহ অন্যান্য প্রতিবন্ধী জনগোষ্ঠীর বিনামূল্যে থেরাপিউটিক কাউন্সিলিং ও রেফারেল সেবা এবং সহায়ক উপকরণ প্রদান করা হয়। এছাড়া সুবিধাবঞ্চিত ও বিপন্ন সকল শিশুর শিক্ষার জন্য শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র সমূহ দেশের কাজ করে যাচ্ছে। এই দুটি কার্যক্রম আগামী ২০২১-২০২২ অর্থবছরে ৯২ কোটি ২১ লাখ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে। এছাড়াও কতিপয় কার্যক্রম অব্যাহত থাকবে, যেমন-

দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালে ভাতা	কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা	অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান
ভিজিডি কার্যক্রম	বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিশেষ ভাতা	শিক্ষা উপবৃত্তি ও প্রশিক্ষণ
চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি	ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগের সহায়তা	পল্লী সমাজসেবা কার্যক্রম

- **মুক্তিযোদ্ধাদের কল্যাণ**

মুক্তিযোদ্ধাগণ জাতির শ্রেষ্ঠ সন্তান। দেশ মাতৃকার সেবায় মুক্তিযোদ্ধাদের অবদান জাতি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ করবে। বীর মুক্তিযোদ্ধাদের প্রসঙ্গে তথ্য সম্বলিত Management Information System প্রস্তুত করে G2P প্রক্রিয়ায় সকল বীর মুক্তিযোদ্ধা সম্মানী ও অন্যান্য ভাতা বাংলাদেশের ব্যাংক হতে সরাসরি ভাতাভোগীর ব্যাংক হিসেবে প্রদান কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রী বিগত ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে শুভ উদ্বোধন করেছেন। **এছাড়া বীর মুক্তিযোদ্ধদের নিরাপত্তা অবসান নিশ্চিত করতে তাদের জন্য ৪ হাজার ১২২ কোটি টাকা ব্যয়ে ৩০ হাজার 'বীর নিবাস' নির্মাণ প্রকল্পের কাজ শুরু হচ্ছে।** বীর মুক্তিযোদ্ধাদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে দেশের প্রতিটি জেলা-উপজেলা মুক্তিযুদ্ধ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

www.exambd.net

Digital Economy: Shaping a New Bangladesh

"Bangladesh is one of the top four countries in terms of 'improvement and remarkable growth' in digital economy in the last four years."

— Huawei Global Connectivity Index (GCI)-2019

The digitalization of a country's economy not only drives innovation in its service industry, but it also fuels domestic job opportunities, enabling faster economic growth. In the quest to lower costs and risk, many large corporations in developed nations like the US, UK, and Australia are turning to IT outsourcing from countries including Bangladesh, leading to a recent boom in freelancing.

1. **Digital economy:** Digital economy refers to an economy that is based on digital computing technologies, although we increasingly perceive this as conducting business through markets based on the internet and the World Wide Web. The digital economy is also referred to as the Internet Economy, New Economy, or Web Economy.

   The term 'digital economy' was first coined in a book "The Digital Economy: Promise and Peril in the Age of Networked Intelligence" by author Don Tapscott in 1995.

   E-commerce and the digital economy are increasingly important parts of the emerging Information Society, and of economic life. The IER notes that:

   - The digital economy's now worth some 6.5% of global GDP.
   - Worldwide e-commerce sales reached $35.3 trillion in value in 2018.
   - Exports of ICT services grew by 55% between 2010 and 2020.

   Examples of the digital economy:

   - ***Airbnb*** – This enables tourists to book online. It has also made it possible for individual households to let their house/room to tourists. Before the digital economy it was not practical.
   - ***Amazon*** market place/Ebay.
   - ***Netflix*** – This enables consumers to purchase tv-series and films over the internet.
   - E-commerce sites like – ***Bikroy.com, Ekhanei.com, daraz*** etc.

2. **Three Main Components of 'Digital Economy':**

   A. E-business infrastructure (hardware, software, telecom, networks, human capital, etc.),
   B. E-business (process, conducts, ways),
   C. E-commerce (B2B, B2C, C2C, G2C in transferring of goods).

3. **Key Features of 'Digital Economy':**

   - Mobility (Mobility of intangibles, Mobility of business functions)
   - Reliance on Data
   - Network effect
   - Multi-sided market
   - Tendency to oligopoly and monopoly formation

4. **Traditional Economy Vs Digital Economy:** The traditional economy is based on physical shops, goods and cash payments. Over time, the traditional economy has adopted aspects of the digital economy, e.g. traditional firms taking debit cards, then selling online. As the digital economy evolved, some firms missed out on having a physical shop altogether, and selling straight from an e-commerce site, delivered to consumers homes. Some digital services now have no physical goods. For example, Netflix and Spotify do not need to use any physical goods but has everything streamed through the internet.

www.exambd.net

Traditional Economy	Digital Economy
Factories	Cloud computing
High street shops	Internet website
Transportation	E-sales
Banks and cash points	E-banking
Schools/textbooks	E-learning, e-books
Newspaper ads/word of mouth	Social media reviews
Construction	Website development
Real estate	Domain ownership
Cash, cheque payment	e-payment, cashless society
Labor and capital	Automation and artificial intelligence

5. **Merits of Digital Economy:** Digital economy has given rise to many new trends and start-up ideas. Almost all of the biggest companies in the world (Google, Apple, Microsoft, and Amazon) are from the digital world. Here are some important merits of the digital economy:

- **Personalization:** A digital economy allows greater personalization than would be possible under traditional economy. For example, a traditional shop would only have room to stock a certain number of colors and sizes, but with the digital economy, a consumer can choose any preference and then the product can be custom-built e.g. 3D printer. For example, custom clothes that have particular sizes and colors to match individual preferences.
- **Saves time:** In past, if we needed office supplies, we would have to make a journey into town and purchase. Now, we can make an order over the internet and it will arrive the next day. This saves business labour costs.
- **Reduced costs:** Firms can save on renting expensive buildings by running most of business through the internet. A digital economy enables firms to cut out an aspect of the retail chain and send personalized goods direct from factory or warehouse to people's goods, rather than through shops. This enables lower costs and lower prices.
- **Lower barriers to entry:** In some markets, aspects of the digital economy make it easier for new firms to enter. If an entrepreneur has an innovative idea that catches on, they can create a new product which challenges traditional firms. The digital economy has brought many new services which were inconceivable before, such as online home deliveries for grocery to dating apps.
- **Rise of E-Commerce:** The businesses that adapted and adopted the internet and embraced online business in the last decade have flourished. The digital economy has pushed the e-commerce sector into overdrive. Not just direct selling but buying, distribution, marketing, creating, selling all has become easier due to the digital economy.
- **Digital Goods and Services:** Banking and insurance services are now available online. There is no need to visit one's bank if one can do every transaction online. So certain goods and services have been completely digitized in this digital economy.
- **Transparency:** Most transactions and their payment in the digital economy happen online. Cash transactions are becoming rare. This helps reduce the black money and corruption in the market and make the economy more transparent.
- **Greater information:** The internet has enabled consumers to have greater information and choice. For example, it makes it easier to compare prices between firms. It also brings information to a person's fingertips. This is particularly important for tourists going on holiday. Before the digital economy, it might not be possible to find the prices of hotels and bus timetables.

www.exambd.net

E. E-governance services: Another segment where the whole world will see a huge shift in the coming days is the implementation of e-governance services. Bangladesh has already taken a bold step in digitalization of more than 3,000 government services by 2024. Bangladesh National Portal, national identity verification system, e-GP platform, biometric SIM registration system are already in operation. Africa and some countries in the south east and middle Asia are going to be the major markets for e-governance services in the next decade. Bangladesh is fully prepared to serve these countries. Government to Government (G2G) level collaborations and dialogues should be extended further to grab the opportunities.

- Bangladesh has now more than 2,000 software companies and 500,000 people skilled in IT. It has been found that most of the ICT companies in Bangladesh have seen a year-on-year rise in work orders from the local and international markets in the last quarter of 2020.



- The implementation of over 100 online citizen services in the Mujib Year is going on in full swing.
- Bangladesh Association of Software and Information Services (BASIS), apex trade body of IT associations in Bangladesh, has already created two region-based focus groups to widen the country's business opportunities in two continents. One of the groups focuses on Japan and the other one on Africa- two promising markets.



The government should focus on turning unemployed young people into tech-wavy workers and engage them in IT-based freelancing. In this way, the government of Bangladesh can attain its goal of translation the vision of digital Bangladesh into reality by focusing on human capital development for the global digital economy.

"We can see an industrial revolution lying ahead as a result of the expansion of information and communication technology."

—PM Sheikh Hasina

www.exambd.net

ব-দ্বীপ পরিকল্পনা-২১০০

"The government has declared the Delta Plan-2100 as a long-term strategy to prevent floods and soil erosion, manage rivers and wastes, and supply water throughout the century."

— HPM Sheikh Hasina

জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকির কারণ কাঙ্ক্ষিত উন্নয়নের দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জ মোকাবেলায় সরকার ৪ সেপ্টেম্বর ২০১৮ জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) সভায় "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০" নামে একটি মহাপরিকল্পনা প্রণয়নের অনুমোদন পেয়েছে। উচ্চ মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন ও পানি, জলবায়ু, পরিবেশ ও ভূমির টেকসই ব্যবস্থার দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জগুলো মোকাবিলা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণসহ ২০৪১ সালের মধ্যে একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জনের লক্ষ্যে ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাংলাদেশের স্বল্প ও মধ্যমেয়াদি পরিকল্পনা সমূহের সমন্বয় করবে।

১. **ব-দ্বীপ পরিকল্পনা (Delta Plan) কী:** ইংরেজি শব্দ 'Delta' অর্থ 'ব-দ্বীপ'। নদীর মোহনায় অবস্থিত প্রায় ব-অক্ষরের আকারবিশিষ্ট যে দ্বীপ, তাকেই বলা হয় ডেল্টা। বাংলাদেশ বিশ্বের সর্ববৃহৎ ব-দ্বীপ অঞ্চল। নদীমাতৃক এ দেশের ভবিষ্যত নির্ভর করছে যথাযথ পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের ওপর। বাংলাদেশ যখন ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উপনীত হবার স্বপ্ন দেখছে, তখন সঠিক নদীও পানি ব্যবস্থাপনার অভাবে এবং বন্যা, খরা ও আরো নানা প্রকার প্রাকৃতিক দুর্যোগ-দুর্বিপাকে বাংলাদেশ বারবার পিছিয়ে যাচ্ছে। ডেল্টা প্ল্যান বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের এই সমস্যা বহুলাংশে কাটিয়ে উঠতে পারে।

২. **ব-দ্বীপ পরিকল্পনার গুরুত্ব:** ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ তে উচ্চতর পর্যায়ের ৩টি জাতীয় অভীষ্ট এবং ব-দ্বীপ সংশ্লিষ্ট ৬টি নির্দিষ্ট অভীষ্ট নির্ধারণ করা হয়েছে। ব-দ্বীপ সংশ্লিষ্ট অভীষ্টসমূহ উচ্চতর পর্যায়ের অভীষ্ট অর্জনে অবদান রাখবে।

২.১. উচ্চ পর্যায়ের অভীষ্ট ঃ

অভীষ্ট- ১ ঃ ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ;
অভীষ্ট- ২ ঃ ২০৩০ সালের উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন; এবং
অভীষ্ট- ৩ ঃ ২০৪১ সালে নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন।

২.২. ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'র নির্দিষ্ট অভীষ্টসমূহ ঃ

অভীষ্ট- ১ ঃ বন্যা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিপর্যয় থেকে নিরাপত্তা নিশ্চিত করা;
অভীষ্ট- ২ ঃ পানি নিরাপত্তা এবং পানি ব্যবহারে অধিকতর দক্ষতা বৃদ্ধি করা;
অভীষ্ট- ৩ ঃ সমন্বিত ও টেকসই নদী অঞ্চল এবং মোহনা ব্যবস্থাপনা গড়ে তোলা;
অভীষ্ট- ৪ ঃ জলাভূমি ও বাস্তুতন্ত্র সংরক্ষণ এবং তাদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা;
অভীষ্ট- ৫ ঃ অন্তঃ ও আন্ত-দেশীয় পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কার্যকর প্রতিষ্ঠান ও ন্যায়সঙ্গত সুশাসন গড়ে তোলা; এবং
অভীষ্ট- ৬ ঃ ভূমি ও পানি সম্পদের সর্বোত্তম সমন্বিত ব্যবহার নিশ্চিত করা।

"যদি কখনও সময় পাও, তবে নেদারল্যান্ড ভ্রমণ করে এসো, কারণ এটি আমাদের মতই নদীমাতৃক দেশ"

— রাশিয়া ভ্রমণকালীন সময়ে কণ্যাদের উদ্দেশ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩. **ব-দ্বীপ পরিকল্পনা- ২১০০:** ব-দ্বীপ পরিকল্পনাটি হল বাংলাদেশ পরিকল্পনা কমিশনের অধীন General Economic Division (GED) এবং নেদারল্যান্ডস সরকারের অর্থনৈতিক ও কারিগরি সহায়তার ফসল।

- **অফিসিয়াল নাম:** "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ প্রণয়ণ প্রকল্প"
- **অর্থনৈতিক সহায়তায়:** নেদারল্যান্ডস সরকার
- **কারিগরি সহায়তায়:** Dutch-Bangladeshi BanDuDeltAS consortium and Bangladesh Policy Research Institute

www.exambd.net

- **সমঝোতা স্মারক:** সমঝোতা স্মারক হয় ১৬ জুন, ২০১৫। পানিসম্পদ নিয়ে ১০০ বছরের ব-দ্বীপ পরিকল্পনায় নেদারল্যান্ডসের সঙ্গে বাংলাদেশের যৌথ সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে।
- **অনুমোদন:** National Economic Council (NEC) ৪ সেপ্টেম্বর, ২০১৮তে অনুমোদন দেয়।
- **মূল লক্ষ্য:** "জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো"।
- **জিডিপিতে অবদান:** জিডিপি প্রবৃদ্ধি ১.৫% বৃদ্ধির মাধ্যমে ১০% গিয়ে দাঁড়াবে।

৪. **ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর বিশ্লেষণী কাঠামো:**

১ম পদক্ষেপ (২০২০-২০৩০): এটিতে প্রায় ২,৯৭,৮২৭ কোটি টাকা খরচ নির্বাহ হবে। এর অধীনেই থাকবে ৮০টি প্রকল্প।

২য় পদক্ষেপ (২০৩১-২০৫০): প্রথম পদক্ষেপ বাস্তবায়নের পর দ্বিতীয় পদক্ষেপের কাজ শুরু হবে।

৩য় পদক্ষেপ (২০৫১-২১০০): পর্যায়ক্রমে দ্বিতীয় পদক্ষেপের পর তৃতীয় পদক্ষেপের কাজ শুরু হবে। এটি ২১০০ সাল পর্যন্ত চলবে।

পরিকল্পিত ১০০ বছরের প্রথম ১০ বছরে, অর্থাৎ ২০২০-৩০ সালের মধ্যে ২ লাখ ৯৭ হাজার ৮২৭ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এই অর্থ ব্যয় হবে মোট ৮০টি প্রকল্পে। প্রস্তাবিত ৮০টি প্রকল্পে এই টাকা খরচ করতে পারলে ২০৩০ সালের মধ্যে জিডিপি প্রবৃদ্ধি ১.৫% বেড়ে ১০%-এ উন্নীত হবে।

পরিকল্পনা প্রণয়নে দেশের ৮ টি হাইড্রোলজিক্যাল অঞ্চলকে ভিত্তি হিসেবে ধরে প্রতিটি অঞ্চলের প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকিতে থাকা জেলাগুলোকে অভিন্ন গ্রুপ বা হটস্পটে আনা হয়েছে। এভাবে দেশে মোট ৬টি হটস্পট চিহ্নিত করা হয়েছে।



ক্রম	হটস্পট	জেলার সংখ্যা	আয়তন	প্রকল্প সংখ্যা	প্রকল্প ব্যয় (কোটি টাকা)
১	উপকূলীয় অঞ্চল	১৯	২৭,৭৩৮ বর্গ কি.মি.	২৩	৮৮,৪৩৬
২	বরেন্দ্র এবং খরা প্রবণ অঞ্চল	১৮	২২,৮৪৮ বর্গ কি.মি.	৯	১৬,৩১৪
৩	হাওড় এবং আকস্মিক বন্যা অঞ্চল	৭	১৬,৫৭৪ বর্গ কি.মি	৬	২,৭৯৮
৪	পার্বত্য চট্টগ্রাম	৩	১৩,২৯৫ বর্গ কি.মি.	৮	৫,৯৮৬
৫	নদী অঞ্চল ও মোহনা	২৯	৩৫,২০৪ বর্গ কি.মি.	৭	৪৮,২৬১
৬	নগর এলাকাসমূহ	৭	১৯,৮২৩ বর্গ কি.মি.	১২	৬৭,১৫২
৭	তুলনামূলকভাবে দুর্যোগ মুক্ত অঞ্চল	৬	-	১৫	৬৮,৮৮০
মোট				৮০	২,৯৭,৮২৭

সূত্র: বিডিপি ২১০০ বিশ্লেষণ, জিইডি (২০১৫) এবং উপকূলীয় অঞ্চল নীতিমালা-২০০৫

www.exambd.net

Mujib Year

'' As long as Padma, Meghna, Gouri, Jamuna flows on, Sheikh Mujibur Rahman, your accomplishment will also live on. '

'– Annada Shankar Ray, Poet and Essayist

Had he been alive today, he would be a centenarian. He is none other than Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. On the occasion of celebration of his centenary birthday, the declaration of the Mujib Borsho (dedication of a year to his memory) only demonstrates the unreserved love and respect the nation owes him. Unlike most other leaders, Mujib had an exceptional ability to remember an ordinary person and discern between the right and the wrong. But more than everything else it was his unbounded love for his people that made him different from professional politicians. To him the welfare of the suppressed, fettered and wretched people were the first and last mission. It is this love for the people that made him a matchless leader and an uncompromising politician. On the question of serving the people's cause, he had never compromised and his political journey -- albeit fraught with vicissitudes and dangers - took him to the ultimate goal, the liberation of Bangladesh.

Biography Of Sheikh Mujibur Rahman:

Year	Historical Event
1920	Sheikh Mujibur Rahman was born in the village of Tungipara under the then Gopalganj Subdivision (now District) of the then Faridpur District on March 17, 1920
1927	At the age of seven in 1927, Sheikh Mujib began his schooling at Gimadanga Primary School.
1932/33	Sheikh Mujibur Rahman married Sheikh Fazilatunnesa (Renu). Together they had two daughters, Sheikh Hasina and Sheikh Rehana, and three sons, Sheikh Kamal, Sheikh Jamal and Sheikh Russel.
1942	Sheikh Mujibur Rahman passed Matriculation examination from Gopalganj Missionary School.
1943	In 1943, Sheikh Mujibur Rahman was elected councillor of All India Muslim League from Bengal.
1946	Sheikh Mujibur Rahman was elected uncontested as the General Secretary of Islamia College Students Union.
1947	Bangabandhu Sheikh Mujibur Rahman joined Huseyn Shaheed Suhrawardy's move for a United Independent Bengal as a third free state along with India and Pakistan.
1948	Sheikh Mujibur Rahman took admission in the Department of Law at the University of Dhaka. He founded the East Pakistan Muslim Students' League, the first opposition student organization in Pakistan on January 4.
1949	Sheikh Mujibur Rahman extended his support to a movement of the Class 4 employees of the University of Dhaka aimed at realizing their rights and job security.
1952	
1953	Sheikh Mujibur Rahman was elected General Secretary of the Awami Muslim League at its council meeting and continued to gain prominence as a Bengali leader.
1954	The first elections in East Bengal were held on March 10. The United Front won 223 seats out of 237 Muslim reserved seats. The Awami League alone obtained 143 seats.
1955	Under the leadership of the Party General Secretary Sheikh Mujibur Rahman, the Awami Muslim League was renamed as the Awami League by dropping the word 'Muslim' to open the doors of the party to all, regardless of religion.
1956	In September Sheikh Mujibur Rahman joined the provincial Awami League government headed by Khan Ataur Rahman as a minister.

www.eyambd.net

1957	Sheikh Mujibur Rahman was re-elected as the General Secretary of the Party at its council meeting held during June 13-14, 1957. From June 24 to July 13, he visited China on an official tour.
1958	On October 7, Major General Iskander Mirza took over power as President of the country imposing Martial Law and banning all political activities. Three weeks later he was toppled by the army chief General Ayub Khan and ousted him from the country. Meanwhile on October 11 Mujib was arrested.
1961	Sheikh Mujibur Rahman was released from jail after the high court declared his detention unlawful. He set up an underground network called `Swadhin Bangla Biplobi Parishad' (Revolutionary Council for Independent Bangladesh) comprising leading student leaders in order to work for the independence of Bangladesh.
1962	Sheikh Mujibur Rahman was again arrested by the Ayub government on February 6, 1962. He was freed on June 18 following the withdrawal of the four-year-long martial law on June 2. He travelled to Lahore on September 24 and with Huseyn Shaheed Suhrawardy and other opposition parties formed the National Democratic Front (NDF).
1969	On January 25, a special meeting of the party leaders including Presidents and Secretaries of the district committees was held at Sheikh Mujibur Rahman's Dhanmondi 32 residence.
1965	The Pakistani government charged Sheikh Mujibur Rahman with sedition and for making a 'so called' objectionable statements. He was sentenced to one-year imprisonment and was released by an order of the high court.
1966	On February 5, 1966, Sheikh Mujibur Rahman presented his historic six-point programme known as the `charter of freedom of the Bengali nation'. It drew the roadmap for the independence of Bangladesh under the garb of greater autonomy.
1968	On January 3, the Ayub government filed a case, known as the 'Agartala Conspiracy Case' against a number of Bengalis (Politicians, members of the Army, Navy and Air Forces, Civil Servants etc) on the charge of treason. Sheikh Mujibur Rahman was shown arrested on January 18, while already in jail.
1969	The Agartala Conspiracy Case resulted in a nationwide student movement and mass upsurge demanding the withdrawal of the case and the release of Sheikh Mujibur Rahman. With continued pressure from the public, the Ayub Khan government on February 22 was forced to withdraw the Agartala Conspiracy Case and release Sheikh Mujibur Rahman and others.
1970	Awami League achieved absolute majority in the general elections on December 7, winning 167out of the 169 seats.
1971	On March 7, in his historic speech before the millions of people at the Racecourse Maidan (Suhrawardy Udyan), Bangabandhu Sheikh Mujibur Rahman called his fellow countrymen to take all out preparations for the war of liberation and independence of Bangladesh. On the midnight of March 25, the Pakistan army launched its heinous campaign of genocide against the unarmed Bengalis. Sheikh Mujibur Rahman proclaimed the Independence of Bangladesh in the early hours of March 26. Right after the proclamation, he was arrested and taken to a Pakistani prison. On April 10, 1971, the first government of the People's Republic of Bangladesh was formed, and Bangabandhu Sheikh Mujibur Rahman was elected as President by the constituent assembly. Syed Nazrul Islam was elected Vice President and acting President in the absence of Bangabandhu Sheikh Mujibur Rahman and Tajuddin Ahmed as Prime Minister. The government took oath of office on April 17 at a famous mango garden (Amrakanan) of Baidyanathtala in Meherpur, which is now known as Mujibnagar. After nine months of bloody war Bangladesh was liberated with the surrender of Pakistan occupation army on December 16, 1971. During August & September of 1971, the Pakistan Junta held a secret trial of Bangabandhu and sentenced him to death. The freedom loving people of the world was enraged and demanded the security of the President of Bangladesh. On December 27, the Bangladesh government sought Mujib's immediate and unconditional release.

www.exambd.net

ই-কমার্স ও বাংলাদেশ

"You can't wait for customers to come to you. You have to figure out where they are, go there and drag them back to your store."

— Paul Graham

তথ্য-প্রযুক্তি এখন মানব জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ। বিশ্বায়নের কল্যাণে উন্নত দেশের খোঁজখবর ঘরে বসেই পাওয়া সম্ভব। উন্নত বিশ্বের সাথে তাল মেলাতে গিয়ে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যেও প্রযুক্তির ছোঁয়া লেগেছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ অনেকদূর এগিয়ে গেছে বলতেই হয়। তবে এই ক্ষেত্রে বাইরের বিশ্ব যেখানে অনেক অগ্রসর, বাংলাদেশ সেখানে অনেকটা পিছিয়ে আছে। ইন্টারনেট প্রযুক্তির ব্যবহারের কারণে এখন যোগাযোগ ব্যবস্থা হয়ে উঠেছে অনেক সহজ এবং দ্রুততর। ফলশ্রুতিতে ব্যবসা-বাণিজ্যের প্রচার ও প্রসার ঘটছে দ্রুত। বর্তমানে বাংলাদেশে যে ডিজিটাল যুগের সূচনা হয়েছে তারই পথ ধরে ই-কমার্স বা ইন্টারনেট ভিত্তিক ব্যবসা বাণিজ্য আরো জনপ্রিয় হয়ে উঠছে।

১. ই-কমার্স কী:

সহজ ভাষায় এর অর্থ হচ্ছে ইলেক্ট্রনিক কমার্স। ইন্টারনেটের মাধ্যমে যখন ব্যবসা করা হয় তখন সেটা ই-কমার্স নামে পরিচিত হয়। এটা বিভিন্ন ভাবে গড়ে উঠতে পারে, যেমন:

- দু'টি বাণিজ্যিক প্রতিষ্ঠানের মধ্যে (B2B),
- বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সরকারি প্রতিষ্ঠানের মধ্যে (B2G),
- বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং ক্রেতার মাঝে (B2C),
- এমনকি ক্রেতা এবং ক্রেতার মাঝেও (C2C)।

বাংলাদেশে বি-টু-বি এর প্রচলন সবচেয়ে বেশি। এর কারণ হচ্ছে আমাদের গার্মেন্টস সেক্টর। তৈরি পোশাক শিল্পের ক্রেতাগণ সাধারণত ইন্টারনেটের মাধ্যমেই বিক্রেতার সাথে যোগাযোগ স্থাপন করে এবং কোম্পানির ওয়েবসাইট থেকে স্যাম্পল সংগ্রহ করে থাকে। উন্নতবিশ্বে বি-টু-সি এবং সি-টু-সি খুবই জনপ্রিয় এবং সহজলভ্য হলেও বাংলাদেশ এই ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে।

করোনা মহামারির প্রভাবে ই-কমার্স বা অনলাইনে ক্রয়-বিক্রয়ের পরিমাণ বাড়ছে জ্যামিতিক হারে। পরিসংখ্যানে দেখা গেছে যেখানে করোনার পূর্বে যুক্তরাষ্ট্রে মোট কেনাকাটার ১১% অনলাইনে করা হতো, সেখানে করোনার পর বর্তমানে অনলাইনে কেনাকাটার হার বেড়ে দাড়িয়েছে ১৭%। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এর বৃদ্ধির প্রভাব লক্ষণীয়। একই পরিসংখ্যানে দেখা যায়, করোনার পূর্বে বাংলাদেশে অনলাইনে কেনাকাটার হার ছিল ২%, যা এখন বর্তমানে ৩%।



Source: Mastercard

www.exambd.net

২. ই-কমার্স খাতের ইতিবাচক দিক: যেসব ক্ষেত্রে আমরা এখন ইন্টারনেটের শরণাপন্ন হচ্ছি তার মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে বিল পরিশোধ, হোটেল বুকিং, বিমানের টিকেট বুকিং, অনলাইন ব্যাংকিং, নতুন-পুরাতন দ্রব্যাদি ক্রয়-বিক্রয়, রিয়েল এস্টেট ব্যবসা, গাড়ি বা অন্যান্য যানবাহন ক্রয়-বিক্রয় ইত্যাদি। ঘরে বসেই মানুষ এখন বিভিন্ন সেবার যেমন: গ্যাস, পানি, বিদ্যুৎ, টেলিফোন ইত্যাদির বিল পরিশোধ করতে পারে। এগুলো সম্ভব হয়েছে মোবাইল ব্যাংকিং এর কারণে। এছাড়া সম্প্রতি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পাঠানো জনপ্রিয়তা লাভ করেছে সব শ্রেণীপেশার মানুষের কাছে। বিভিন্ন শপিংমলে এখন ইলেক্ট্রনিকালি বিল পরিশোধের ব্যবস্থা আছে।

বিশ্বব্যাপী খুচরা ক্রয়ে ই-কমার্সের অনুপাত



Source: Mastercard

সুপার মার্কেটগুলোতে কার্ড পেমেন্টের ব্যবস্থা থাকায় ক্রেতারা অনেকটা নিশ্চিন্ত মনে বাজার করতে পারেন। ফ্রান্সের এক জরিপে দেখা যায় যে, ই-কমার্সের ব্যবসা পরিচালনার প্রকৃতির কারণে একটি চাকুরি হারালে ২.৪ টি নতুন চাকুরি প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়। ই-কমার্স খাতের ইতিবাচক দিকসমূহ হলো:

ক) আন্তর্জাতিক মূল্য প্রক্রিয়ার সাথে সম্পৃক্ততা হওয়ার সুযোগ সৃষ্টি;
খ) বিশাল বাজারে প্রবেশ ও গবেষণার অবাধ সুযোগ সৃষ্টি;
গ) অভ্যন্তরীণ বাজারের দক্ষতা উন্নয়ন ও বৃদ্ধি;
ঘ) সহজ ও স্বল্প লেনদেন ব্যয়;
ঙ) নতুন রপ্তানী বাজার সৃষ্টি ও রপ্তানী আয় বৃদ্ধি;
চ) SME সহ চাহিদাভিত্তিক নতুন শিল্পায়ন;
ছ) ক্ষেত্রভিত্তিক নতুন ব্যবসায়ী/উদ্যোক্তা সৃষ্টি;
জ) অধিকতর নতুন কর্মসংস্থানের ক্ষেত্র সৃষ্টি।

বাংলাদেশে অনলাইনে কেনাকাটার প্রবণতা (কোটি টাকায়)



তথ্যসূত্র: বাংলাদেশ ব্যাংক

৩. বাংলাদেশে ই-কমার্স খাতের বর্তমান অবস্থা: বাংলাদেশে ই-কমার্সের এক নম্বর জায়গাটি এরই মধ্যে চীনের আলিবাবার দখলে। আলিবাবা বাংলাদেশের ই-কমার্সে ঢুকে পড়েছে 'দারাজ' (Daraz) কিনে নেয়ার মাধ্যমে। বাংলাদেশ নিয়ে আগ্রহ দেখাচ্ছে বিশ্বের সবচেয়ে বড় ই-কমার্স প্রতিষ্ঠান আমাজন (Amazon)। বাংলাদেশে বহু বছর ধরেই ওয়ালমার্টের অফিস আছে। পূর্ব ইউরোপের একটি বড় ই-কমার্স কোম্পানিও বাংলাদেশে ঢুকেছে। এর নাম কুভি। এরা বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে। এছাড়া চীনে আলিবাবার প্রধান প্রতিদ্বন্দ্বী টেনসেন্ট, তারাও আগ্রহী বাংলাদেশ নিয়ে।

বাংলাদেশে ই-কমার্স বাড়ছে খুবই দ্রুত। গত তিন বছর ধরে এই খাতের প্রবৃদ্ধি প্রায় ১০০%। অর্থাৎ প্রতি বছর প্রায় দ্বিগুণ হয়ে যাচ্ছে এই খাত। ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশের হিসাব অনুযায়ী এই খাতে মাসে এখন প্রায় ৭০০ কোটি টাকা লেনদেন হচ্ছে। অর্থাৎ বার্ষিক লেনদেন এখন ৮ হাজার কোটি টাকার বেশি। ১০০% প্রবৃদ্ধির হার অব্যাহত থাকলে সামনের বছর এটি হবে ১৬ হাজার কোটি টাকার ব্যবসা। ২০২০ সালে বাংলাদেশের ই-কমার্স খাতে ২০% থেকে ৩০% প্রবৃদ্ধি ঘটেছে যা বাংলাদেশে ই-কমার্সের ইতিহাসে অত্যন্ত আশাপ্রদ অগ্রগতি। বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান মতে, জানুয়ারি-সেপ্টেম্বর ২০১৯-তে মোট ৬.৮৭ বিলিয়ন টাকা ই-কমার্সের মাধ্যমে লেনদেন হয়েছে যা ২০১৮ সালে রেকর্ড মতে ৪.২৫ বিলিয়ন টাকা ছিল। দেশে ডেবিট কার্ড অপেক্ষা ক্রেডিট কার্ড ব্যবহারকারীর সংখ্যা অধিক এবং ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৬০ মিলিয়নের অধিক যা দেশের মোট জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ। বর্তমানে প্রতিদিন সাড়ে ৩ হাজার মানুষ অনলাইনে খাবার ক্রয় করছে। এ নতুন ব্যবসা পদ্ধতিতে কোনরূপ মধ্যস্বত্বভোগীর সাহায্য ছাড়া শুধুমাত্র আইসিটি এবং ই-বাণিজ্য সম্পর্কিত মৌলিক জ্ঞান অর্জনের মাধ্যমে সম্পৃক্ত হওয়া যাবে। এ প্রেক্ষিতে, সরকারের ভিশন-২০২১ : ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের প্রক্রিয়া অধিকতর বেগবান হবে এবং সারা দেশে রপ্তানীযোগ্য বহুমুখী শিল্প প্রতিষ্ঠা, পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ, পণ্যের প্রাধিকার নির্ধারণসহ বিভিন্ন কর্মকান্ড গতিশীল হবে।

৯০,০০০ কোটি টাকা	কোভিডের কারণে বিশ্ব অনলাইন কেনাকাটায় অতিরিক্ত ব্যয়
২৫-৩০%	২০২০ সাল থেকে ২০২১ সালে বিদেশি
৩,৫০০	দৈনিক অনলাইনে খাবার অর্ডারের মানুষের সংখ্যা

Source: Mastercard

www.exambd.net

বাংলাদেশে খেলাপি ঋণের সংকট (Non-performing Loan-NPL Crisis in Bangladesh)

"A nonperforming loan (NPL) is one in which payments of either interest or principal have not been made for a set number of days, for whatever reason."

~ International Money Fund (IMF)

কেলেঙ্কারি, জালিয়াতি, হলমার্ক, বেসিক ব্যাংক, ফারমার্স ব্যাংক, খেলাপি ঋণ এরকম বেশ কিছু শব্দ ও নামের সাথে কম বেশি হয়ত অনেকেই পরিচিত। এর কবলে পড়ে বাংলাদেশের ব্যাংক খাত গত কয়েক বছর ধরে চরম সংকটে রয়েছে।

বাংলাদেশে খেলাপি ঋণের সংকট:

আমাদের বর্তমান ব্যাংকিং সংস্কৃতিতে কয়েকটি প্রবণতা উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। মুনাফা বৃদ্ধি করার তীব্র প্রতিযোগিতায় ব্যাংকগুলো পূর্বাপর বিবেচনা এবং প্রতিষ্ঠানের প্রকৃত প্রয়োজন নিরূপণ না করে কেবল ঋণ বৃদ্ধির জন্য যে হারে স্বেচ্ছাপ্রণোদিত হয়ে ঋণ বিতরণ করে আসছে, সেটিই খেলাপি ঋণ বৃদ্ধির প্রধান কারণ। অবাধ ঋণ লাভের সুযোগ নিয়ে বহু প্রতিষ্ঠান ঋণের অর্থ ভিন্ন খাতে সরিয়ে ফেলে হারিয়ে ফেলেছে পরিশোধের ক্ষমতা।

সাল	খেলাপি ঋণ (টাকা)
২০০৯	২২,১২৪ কোটি
২০১১	২২,৬৪৪ কোটি
২০১৩	৪০,৫৮৩ কোটি
২০১৫	৫১,৩৭১ কোটি
২০১৭	৭৪,৩০৩ কোটি
২০১৯	৯৪,৪২৫ কোটি

সূত্র: বাংলাদেশ ব্যাংক



সাল	মোট ঋণ	খেলাপি ঋণের পরিমাণ	বৃদ্ধির হার
২০০৯	২ লাখ ৫৩ হাজার কোটি টাকা	২২,১২৪ কোটি টাকা	যেখানে ঋণ বৃদ্ধির হার ২৮২%, সেখানে খেলাপি ঋণ বৃদ্ধির হার ৩২৭%
২০১৯	৯ লাখ ৬৮ হাজার কোটি টাকা	৯৪,৪২৫ কোটি টাকা	

২০০৯ থেকে ২০১১ সাল পর্যন্ত মোট খেলাপি ঋণ ২২ হাজার কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ ছিল, পরের বছরেই তা প্রায় দ্বিগুণ বেড়ে ৪৩ হাজার কোটিতে উন্নীত হয়। ২০১২ সালে ঋণ পুনঃতফসিলীকরণের জন্য বিশেষ ছাড় দেওয়ার কারণে ২০১৩ সালে খেলাপি ঋণ ৪০ হাজার কোটিতে নেমে এসেছিল, তার পরের বছর থেকে বাড়তে বাড়তে ২০১৮ সালে দেখা যায়, অবলোপনকৃত ঋণের পরিমাণ ১ লাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে।

খেলাপি ঋণ সৃষ্টির কারণসমূহ:

১) ব্যাংকগুলোর অদক্ষ ব্যবস্থাপনা, বাচবিচারহীনভাবে ঋণ প্রদান এবং কর্তৃপক্ষের চাপিয়ে দেয়া অতিরিক্ত মুনাফা অর্জনের টার্গেট খেলাপি ঋণ সৃষ্টির জন্য অনেকাংশে দায়ী।

২) অনেক ক্ষেত্রে একটি প্রজেক্টের গুরুত্ব এবং ভবিষ্যৎ যথাযথভাবে বিবেচনা না করে ঋণ প্রদান করা হয়। অধিকন্তু ঋণ গ্রহীতা ঋণের টাকা পুরোপুরিভাবে ঐ প্রজেক্টের উন্নয়ন এবং পরিচালনায় ব্যয় করছে কিনা ব্যাংক কর্তৃপক্ষ তা মনিটরিং করে না।

৩) আবার দেখা যায় একজন গ্রাহক তার গ্রহণকৃত ঋণ থেকে বিরাট একটি অংশ অন্য কাজে যেমন জমি কেনা, দামি গাড়ি কেনা এবং বিলাসবহুল বাড়ি তৈরির জন্য ব্যয় করে। ফলে প্রয়োজনীয় এবং পুরোপুরি অর্থ যথাযথভাবে শিল্পপ্রতিষ্ঠানে ব্যয় না হওয়ার কারণে উক্ত শিল্পপ্রতিষ্ঠান যথাসময়ে উৎপাদনে যেতে পারে না। ফলে ঐ শিল্প দুর্বল হয়ে পড়ে এবং ঋণগ্রহীতা যথাসময়ে ঋণ পরিশোধ করতে পারে না। এ অবস্থায় খেলাপি ঋণের সৃষ্টি হয়।

৪) অনেক ক্ষেত্রে একটি শিল্পপ্রতিষ্ঠানের জন্য ঋণ গ্রহণ করার সময় ঐ প্রতিষ্ঠানের মূল্য নির্ধারণ করা হয় প্রয়োজনের তুলনায় অনেক বেশি। সুতরাং অতিরিক্ত ঋণ প্রদান শুরুতেই খেলাপি ঋণের সুযোগ সৃষ্টি করে।

৫) প্রয়োজনের তুলনায় কম ঋণ প্রদান ও অনেকক্ষেত্রে খেলাপি ঋণ সৃষ্টি করে। কারণ পরিমাণমত ঋণ না পাওয়ায় গ্রাহক প্রজেক্ট কমপ্লিট করতে পারেন না। ফলে আয় হয় না এবং গ্রাহক ব্যাংকের ঋণ শোধ করতে পারেন না। ফলে এখানেও খেলাপি ঋণের সৃষ্টি হয়।

www.exambd.net

২৭) কিছু সুদ মওকুফ করে ঋণ আদায়ের চেষ্টা করা।

২৮) অর্থঋণ আদালতে মামলা করে খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা করা।

বাংলাদেশের ব্যাংকিং ও আর্থিক খাতে সুশাসন চর্চা অতি গুরুত্বপূর্ণ। ঋণ প্রদান, পর্যবেক্ষণ, ঝুঁকি ব্যবস্থাপনা, ভাল গ্রাহক সেবা, পর্যাপ্ত অটোমেশন, স্বচ্ছতা এবং স্টেকহোল্ডারদের সম্পদ ও মান বৃদ্ধি অর্জন করার জন্য ব্যাংকের ঋণ নীতিমালায় সুশাসন নিশ্চিত করতে হবে।

চতুর্থ শিল্পবিপ্লব

"The Fourth Industrial Revolution, finally, will change not only what we do but also who we are. It will affect our identity and all the issues associated with it: our sense of privacy, our notions of ownership, our consumption patterns, the time we devote to work and leisure, and how we develop our careers, cultivate our skills, meet people, and nurture relationships."

— Klaus Schwab (Book: The Fourth Industrial Revolution)

৪র্থ শিল্পবিপ্লব/ডিজিটাল বিপ্লব: ৪র্থ শিল্প বিপ্লবের জনক বলা হয় ক্লাউস সোয়াব (Klaus Schwab) কে। তিনি ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের চেয়ারম্যান। তার লেখা দ্যা ফোর্থ ইনডাস্ট্রিয়াল রেভোলেশন নামক বইয়ে তিনি বিষয়টি বিস্তর আলোচনা করেছেন। আগেকার বিপ্লবগুলোর মূলকেন্দ্র ছিল কৃষিপ্রাণী, শক্তি, রাজনৈতিক কারণ,ভূগোলিক পরিবর্তন ইত্যাদি। কিন্তু ৪র্থ শিল্পবিপ্লব অনেকাংশেই ভিন্ন। ৪র্থ শিল্পবিপ্লবের মূল নিয়ামক হিসাবে কাজ করছে প্রযুক্তি এবং এর ব্যবহার, দক্ষতা, চিন্তাশক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা।

চিত্র: চার শিল্পবিপ্লব

চার শিল্পবিপ্লব:

প্রথম: ১৭৮৪ সাল, বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কার
দ্বিতীয়: ১৮৭০ সাল, বিদ্যুতের আবিষ্কার
তৃতীয়: ১৯৬৯ সাল, ইন্টারনেটের আবিষ্কার
চতুর্থ: ডিজিটাল বিপ্লব

পূর্ববর্তী শিল্পবিপ্লবসমূহ:

- **প্রথম শিল্পবিপ্লব:**
  মূল প্রভাবক: বাষ্পীয় ইঞ্জিন
  ফলাফল: উৎপাদন শিল্পের সম্প্রসারণ
- **দ্বিতীয় শিল্পবিপ্লব:**
  মূল প্রভাবক: বিদ্যুতের উদ্ভাবন ও ব্যবহার
  ফলাফল: উৎপাদন শিল্পের আমূল পরিবর্তন
- **তৃতীয় শিল্পবিপ্লব:**
  মূল প্রভাবক: কম্পিউটার ও ইন্টারনেট প্রযুক্তি
  ফলাফল: বিভিন্ন শিল্পে অভাবনীয় পরিবর্তন

৪র্থ শিল্প-বিপ্লবের ইতিবাচক প্রভাব:

১। প্রতিনিয়ত নতুন প্রযুক্তি আসছে । যেগুলো আগে বাজারে এসেছে সেগুলোও উন্নত হচ্ছে ক্রমান্বয়ে।

২। জ্ঞানাঅর্জন ও জ্ঞান দানের সিস্টেমটাই পাল্টে দিচ্ছে। জ্ঞানার্জনের পাশাপাশি দক্ষতা অর্জনও সমান গুরুত্ব পাচ্ছে । বিশ্বময় পরিবর্তন হচ্ছে পাঠ্যপুস্তক। গুরুত্ব পাচ্ছে নতুন উদ্ভাবন। পুঁথিগত বিদ্যার চেয়ে বাস্তবজ্ঞান ও দক্ষতার চাহিদা সব ক্ষেত্রে বৃদ্ধি পাচ্ছে।

৩। বিপ্লবের প্রভাবে সামাজিক যোগাযোগ মাধ্যমের জনপ্রিয়তা বৃদ্ধি লক্ষ্যণীয়। ফেসবুক, টুইটার, ইউটিউব, ইন্টারনেট ব্যবহারকারী বেড়েছে। অনলাইন মাধ্যমে মত প্রকাশের স্বাধীনতা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি।

৪। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে এখন দোকান বুকিং, অগ্রিম টাকা প্রদান, ভাড়া ইত্যাদি পুরাতন পদ্ধতি। বাজার ব্যবস্থা এখন অনলাইন মাধ্যমেই হয়। বাংলাদেশ থেকে ২০১৭ সালেই কর্মাসমার্কেটগুলো বিজ্ঞাপন থেকে আয় করেছে প্রায় ৯০০ কোটি টাকা। ১,৩৩,৫৭১টি অনলাইন ভিত্তিক ওয়েবসাইট থেকে ২০২১ সালের মধ্যে আয় পৌঁছাতে পারে ৭০ বিলিয়ন বা ৭ হাজার কোটি টাকায়।

www.exambd.net

মুদ্রানীতি

"মুদ্রানীতি হতে হবে তথ্যনির্ভর, অর্থের আদান-প্রদানের সুসম্পর্কিত বিবরণী এবং সর্বোপরি এটাই নিশ্চিত করবে যে, এই নীতি মুদ্রাস্ফীতির অস্থিরতাবর্জিত।"

– গীতা গোপিনাথ

(প্রধান অর্থনীতিবিদ, আন্তর্জাতিক মুদ্রা তহবিল)

মুদ্রানীতি হল একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং স্থিতিশীলতা রক্ষার জন্য দেশের আর্থিক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত নীতি যা দেশের অর্থনীতিতে অর্থ সরবরাহ নিশ্চিত ও নিয়ন্ত্রণ করে। মুদ্রানীতি দেশের মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, কর্মসংস্থান বৃদ্ধি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করতে সুদের হার এবং অর্থ সরবরাহ নিয়ন্ত্রণ করে। একটি দেশের কেন্দ্রীয় ব্যাংক বা স্বাধীন কোন প্রতিষ্ঠান আর্থিক কর্তৃপক্ষ হিসেবে মুদ্রানীতি প্রণয়ন করে। যেমন বাংলাদেশ ব্যাংক বাংলাদেশের এবং ভারতীয় রিজার্ভ ব্যাংক ভারতের আর্থিক কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করে থাকে। দেশের সরকারের পক্ষে কেন্দ্রীয় ব্যাংক মুদ্রানীতি প্রণয়ন ও পরিচালনা করে থাকে। কেন্দ্রীয় ব্যাংক সামষ্টিক, অভ্যন্তরীণ এবং বৈশ্বিক অর্থনীতির অবস্থা বিবেচনা করে এবং বর্তমান অবস্থা বিবেচনায় নিয়ে ভবিষ্যৎ অর্থনীতির অবস্থা অনুমান করে মুদ্রানীতি প্রণয়ন করে থাকে।

মোটামুটিভাবে প্রায়োগিক দিকসমূহ বিবেচনায় মুদ্রানীতি অন্য তিনটি নীতির উপর নির্ভর করে-

(ক) রাজস্বনীতি (Fiscal policy),

(খ) লেনদেন ভারসাম্যনীতি (Balance of payment Policy) এবং

(গ) ব্যক্তিখাতে ঋণ সরবরাহনীতির (Private Sector Credit Policy) উপর।

দেশের সামষ্টিক অর্থনৈতিক লক্ষ্যসমূহ অর্জনে মুদ্রানীতি এবং উল্লেখিত এই নীতিগুলোর মাঝে সমন্বয়ের প্রয়োজন পড়ে। আবার এই নীতিগুলো কেমন হবে, কেমন এদের মধ্যকার সমন্বয় হবে, তা নির্ভর করে দেশটি দেশীয় ও আন্তর্জাতিক কোনো অর্থনৈতিক বা অনার্থনৈতিক অভিঘাতের ভেতর দিয়ে যাচ্ছে কিনা তার উপর। যদিও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের অনুমান অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের প্রবৃদ্ধির চাকা প্রায় সব দেশেই সচল হবে। বিশ্বের গড় প্রবৃদ্ধি বাড়বে ৫ দশমিক ৪ শতাংশ। আর উদীয়মান ও উন্নয়নশীল দেশসমূহে তা বেড়ে ৫ দশমিক ৯ শতাংশ হবে। এই অনুমানের পেছনেও অনিশ্চিত ভবিষ্যতের শঙ্কা রয়েছে।

মুদ্রানীতির মূল দুইটি লক্ষ্য হচ্ছে-

(ক) নির্দিষ্ট সিলিং এর ভেতর মূল্যস্ফীতি সীমিত রাখা এবং

(খ) প্রকৃত জিডিপির প্রবৃদ্ধির লক্ষ্য অর্জনে সাহায্য করা।

তাই, সাধারণভাবে মূল্যস্ফীতি, প্রকৃত প্রবৃদ্ধি ও মুদ্রা চাহিদার প্রবৃদ্ধি নির্ধারণ করে কোন বছরে ব্যাপক মুদ্রা সরবরাহের (Broad money) প্রবৃদ্ধি কতটা হবে। তাই, সাধারণভাবে বলা হয়- যেকোনও অর্থবছরে ব্যাপক মুদ্রা সরবরাহের (Broad money) প্রবৃদ্ধি নমিনাল জিডিপির সমান হওয়াটাই কাঙ্খিত। এই নমিনাল জিডিপির প্রবৃদ্ধির সাথে মুদ্রা চাহিদার প্রবৃদ্ধি সমন্বিত হয়েও কখনও ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি নির্ধারণ করা হয়।

মুদ্রানীতির লক্ষ্যসমূহ:

সকল দেশের মুদ্রানীতির লক্ষ্য বা উদ্দেশ্য এক নয়। মুদ্রানীতির লক্ষ্য ও উদ্দেশ্য কি হওয়া উচিত তা মূলত দেশের অর্থনৈতিক অবস্থার উপর নির্ভর করে। যেমন একটা উন্নত দেশের মুদ্রানীতি ও একটা অনুন্নত দেশের মুদ্রানীতি একরকম হবে না। তবে সাধারণত, প্রায় সকল দেশের মুদ্রানীতির প্রধান লক্ষ্যগুলো হচ্ছে-

- ❖ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা;
- ❖ যুক্তিসঙ্গত মূল্য স্থিতিশীলতা;
- ❖ ব্যবসায় চক্র স্থিতিশীল রাখা;
- ❖ অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করা;
- ❖ বিনিময় হার স্থিতিশীলতা;
- ❖ সুদের হার নিয়ন্ত্রণ এবং
- ❖ বেকারত্ব হ্রাস করা।

দেশের আর্থিক কর্তৃপক্ষ বা কেন্দ্রীয় ব্যাংক মূলত এই লক্ষ্য নিয়ে মুদ্রানীতি প্রণয়ন ও পরিচালনা করে। যখন মূল্যস্ফীতি এবং সুদের হার নিয়ন্ত্রণ করা সম্ভব হয়, তখন বেকারত্ব হ্রাস পায় অর্থাৎ কর্মসংস্থান বৃদ্ধি পায়। সেই সাথে অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় থাকে। [৭]

www.exambd.net

কোভিড-১৯ মোকাবেলায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অথবা কোভিড-১৯ মোকাকেলায় ব্যাংকগুলোর ভূমিকা অথবা অর্থনীতি পুনরুদ্ধারে সরকার ও বাংলাদেশ ব্যাংকের ভূমিকা

মহামারী করোনায় বিপর্যস্ত অর্থনীতি পুনরুদ্ধারের চেষ্টা করছে সরকার ও বাংলাদেশ ব্যাংক। কমানো হয়েছে সিআরআর, নীতি সুদের রেপো ও ব্যাংক রেট প্রণোদনা প্যাকেজের ঋণ সুবিধা নিয়ে যাতে ব্যবসা-বাণিজ্য যথাসময়ে শুরু করা যায়, সে জন্য সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ব্যবসায়ী ও শিল্পোদ্যোক্তাদের ঋণ বিতরণের নিদেশ দিয়েছে বাংলাদেশ। এ ছাড়া করোনার সময়জুড়ে অর্থনৈতিক কার্যক্রম চালু রাখতে একদিনের জন্য ব্যাংক বন্ধ রাখা হয়নি।

করোনাকালীন অর্থনীতি চাঙ্গা করতে চলিত অর্থবছরে জন্য সম্প্রসারণমুখী মুদ্রানীতি ঘোষণা করা হয়েছে। এতে বাজারে আরও সস্তায় অর্থের জোগান বাড়ানোর কৌশল নেওয়া হয়েছে। অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধারে বাংলাদেশ ব্যাংক থেকে একের পর এক নীতি সহায়তা দেওয়া হয়েছে। যার ইতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে অর্থনীতিতে। স্থবির আমদানি ও রপ্তানিতে গতি আসছে। মহামারীতে রেমিট্যান্স বেড়েছে স্বাভাবিক গতিতে। বৈদেশিক মুদ্রার রিজার্ভও হয়েছে একের পর এক রেকর্ড। দেশের ইতিহাসে সর্বোচ্চ বৈদেশিক রিজার্ভ ৪৮ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে (আগস্ট, ২০২১)।

প্রাণহীন অর্থনীতিতে গতি ফেরাতে প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে সরকার ও ব্যাংক। প্যাকেজ বাস্তবায়নে ব্যাংক গুলো যাতে কোনো ধরনের সংকটে না পড়ে সে জন্য বাজারে তারল্যপ্রবাহ নিশ্চিত করা হয়েছে। নিচে কিছু প্রণোদনা প্যাকেজের চিত্র তুলে ধরা হলো:

- করোনার অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় ৫ এপ্রিল, ২০২০ বিভিন্ন খাতে ৭২ হাজার ৭৫০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে প্রধানমন্ত্রী যার ৭৫ হাজার কোটি টাকার জোগান দিচ্ছে বাংলাদেশ ব্যাংক।

- প্রধানমন্ত্রী ঘোষিত প্যাকেজের মধ্যে বড় শিল্প ও সেবা খাতে ৩০ হাজার কোটি টাকা এবং ক্ষুদ্র ও মাঝারি খাতে ৩০ হাজার কোটি টাকা তহবিল গঠন।
- CRR দুই দফায় দেড় শতাংশ কমিয়ে ৪% করা হয়েছে। প্রথমে ৫.৫% থেকে ৫% এবং পরবর্তীতে ৫% থেকে ৪%-এ নামানো হয়।



- ব্যাংকগুলো যাতে সংকটে না পড়ে তার জন্য Repo rate ৪.৭৫% করা হয়েছে। ১৭ বছর পর ব্যাংক রেট কমিয়ে ৪% করা হয়েছে।
- ১৮০ দিন বাড়ানো হয়েছে ব্যাক-টু-ব্যাক এলসির আওতায় স্বল্পমেয়াদি ক্রেডিটের মেয়াদ।

www.exambd.net

এলএসডি মাদক (Lysergic Acid Diethylamide) ও পরিণতি

যুক্তরাষ্ট্রের অনলাইন ফার্মাসিউটিক্যাল এনসাইক্লোপিডিয়া ড্রাগস ডটকমের ওয়েবসাইট থেকে জানা যায়, লাইসারজিক অ্যাসিড থেকে তৈরি করা হয় এলএসডি। এই অ্যাসিড বিভিন্ন দানাদার শস্যে থাকা এরগোট ছত্রাকে পাওয়া যায়। ১৯৩৮ সালে বিভিন্ন উপাদানের মিশ্রণে প্রথম এলএসডি তৈরি হয়। এটি এতই শক্তিশালী যে এর ডোজগুলো সাধারণত মাইক্রোগ্রাম হিসেবে নেওয়া হয়। এটি উত্তেজক, আনন্দদায়ক। মনের ওপরও এর প্রভাব রয়েছে। কখনো কখনো এর প্রভাবে ভীতিকর অনুভূতি তৈরি হয়। এমনটা ঘটলে একে 'ব্যাড ট্রিপ' বলা হয়।

এলএসডি সেবনে কী হয়?

"আতঙ্কিত হওয়ার পাশাপাশি অতি দ্রুত অনুভূতির পরিবর্তন হওয়ার কারণেও মানুষ মানসিক ও শারীরিকভাবে অসুস্থ বোধ করতে পারে।"

-ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিন

এলএসডি নেয়ার পর সাধারণত মানুষ 'হ্যালুসিনেট' করে বা এমন দৃশ্য দেখে যা বাস্তবে নেই। অনেক সময় অলীক দৃশ্য দেখার কারণে দুর্ঘটনার শিকার হয়ে থাকে মানুষ। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিনের ভাষ্য অনুযায়ী এটি মানুষের মস্তিষ্কের সেরোটোনিন নামক রাসায়নিকের কার্যক্রম প্রভাবিত করে ব্যবহার, অনুভূতি এবং পারিপার্শ্বিকতা সম্পর্কে ধারণা পরিবর্তন করে। এলএসডি গ্রহণ করে ভুল রাস্তা দেখে দুর্ঘটনার শিকার হওয়া, বাড়ির জানালা দিয়ে লাফিয়ে পড়া বা অহেতুক আতঙ্কিত হয়ে দুর্ঘটনার শিকার হওয়ার বেশ কিছু ঘটনা নথিবদ্ধ রয়েছে।

ইউরোপের বিজ্ঞানী এবং গবেষকদের বাণিজ্যিক ওয়েবসাইট রিসার্চগেইটে ২০১৭ সালে প্রকাশিত এক গবেষণার তথ্য অনুযায়ী ১৯৫৩ থেকে ২০০৭ সালের মধ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডায় মোট ৬৪ জনের মৃত্যু হয় এলএসডি গ্রহণের পরবর্তী জটিলতায়। বিষণ্নতা বা দুশ্চিন্তায় ভোগা ব্যক্তিরা এলএসডি গ্রহণের পর আরো বেশি বিষণ্নতা বা দুশ্চিন্তায় আক্রান্ত হতে পারেন বলেও উঠে এসেছে অনেক গবেষণায়।

এটা গ্রহণের পর অনেকে মনে করেন যে তিনি সবকিছু পরিষ্কার দেখছেন এবং তার শরীরে অতিমানবিক শক্তি এসেছে। এরকম বিভ্রান্তি তৈরি হওয়ার ফলেও অনেকে নানা ধরণের দুর্ঘটনা শিকার হতে পারেন । অতিরিক্ত আতঙ্কের কারণে মানুষ অনেক সময় মনে করতে পারে যে সে শীঘ্রই মারা যাবে বা মারা যাচ্ছে। এরকম পরিস্থিতিতেও মানুষ আতঙ্কের বশবর্তী হয়ে নানা ধরণের কাজ করে থাকে যার ফলে দুর্ঘটনা ঘটতে পারে।

Reference: কালেরকণ্ঠ

বাংলাদেশে F-commerce এর জনপ্রিয়তা ও চ্যালেঞ্জসমূহ

বর্তমানে আমরা সকলেই সামাজিক যোগাযোগ মাধ্যম বা সোশ্যাল মিডিয়ার সাথে সংযুক্ত। সোশ্যাল মিডিয়া বা সামাজিক যোগাযোগ মাধ্যমের সাথে আমরা এমনভাবে প্রভাবিত হয়েছি যে কোনো নতুন খবর পেলেই আমরা তা সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করি। সোশ্যাল মিডিয়া আমাদের প্রতিদিনের জীবনে একটি উল্লেখযোগ্য মাধ্যম হয়ে দাঁড়িয়েছে যেখানে আমরা দিনের অনেকটা সময় ব্যয় করি। আর এভাবেই সোশ্যাল মিডিয়া পণ্যের বিজ্ঞাপন এবং বিক্রয় করার জন্য নবীন এবং নতুন উদ্যোক্তাদের জন্য একটি আদর্শ মাধ্যম হয়ে দাঁড়িয়েছে। এই কৌশলটিকেই E-Coomerce বলা হয়। বিভিন্ন ধরনের সোশ্যাল মিডিয়া ই-কমার্সের অন্তর্ভুক্ত যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব, পিন্টারেস্ট প্রভৃতি।

বিভিন্ন সোশ্যাল মিডিয়ার এর মধ্যে ফেসবুকের জনপ্রিয়তা সবচেয়ে বেশি এবং এটাই একটি নতুন বিজনেস প্লাটফর্ম তৈরি করেছে যাকে আমরা বলছি F-commerce। এটি এমন একটি মাধ্যম যেখানে অনলাইনে উদ্যোক্তারা তাদের কাস্টমারদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন। এছাড়াও ফেসবুকের বাইরে অন্য কোনো ই-কমার্স প্লাটফর্ম কে প্রমোট করে এর মাধ্যমে ব্যবসায়িক আদান প্রদান করা যায়।

একটি রিপোর্টে দেখা গিয়েছে যে, আমরা প্রতিদিন ২ ঘন্টা ২৪ মিনিট করে সোশ্যাল মিডিয়াতে সময় ব্যয় করি।

বাংলাদেশে F-Commerce এর জনপ্রিয়তার কারণ:

১) বাংলাদেশের ৯৩% সোশ্যাল মিডিয়া ব্যবহারকারী ফেসবুক ব্যবহার করেন।
২) সোশ্যাল মিডিয়া মাধ্যম হিসেবে ফেসবুক ব্যবহার করা বেশ সহজ।

www.exambd.net

ডিজিটাল লেনদেন

"A digital transaction is a seamless system where transactions are effected without the need for cash."

প্রায় তিন হাজার বছর ধরে, মানুষ অর্থ বলতে নগদ অর্থই বুঝে এসেছে। কিন্তু সেই বাস্তবতার পুরোটাই এখন ক্রমে বদলে যাচ্ছে। গত এক দশকে বিশ্বজুড়ে ডিজিটাল লেনদেনের জয় জয়কার দেখা যাচ্ছে। অবস্থা এমন দাঁড়িয়েছে যে, হয়তো কিছুদিন পর নগদ অর্থের জায়গা হবে জাদুঘরে!

নানা ধরনের লেনদেন ডেবিট-ক্রেডিট কার্ড বা মোবাইলের ব্যবহার এখন একটি নিয়মিত ও স্বাভাবিক বিষয়ে পরিণত হয়। ধনী দেশগুলোতে নগদ অর্থের ব্যবহার ক্রমান্বয়ে কমছে। স্বল্পোন্নত, উন্নয়নশীল ও অনুন্নত দেশগুলোতেও নগদ অর্থের ব্যবহার কমছে। ব্লুমবার্গের করা নিউ ইকোনমিক ফর্ম পরিসংখ্যান অনুযায়ী, বিশ্বব্যাপী নগদ অর্থ ব্যবহারের পরিমাণ ২০১৩ সালে ছিল ৮৯ শতাংশ।



বাংলাদেশেও বিভিন্ন মোবাইল ব্যাংকিং এর ফলে নগদ লেনদেনের পরিমাণ ক্রমহ্রাসমান। এক্ষেত্রে Visa card, B-kash ও Rocket অবদান সর্বাধিক। চীনে ডিজিটাল লেনদেনের পরিমাণ ২০১২ সালে ছিল মোটে ৪ শতাংশ। কিন্তু ২০১৭ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৩৪ শতাংশে। ভারতেও সরকারের পক্ষ থেকেই ডিজিটাল লেনদেনে উৎসাহ দেওয়া হচ্ছে। তাতে ফলও মিলছে।

ডিজিটাল লেনদেনের সুবিধা :

১) অর্থের দ্রুত ও নিরাপদ হস্তান্তর।
২) নগদ অর্থ বহনের ঝুঁকি নেই।
৩) আর্থিক প্রতিষ্ঠানের ব্যয় সাশ্রয়।
৪) অপরাধমূলক কর্মকাণ্ডে অর্থায়ন বন্ধ করা যায়।
৫) লেনদেনের প্রতিটি ধাপ চিহ্নিত।

ডিজিটাল লেনদেনের অসুবিধা :

১) **সাইবার আক্রমণের আশঙ্কা:** ডিজিটাল লেনদেনের প্রতিটি ধাপ চিহ্নিত এবং রেকর্ড করা যায়। ফলে এই বিপুল তথ্যের নাগাল অনাকাঙ্ক্ষিত যদি কেউ পেয়ে যায়, তবে সর্বনাশের কারণও হতে পারে।
২) **গোপনীয়তার চ্যালেঞ্জ:** সরকারি কর্তৃপক্ষও চাইলে যে কোনো ব্যক্তির আয়-ব্যয়ের হিসাব জানতে পারে। জানতে পারে সংশ্লিষ্ট ব্যক্তিগত তথ্যও। ফলে গ্রাহকের তথ্যের গোপনীয়তা রক্ষা করা কঠিন হয়ে পড়ছে।
৩) **অর্থ খোয়া যাওয়ায় ভয়:** পরিচয় চুরি করলে যা প্রয়োজনীয় পাসওয়ার্ড পেলেই যে কেউ অন্যের পরিচয় ধারণ করতে পারে।

কেন নগদ অর্থ জনপ্রিয়তা হারাচ্ছে?

১) তথ্যপ্রযুক্তির অভাবনীয় উন্নতি এবং ইন্টারনেটে ও মোবাইল ফোনের প্রসারও এক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে। নরওয়ে ও ডেনমার্কে প্রায় ৯৭ শতাংশ মানুষ ইন্টারনেট ব্যবহার করে থাকে এবং এই পরিস্থিতি দেশ দুটিতে নগদ অর্থের ব্যবহার কমে যাওয়ার অন্যতম কারণ। ২০১৫ সালের মধ্যে বিশ্বব্যাপী মোবাইল গ্রাহকের সংখ্যা ৫৯০ কোটিতে পৌঁছাবে। বিশ্বের মোট জনসংখ্যার হিসাবে তা প্রায় ৭১ শতাংশ। মোবাইল ফোনের প্রসারের ফলে মানুষ মোবাইলভিত্তিক ডিজিটাল লেনদেনের আওতাভুক্ত হতে পারছে। যেমন চীনে এরই মধ্যে 'মোবাইল ওয়ালেট' ব্যবহারকারীর সংখ্যা ১০০ কোটি ছাড়িয়ে গেছে।

২) আগে নগদ অর্থের একাধিপত্যের যুগে ব্যাংক বা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানকে নানা ধরনের অবকাঠামো রক্ষা করে চলতে হতো, রাখতে হতো অজস্র কর্মী। এখন তা পুষিয়ে দিচ্ছে ইন্টারনেট, কম্পিউটার প্রোগ্রাম, সার্ভার ইত্যাদি। ফলে অবকাঠামো ও কর্মী ধরে রাখার ব্যয়বহুল কর্মযজ্ঞ থেকে সরে আসতে পারছে আর্থিক প্রতিষ্ঠানগুলো। এই কারণে আর্থিক প্রতিষ্ঠানগুলোও নগদ অর্থের ব্যবহার কমিয়ে বেশি ঝুঁকছে ডিজিটাল লেনদেনের দিকে।

৩) নগদ অর্থের উৎপাদন, বাজারে সরবরাহ ও রক্ষণাবেক্ষণও ব্যয়বহুল। এক হিসাবে দেখা গেছে, ধনী দেশগুলোতে মুদ্রা উৎপাদন, রক্ষণাবেক্ষণ এবং বাজারে সরবরাহের পেছনে মোট জিডিপির প্রায় ০.৫ শতাংশ খরচ হয়। কিন্তু ডিজিটাল লেনদেন ব্যবস্থায় সেই সমস্যা নেই, সুরক্ষিতও বেশ।

www.exambd.net

এছাড়াও ই-পাসপোর্টের অন্যান্য সুবিধাসমূহ হলো-

- ই-পাসপোর্টের মেয়াদ পাঁচ এবং দশ বছরের জন্য হবে।
- জার্মান কোম্পানি ভেরিডোসের দুই মিলিয়ন ই-পাসপোর্ট তৈরি করবে। যারা প্রথমে আবেদন করবেন তাদের পাসপোর্ট জার্মানি থেকে তৈরি করা হবে।
- খুব দ্রুত ও সহজে ভ্রমণকারীরা যাতায়াত করতে পারবেন। ই-গেট ব্যবহার করে তারা যাতায়াত করবেন। ফলে বিভিন্ন বিমানবন্দরে তাদের ভিসা চেকিংয়ের জন্য লাইনে দাঁড়াতে হবে না। এর মাধ্যমে দ্রুত তাদের ইমিগ্রেশন হয়ে যাবে।
- ভ্রমণকারী ই-পাসপোর্ট ব্যবহার করে যাতায়াত করবেন, সঙ্গে সঙ্গে সেটি কেন্দ্রীয় তথ্যাগারের (পাবলিক কি ডাইরেক্টরি-পিকেডি) সঙ্গে যোগাযোগ করে তার সম্পর্কে তথ্য জানতে পারবে।
- এই পদ্ধতিতে ৩৮ লেয়ার বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা থাকায় কোন জাল বা সমস্যা যুক্ত পাসপোর্টধারী এই নিরাপত্তা বলয় অতিক্রম করতে পারবে না। এতে করে সন্ত্রাসবাদ সহ অন্যান্য অপরাধ প্রবণতা অনেকাংশেই কমে যাবে এটা নিশ্চিত ভাবেই বলা যায়।
- এই সিস্টেম পরিচালিত হবে ইন্টারন্যাশনাল সিভিল অ্যাভিয়েশন অরগানাইজেশন (আইসিএও) দ্বারা। একারণে সেন্ট্রাল ডাটাবেজ থেকে দেশের পুলিশ প্রশাসন, ইন্টারপোল ও বিভিন্ন বিমান বন্দর ও স্থলবন্দর অথোরিটি সহজেই এই সব তথ্য যাচাই করতে পারবে।
- দীর্ঘদিনের প্রবাসী বাঙ্গালিদের বিমানবন্দর হয়রানির বিষয়টি অনেকাংশেই লাঘব হবে আশা করা যায়। ই-পাসপোর্ট ব্যবহার করতে সারাদেশে বিভিন্ন স্থল, নৌ ও বিমানবন্দর মোট ৫০টি 'ই-গেট' স্থাপন করা হবে। এরমধ্যে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ২৬টি, চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ৮টি, সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে ৮টি, বেনাপোল স্থলবন্দরে ৪টি, বাংলাবান্ধা স্থলবন্দরে ৪টি ই-গেট স্থাপন করা হবে। প্রাথমিকভাবে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৯টি ই-গেট চালু করা হচ্ছে।

ই-পাসপোর্ট একটি অত্যন্ত নিরাপত্তা সংবলিত একটি ব্যবস্থা। যে কারণে বিশ্বের বেশিরভাগ দেশ এখন ই-পাসপোর্ট ব্যবহার শুরু করেছে। আমরাও সেই তালিকায় যুক্ত হতে হয়েছি। ফলে, এর মধ্য দিয়ে সারাবিশ্বে বাংলাদেশের পার্সপোর্টের গ্রহণযোগ্যতা আরও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

সি মেডিকেল ফ্যাসিলিটি নামে একটা গ্রুপ তৈরি করেছে। চীনের এই গ্রুপে আছে বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলঙ্কা, আফগানিস্তান ও নেপাল। এই দেশগুলোর সঙ্গে আবার কোয়াডভুক্ত দেশগুলোর ভূ-রাজনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক রয়েছে। ফলে চীন ও কোয়াডের মাঝখানে দক্ষিণ এশিয়ার দেশগুলোকে ভারসাম্য করতে বেশ বেগ পেতে হবে।

Reference: দৈনিক সংবাদ (২২ মে, ২০২১)

অর্থনীতির কোন অর্জনটি বড়

দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে ই-পাসপোর্টের জগতে নাম লেখালো বাংলাদেশ।

বিশ্বব্যাপী দেশ আছে অনেক, গ্রুপও কম নেই। কেউ উন্নত দেশ, কেউ অনুন্নত। আবার তৃতীয় বিশ্বের দেশ বলেও এক গ্রুপের কথা অনেক বছর ধরেই চালু আছে। বিশেষ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ঠান্ডা যুদ্ধের সময় যারা পুঁজিবাদের মার্কিন বলয় বা সমাজতন্ত্রের সোভিয়েত বলয়ের মধ্যে ছিল না, তাদেরই বলা হতো তৃতীয় বিশ্ব। বাংলাদেশ শুরু থেকেই উন্নয়নশীল দেশ। তবে উন্নয়নশীল দেশ কারা, এর সুনির্দিষ্ট সংজ্ঞা না থাকলেও একটি দেশ কীভাবে এলডিসি থেকে বের হয়ে যাবে, তা বলা আছে। সাধারণভাবে বলা হয়, উন্নয়নশীল দেশ তারাই, যাদের শিল্প খাতের ভিত্তি কম উন্নত এবং মানবসম্পদ উন্নয়নেও পিছিয়ে আছে। আবার উন্নয়নশীল দেশের মধ্যেও কয়েকটি উপবিভাগ আছে। যেমন স্বল্পোন্নত দেশ (এলডিসি), স্থলবেষ্টিত দেশগুলো নিয়ে ল্যান্ডলকড ডেভেলপিং কান্ট্রিজ (এলএলডিসি), ছোট দ্বীপরাষ্ট্রগুলো নিয়ে আছে স্মল আইল্যান্ড ডেভেলপিং স্টেটস (এসআইডিএস)। এর উল্টো দিকে আছে উচ্চ আয়ের দেশ বা উন্নত দেশ। স্বল্পোন্নত দেশ বা এলডিসি থেকে উত্তরণের সুপারিশ পাওয়া বড় অর্জন।

এলডিসি থেকে উত্তরণ	১৯৭১ সালের ১৮ নভেম্বর। নিউইয়র্কে জাতিসংঘের ২৬তম সাধারণ অধিবেশনে ঠিক করা হয়, অর্থনীতিতে পিছিয়ে থাকা দেশগুলোকে আলাদা শ্রেণিভুক্ত করতে হবে। উদ্দেশ্য আন্তর্জাতিক সহায়তা পাওয়া, যাতে দেশগুলো সংকট থেকে পরিত্রাণ পেতে পারে। সেদিনই আনুষ্ঠানিকভাবে স্বল্পোন্নত দেশ বা এলডিসি নামে ২৪টি দেশকে তালিকাভুক্ত করা হয়। বাংলাদেশ তখনো স্বাধীন হয়নি। স্বাধীন হওয়ার পরও যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের টিকে থাকা নিয়ে তখন অনেকেরই সংশয়। সেই বাংলাদেশ এলডিসিভুক্ত হয় ১৯৭৫ সালের এপ্রিলে। সেই বাংলাদেশ এলডিসি থেকে উত্তরণের সুপারিশ পেল ২০২১ সালে, ৪৫ বছর পরে। তবে এখনো বাংলাদেশকেই এলডিসি বলতে হবে। ২০২৬ সালের পর বলা যাবে বাংলাদেশ আর স্বল্পোন্নত দেশ নয়।

www.exambd.net

৫. **বুথ সুবিধা ঃ** সবার কাছে ব্যাংকিং সেবা পৌঁছে দিতে ২১টি ব্যাংক বুথ থেকে টাকা উঠানোর সুবিধা চালু রেখেছে। বাংলাদেশ ব্যাংকের হিসাব অনুসারে, সারা দেশে ২১টি ব্যাংকের মোট ৩৫৫ টি বুথ চালু হয়েছে। সর্বোচ্চ বুথ রয়েছে ডাচ বাংলা ব্যাংকের।

৬. **অ্যাপস সেবা ঃ** সম্প্রতি সোনালী ব্যাংক 'সোনালী ই-সেবা' নামের নতুন অ্যাপস চালু করেছে। এই অ্যাপস থেকে টাকা স্থানান্তর, বিল পরিশোধ, সরকারি ভাতা ও ভর্তুকি গ্রহণসহ ইন্টারনেট ব্যাংকিংয়ের সব সুবিধা মিলছে। এই অ্যাপের মাধ্যমে দুই মাসে প্রায় ৩০ হাজার নতুন গ্রাহক তৈরি করেছে ব্যাংকটি। একই পথ অনুসরণ করছে অন্যান্য ব্যাংকসমূহও।

৭. **ইউটিলিটি বিল পরিশোধ ঃ** ব্যাংকের মাধ্যমে গ্রাহকগণ বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাস বিল ইত্যাদি পরিশোধ করতে পারে।

৮. **অনলাইন ব্যাংকিং:** বর্তমানে সারা দেশে বিভিন্ন ব্যাংকের মোট ১০,১০৯টি শাখা রয়েছে যার মধ্যে ৮,৮৯৯ শাখাই অনলাইনে সেবা দিতে সক্ষম। বিদেশি ব্যাংকগুলোর শতভাগ শাখা অনলাইনে। সরকারি ব্যাংকগুলো ৯৮%, বেসরকারি ব্যাংকগুলোর ৯৬% ও বিশেষায়িত সরকারি ব্যাংকগুলোর ৩০% শাখা অনলাইনে সেবা দিচ্ছে।

৯. **অন্যান্য সেবাসমূহ ঃ** ঢাকা ব্যাংকের হোয়াটর অ্যাপে ব্যাংকিং সেবা, ইবিএলের ক্যাশলেস পে, সিটি ব্যাংকের ডিজিটাল ঋণ, MTB এর থ্রিন পিন, ট্রাস্টের মানি অ্যাপ ও অন্যান্য।

বিশ্ব এখন প্রতিনিয়ত আধুনিক হচ্ছে। যুগের সাথে তাল মেলাতে বাংলাদেশ ব্যাংক ইতিমধ্যে একটি ইনোভেশন সেন্টার খুলেছে যা নতুন নতুন প্রস্তাবগুলো পর্যালোচনা করে এবং সেগুলোর মান অনুসারে বাস্তবায়নের পদক্ষেপ নেয়। তাই বলা যায় একুশ শতকে এসে ব্যাংকসমূহ মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডকে করেছে গতিশীল এবং সহজ যার ফলে মানুষের জীবনযাত্রার মানও হয়েছে উন্নত।

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ

"বাংলাদেশ জাতিসংঘের এক মডেল সদস্য"

—বান কি মুন

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের নাম উজ্জ্বল নক্ষত্রের মতো জ্বলছে। দেশের লাল-সবুজ পতাকা অশান্ত দেশগুলোর মানুষের কাছে পরিচিত হয়েছে 'বাংলা বন্ধু' দেশের পতাকা হিসাবে। অশান্ত দেশগুলোতে শান্তি ফেরাতে বাংলাদেশের শান্তিরক্ষীরা মিশনে সাফল্যের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। তাদের সাফল্যের কারণে বাংলাদেশের সম্মান দিন দিন বেড়েই চলেছে। সম্প্রতি জাতিসংঘের এক প্রতিবেদনে, বাংলাদেশ শান্তিরক্ষী প্রেরণকারী দেশ হিসাবে এক নম্বর স্থানে উঠে এসেছে। বিভিন্ন মিশনে তারা রাস্তা-ঘাটসহ অবকাঠামো নির্মাণ কাজ করে যাচ্ছে। দক্ষিণ সুদানে বাংলাদেশের শান্তিরক্ষীদের তৈরি একটি রাস্তার নামকরণ করা হয়েছে 'বাংলাদেশ রোড'। অন্যদিকে বাংলাদেশের শান্তিরক্ষীরা বৈদেশিক মুদ্রা আয়ের দিক থেকেও দেশের অর্থনীতিতে বড় অবদান রাখছেন।

দেশ	মোট মিশন	বাংলাদেশের অংশগ্রহণ	চলমান
৪০টি	৫৬টি	৫৪টি	১০টি

বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষার মহান ব্রত নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে জাতিসংঘ। পর পর দুটি বিশ্বযুদ্ধের ভয়াবহতা মানব সমাজকে যুদ্ধের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে অনুপ্রাণিত করে। এই অনুপ্রেরণা থেকেই উদ্ভব হয় জাতিসংঘের। জাতিসংঘের ৬টি মূল অঙ্গ সংস্থা এবং অনেকগুলি সহযোগী সংস্থা বিশ্বশান্তি, নিরাপত্তা ও উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বৈরিতার অবসান ঘটিয়ে যুদ্ধ বিধ্বস্ত দেশে শান্তি স্থাপনের জন্য কাজ করে যাচ্ছে জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনী। বাংলাদেশ সেনাবাহিনী জাতিসংঘের এই কার্যক্রমের এক গর্বিত অংশীদার।

জাতিসংঘের শান্তিরক্ষী মিশন: বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষা করা জাতিসংঘের প্রধান কাজ। এক দেশের সাথে অন্য দেশের বিরোধ নিরসন ও মধ্যস্থতায় জতিসংঘ নিরপেক্ষ ভূমিকা পালন করে থাকে। কিন্তু অনেক দেশের অভ্যন্তরীণ বিরোধ এবং জাতিগত দাঙ্গা মোকাবিলায় এরূপ পদ্ধতি পুরোপুরি কার্যকরী নয়। সেখানে নিরাপত্তার প্রশ্নে সামরিক শক্তি প্রয়োজন। এই প্রয়োজনীয়তা থেকেই জাতিসংঘ শান্তিরক্ষা মিশন গঠিত হয়েছে।

মিশনের পরিচিতি: জাতিসংঘের নিজস্ব কোনো বাহিনী নেই। সদস্য দেশগুলোর প্রেরিত সামরিক সদস্যরাই এর প্রধান শক্তি। নিরাপত্তা পরিষদের তত্ত্বাবধানে বিভিন্ন দেশের সামরিক, বেসামরিক ও আধা-সামরিক লোকজন নিয়ে এই বাহিনী গঠিত হয়। ১৯৪৮ সালে মধ্যপ্রাচ্য সংকটকে (ইসরাইল-ফিলিস্তিন) কেন্দ্র করে প্রথম শান্তিরক্ষী বাহিনী গঠন করা হয়। এর পর থেকে যেখানে প্রয়োজন হয়েছে সেখানেই জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী প্রেরণ করেছে। অভাবক্লিষ্ট জনগোষ্ঠীর নিকট ত্রাণ পৌঁছে দেওয়া, প্রাকৃতিক দুর্যোগে মানুষকে সহায়তা করা এবং যুদ্ধ বিধ্বস্ত বিভিন্ন দেশের পুনর্গঠনে শান্তিরক্ষী বাহিনী জীবনের ঝুকি নিয়ে কাজ করছে। প্রাপ্ত তথ্যমতে জাতিসংঘ এ পর্যন্ত ৬৫ টি মিশন পরিচালনা করেছে এবং এর মধ্যে চলমান আছে ১৫টি মিশন। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী ১৯৮৮ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করে।

www.exambd.net

শান্তিরক্ষী মিশনের কাজ: জাতিসংঘের শান্তিরক্ষী মিশন যে কাজ করে তার মধ্যে প্রধান হলো- বিরোধপূর্ণ অঞ্চলে উত্তেজনা প্রশমন, যুদ্ধবিরতি চুক্তি তদারকি ও কার্যকর করা, স্থিতাবস্থা বজায় রাখা ও গণতান্ত্রিক পন্থায় নির্বাচন পরিচালনা করা, বিবাদমান গোষ্ঠীগুলির মধ্যে সমঝোতা ও চুক্তি স্বাক্ষরে রাজি করানো, ভূমি আইন অপসারণ করা, যুদ্ধ বিধ্বস্ত দেশের অবকাঠামো পুনর্গঠনে সহায়তা করা, অর্থনৈতিক পুনর্গঠন, শরণার্থী ও উদ্বাস্তুদের মানবিক সাহায্য প্রদান ইত্যাদি।

- নিরাপত্তা নিশ্চিতকরণ
- সামরিক পর্যবেক্ষক
- মাইন উদ্ধার
- আইনশৃঙ্খলা রক্ষা করা
- নির্বাচন পরিচালনায় সহায়তা করা
- মানবিক সহায়তা প্রদান
- অবকাঠামো উন্নয়ন



শান্তিরক্ষা মিশন ও বাংলাদেশ: জাতিসংঘের বিশ্বশান্তি ও শৃঙ্খলা রক্ষা কার্যক্রমে বাংলাদেশ বরাবরই সক্রিয় অংশগ্রহণকারী। শান্তিরক্ষা মিশনে জাতিসংঘের আহবানে বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে ১৯৮৮ সালের ইরান-ইরাক যুদ্ধে। সে যুদ্ধে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা ছিল প্রশংসাযোগ্য। এর পর দীর্ঘ ২৫ বছর ধরে (২০১৩ সাল পর্যন্ত) বাংলাদেশের বিভিন্ন বাহিনী যেমন- সেনা, নৌ, বিমান, পুলিশ প্রভৃতি কৃতিত্বের সাথে এই মহতী দায়িত্ব পালন করে আসছে। বাংলাদেশি এসব বাহিনী দৃঢ় মনোবল, উন্নত শৃঙ্খলা, কঠোর পরিশ্রম, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করে সবার দৃষ্টি আকর্ষণ করেছে। বাংলাদেশ বর্তমানে শান্তিরক্ষা কার্যক্রমের ১৫টি মিশনের মধ্যে ১২টিতে কাজ করছে। সব মিলে ৫৪টি মিশনে বাংলাদেশের বিভিন্ন বাহিনী অংশগ্রহণ করেছে।

জাতিসংঘের প্রতিবেদনে বলা হয়, জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে বাংলাদেশ সবচেয়ে বেশি সামরিক ও পুলিশ সদস্য পাঠানো দেশগুলোর মধ্যে প্রথম অবস্থানে রয়েছে। বাংলাদেশের ৬ হাজার ৪৭৭ জন পুরুষ ও ২৫৫ জন নারী মিলিয়ে মোট ৬ হাজার ৭৩২ জন শান্তিরক্ষী জাতিসংঘ মিশনে দায়িত্ব পালন করছেন। দ্বিতীয় অবস্থানে রয়েছে ইথিওপিয়া, এ দেশটির শান্তিরক্ষীর সংখ্যা ৬ হাজার ৬৬২ জন। রুয়ান্ডার রয়েছে ৬ হাজার ৩২২ জন। নেপাল ৫ হাজার ৬৮২ জন নিয়ে চতুর্থ অবস্থানে নেপাল, ৫ হাজার ৩৫৩ জন নিয়ে পঞ্চম অবস্থানে ভারত, পাকিস্তান ৪ হাজার ৪৪০ জন নিয়ে ষষ্ঠ অবস্থানে রয়েছে। মিশর ৩ হাজার ৯৩ জন শান্তিরক্ষী নিয়ে সপ্তম অবস্থানে রয়েছে। জাতিসংঘ শান্তিরক্ষী নানা জাতি-গোষ্ঠী থেকে আসা। ভিন্ন সংস্কৃতি আর ভাষার এসব শান্তিরক্ষীর একমাত্র লক্ষ্য থাকে ঝুঁকিপূর্ণ মানবগোষ্ঠীকে রক্ষা করা। সহিংসতা থেকে শান্তির পথে আসা দেশগুলোকে সহযোগিতা করা। জাতিসংঘের শান্তি মিশনে বাংলাদেশ অন্যতম বৃহৎ শান্তিরক্ষী জোগানদাতা দেশ। বাংলাদেশ এখন জাতিসংঘে শান্তিরক্ষী জোগানে এক নম্বর বৃহত্তম দেশ বলে জাতিসংঘ ঘোষণা করেছে।

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিভিন্ন দেশের অবস্থান		
১ম	বাংলাদেশ	৬,৭৩২ জন
২য়	ইথিওপিয়া	৬,৬৬২ জন
৩য়	রুয়ান্ডা	৬,৩২২ জন
৪র্থ	নেপাল	৫,৬৮২ জন
৫ম	ভারত	৫,৩৫৩ জন

বাংলাদেশের সেনাবাহিনীর ভূমিকা: জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের বিভিন্ন বাহিনী অংশগ্রহণ করলেও সেনাবাহিনীর ভূমিকাই প্রধান। বাংলাদেশের সেনাবাহিনীর মূলমন্ত্র হলো 'শান্তিতে আমরা, সমরে আমরা, সর্বত্র আমরা দেশের তরে'। কিন্তু আন্তর্জাতিক মিশনে বাংলাদেশের সেনাবাহিনীর অবদান দেখলে মনে হয় সারা বিশ্বের সব দেশই যেন বাঙালি সেনাবাহিনীর নিজ দেশ। সকল দেশের শান্তি ও নিরাপত্তা রক্ষাই যেন তাদের কাজ। আর তাইতো বাংলাদেশ বর্তমানে শান্তিরক্ষী বাহিনীতে সর্বোচ্চ সংখ্যক সেনা প্রেরণকারী দেশ।

জাতিসংঘের বিভিন্ন কার্যক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর উল্লেখ-যোগ্য কার্যক্রমসমূহের বর্ণনা নিচে দেওয়া হলো-

- নিরাপত্তা নিশ্চিতকরণ
- সামরিক পর্যবেক্ষক
- মাইন উদ্ধার
- আইনশৃঙ্খলা রক্ষা করা
- নির্বাচন পরিচালনায় সহায়তা করা
- মানবিক সহায়তা প্রদান
- অবকাঠামো উন্নয়ন

২৯ বছরে আয়	৪ হাজার কোটি টাকা
আয়ের খাত	৩য় বৃহত্তম

www.exambd.net

বাংলাদেশ সেনাবাহিনীর অবদানের স্বীকৃতি: জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর অবদানের স্বীকৃতি দিয়েছে জাতিসংঘ। বাংলাদেশ সেনাবাহিনীর অনেক সদস্য গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন সম্মাননায় ভূষিত হয়েছে। জাতিসংঘের মহাসচিব বাংলাদেশ সেনাবাহিনীর অকুণ্ঠ প্রশংসা করেছেন। কৃতজ্ঞতাস্বরূপ সিয়েরা লিওন বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে, লাইবেরিয়া একটি সড়কের নাম রেখেছে বাংলাদেশ স্ট্রীট। এর থেকেও বড় স্বীকৃতি ও প্রাপ্তি হলো যুদ্ধ বিধ্বস্ত দেশসমূহের সাধারণ মানুষের মুখে ফুটিয়ে তোলা হাসি ও তাদের ভালোবাসা।

বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় জাতিসংঘের শান্তিরক্ষী মিশন যে অবদান রেখে চলছে, তা সত্যিই প্রশংসনীয়। এই কার্যক্রমে বাংলাদেশের বিভিন্ন বাহিনীর ভূমিকা এবং সাফল্য আমাদেরকে গর্বিত করেছে। এর মধ্যে আবার বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকাই মুখ্য। এ পর্যন্ত শতাধিক বাংলাদেশি শান্তিরক্ষীর মৃত্যু হয়েছে। তারপরও বাঙালিদের শৃঙ্খলাবোধ, পেশাদারীত্ব এবং দক্ষতা স্থানীয় জনগণের পাশাপাশি আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক প্রশংসিত হয়েছে। এটি দেশ ও জাতির নিকট অত্যন্ত গৌরবের বিষয় বলে বিবেচিত।

জনসংখ্যার বোনাস যুগে বাংলাদেশ

বাংলাদেশে এখন চলছে জনসংখ্যার বোনাস যুগ। এর মানে হচ্ছে, এখন দেশে কর্মক্ষম বা কর্মোপযোগী মানুষের সংখ্যা সবচেয়ে বেশি, অন্যদিকে নির্ভরশীল জনগোষ্ঠীর সংখ্যা সবচেয়ে কম। সর্বোচ্চ কর্মক্ষম জনসংখ্যার কালকেই বলে জনসংখ্যার 'ডিভিডেন্ড' বা 'বোনাসকাল'। জনসংখ্যা একটি দেশের সম্পদ। জনসংখ্যার উপর ভিত্তি করেই একটি দেশের অর্থনৈতিক কাঠামো সুদৃঢ় হয়। জনসংখ্যাবিদগণ একটি দেশের জনসংখ্যা কাঠামোকে বয়সের ভিত্তিতে বিভিন্ন শ্রেণিতে ভাগ করেন। তাদের এই বিভক্তিকরণে দেখা যায় কর্মক্ষম জনগোষ্ঠীর আধিক্য ঘটলে দেশের নির্ভরশীল জনসংখ্যার হার কমতে থাকে। ফলে দেশের অর্থনৈতিক অবস্থার দ্রুত উন্নতি ঘটে। কোনো দেশ যদি এ সুযোগকে ভালভাবে কাজে লাগাতে সক্ষম হয়, তাহলে সে দেশ সবচেয়ে বেশি লাভবান হয়। জনসংখ্যাবিদগণ জনসংখ্যা কাঠামোর এ অবস্থাকে Demographic Dividend বা জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল হিসেবে আখ্যায়িত করেন।

জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল: হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডেভিড বুলুম এবং ডেভিড ক্যানিং প্রথম Demographic Dividend বা জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল প্রত্যয়টি ব্যবহার করেন। তাদের মতে, জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল হলো জনসম জনসংখ্যার আধিক্য ঘটায়। জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল হলো কোনো দেশের কর্মক্ষম জনসংখ্যার ১৫-৬৭ বছর বয়সী আধিক্য। জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালে একটি দেশের অধিকাংশ মানুষ কর্মক্ষম বয়সের মাঝে অবস্থান করে। জাতিসংঘের জনসংখ্যা তহবিলের (UNFP) সংজ্ঞা অনুযায়ী, যখন কোনো দেশের কর্মহীন মানুষের চেয়ে কর্মক্ষম মানুষের সংখ্যা বেশি থাকে এবং সেটা যখন অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে তখন তাকে জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল বলা হয়।



জনসংখ্যাবিদ জন রস বলেন, জনসংখ্যার বয়স কাঠামো পরিবর্তনের এক পর্যায়ে যখন জন্মহার ও মৃত্যুহার হ্রাসের মাধ্যমে একটি দেশের অর্থনীতি দ্রুত উন্নতি লাভ করে, তখন তাকে জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকাল বলে। জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালের ফলে একটি দেশের কর্মক্ষম জনসংখ্যা বৃদ্ধি পায় এবং দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়।

জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালের পর্যায়: জনসংখ্যাবিদগণের মতে, জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালের দুটি পর্যায় রয়েছে- ১. প্রথম পর্যায় ও ২. দ্বিতীয় পর্যায়।

প্রথম পর্যায়: জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালের প্রথম পর্যায়টি সাধারণত ৫০ বছর কিংবা তারও বেশি সময় চলতে থাকে। এ দীর্ঘ সময়ে একটি দেশের জন্মহার, মৃত্যুহার কমতে থাকে। জন্মহার ও মৃত্যুহার হ্রাস পাওয়ায় বিপুল সংখ্যক তরুণ জনগোষ্ঠী কর্মক্ষম হয়ে উঠে। ফলে সরকারকে নির্ভরশীল জনসংখ্যার প্লেইনে তেমন রাজস্ব ব্যয় করতে হয় না। এ সময় সরকার জনসংখ্যাকে দক্ষ করে তুলতে বেশি রাজস্ব ব্যয় করতে পারে। ফলে দেশে একটি স্থিতিশীল কর্মক্ষম জনশক্তি বিরাজমান থাকে, যারা দেশের অর্থনীতির চাকাকে সচল রাখে। এতে দেশের প্রবৃদ্ধির হার দ্রুত বৃদ্ধি পায়। জনসংখ্যাতাত্ত্বিক বোনাসকালের প্রথম পর্যায়ে একটি দেশে পর্যাপ্ত জনশক্তি থাকায় শিল্পকারখানায় উৎপাদন ও বিনিয়োগ ব্যাপক হারে বৃদ্ধি পায়। এ সময় নারীরা ঘরের বাইরে কর্মক্ষেত্রে অংশগ্রহণ করে। এ সময় জনগণের মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান বৃদ্ধি পায়।

www.exambd.net

গত বছরের অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এবং এই বছরের জানুয়ারি মাসে রপ্তানির প্রবৃদ্ধি কম। অক্টোবর থেকে জানুয়ারি মাসে শতকরা পাঁচ থেকে ১০ ভাগ রপ্তানি কমেছে। তবে এটাকে ক্ষতি বলছেন না পোশাক শিল্পের মালিকরা। তাদের মতে, নানা সময়ে রপ্তানি স্বাভাবিক নিয়মে বাড়ে-কমে। করোনার দ্বিতীয় ঢেউয়ে অর্ডার তেমন স্থগিত হয়নি। তবে অর্ডার ও পোশাকের দাম কমেছে অক্টোবর , নভেম্বর ও ডিসেম্বরে গড়ে দাম কমেছে শতকরা পাঁচ ভাগ। পোশাক রপ্তানি করে লাভ হয় গড়ে শতকরা দুই-তিন ভাগ। ফলে লাভ কমে গেছে বা লোকসান হয়েছে।

ডিজিটাল মুদ্রা: ক্রিপ্টোকারেন্সি

"A cryptocurrency is a digital or virtual currency designed to work as a medium of exchange."

ডিজিটাল মুদ্রা (ইলেকট্রনিক মুদ্রা) এক ধরনের মুদ্রা, যা শুধু ডিজিটাল রূপে পাওয়া যায়, বাস্তবে নয়। এটি ভৌত মুদ্রার অনুরূপ বৈশিষ্ট্য প্রদর্শন করে, তবে এটি তাৎক্ষণিক লেনদেন এবং সীমান্তহীন মালিকানা হস্তান্তর এর সুযোগ করে দেয়। ডিজিটাল মুদ্রার বিনিময়ে ব্যবহার করা হয় 'ক্রিপ্টোগ্রাফি' নামের একটি পদ্ধতি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় গোপনে ও নিরাপদে যোগাযোগের জন্য ক্রিপ্টোগ্রাফি পদ্ধতি আবিষ্কৃত হয়েছিল। গাণিতিক তত্ত্ব ও কম্পিউটার বিজ্ঞানের উন্নয়নের সঙ্গে সঙ্গে ক্রিপ্টোগ্রাফিরও উন্নতি হয়েছে। এতে অনলাইনে ডিজিটাল মুদ্রা সংরক্ষণ ও আদান-প্রদানের বিষয়টি আরও নিরাপদ হয়েছে বলে ধারণা করা হচ্ছিল।

সারা পৃথিবীতে প্রায় হাজারেরও উপরে সাংকেতিক মুদ্রা রয়েছে। যেমন:

মুদ্রার প্রকারভেদ	বিবরণ
বিটকয়েন	এখন পর্যন্ত চালু থাকা ক্রিপ্টোকারেন্সিগুলোর মধ্যে সবচেয়ে জনপ্রিয় বিটকয়েন। এর বিনিময় মূল্যও সবচেয়ে বেশি। সাতোশি নাকামোতো ২০০৯ সালে বিটকয়েন তৈরি করেন। ২০১৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বিটকয়েনের বাজার পুঁজির পরিমাণ ছিল প্রায় ২৩০ বিলিয়ন ডলার।
এথেরিয়াম	২০১৫ সালে তৈরি হয় এথেরিয়াম। বিটকয়েনের মতো এই মুদ্রারও নিজস্ব হিসাবব্যবস্থা আছে। বিনিময় মূল্যের দিক থেকে এটি দ্বিতীয় অবস্থানে আছে। জনপ্রিয়তার দিক থেকে বিটকয়েনের পরই আছে এথেরিয়াম। গত ডিসেম্বর মাস পর্যন্ত এই ভার্চুয়াল মুদ্রার বাজারে পুঁজির পরিমাণ প্রায় ৬৭ বিলিয়ন ডলার।
রিপল	২০১২ সালে প্রতিষ্ঠিত হয় রিপল। শুধু ক্রিপ্টোকারেন্সি নয়, অন্যান্য ধরনের লেনদেনও করা যায় এই ব্যবস্থায়। প্রচলিত ধারার বিভিন্ন ব্যাংকও এই ডিজিটাল মুদ্রা ব্যবহার করছে। বাজারে ১০ বিলিয়ন ডলারের পুঁজি আছে রিপলের।
লাইটকয়েন	বিটকয়েনের সঙ্গে বেজায় মিল আছে লাইটকয়েনের। তবে বিটকয়েনের চেয়ে দ্রুত লেনদেন করা যায় লাইটকয়েনে। এর বাজার মূল্য প্রায় ৫ বিলিয়ন ডলার।
অন্যান্য	মোনেরো, ড্যাশ, ডোজকয়েন ইত্যাদি।

বিশ্বের বহুদেশে অনলাইন কেনাবেচার জন্য ক্রিপ্টোকারেন্সি বেশ জনপ্রিয়। ইউকিপিডিয়া, ওয়ার্ডপ্রেস, মাইক্রোসফটের মতো প্রায় ৩০ হাজারের বেশি প্রতিষ্ঠান ক্রিপ্টোকারেন্সি গ্রহণ করে। কিন্তু বাংলাদেশ সরকার বিটকয়েনের উপর নিষেধাজ্ঞা জারি করে। এর পেছনে রয়েছে বেশ কিছু নেতিবাচক দিক। আবার গ্রাহকদের নিকট এই নেতিবাচক দিকগুলোই ইতিবাচক হিসেবে কাজ করে।

- এই মুদ্রাগুলোর ব্যবহার সীমিত করা হয়, যেমন অনলাইন বা সামাজিক যোগাযোগ মাধ্যম। যেমন– বাংলাদেশেও যেকোনো ধরনের ডিজিটাল মুদ্রা বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত নয়।
- ক্রিপ্টোকারেন্সি এক ধরনের সাংকেতিক মুদ্রা। এর অস্তিত শুধু ইন্টারনেট জগতেই আছে। যার কোন বাস্তব রূপ নেই। এটি ব্যবহার করে লেনদেন শুধু অনলাইনে সম্ভব।
- ক্রিপ্টোকারেন্সি এক ধরনের পিয়ার টু পিয়ার ব্যবস্থা। এতে তৃতীয় পক্ষের কোনো নিয়ন্ত্রণ থাকে না। তাই কে কার কাছে ডিজিটাল মুদ্রা বিনিময় করছে তা অন্য কেউ জানতে পারে না।
- এক্ষেত্রে এনক্রিপটেড লেজার সব লেনদেনকে ঝুঁকিপূর্ণ হওয়া থেকে নিয়ন্ত্রণ করে।
- ক্রিপ্টোকারেন্সির ভ্যালুর উপর কোন দেশের সরকারেরই হস্তক্ষেপ করার ক্ষমতা নেই। তাই পৃথিবীর অনেক দেশেই এ ডিজিটাল মুদ্রার উপর সে দেশের সরকারের নিষেধাজ্ঞা রয়েছে।

www.exambd.net

অর্থনৈতিক কূটনীতি

"রাজনৈতিক কূটনীতি নয় অর্থনৈতিক কূটনীতির পথে এগিয়ে যেতে হবে। ব্যাবসা-বাণিজ্য করে, সবার সঙ্গে মিলে কীভাবে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করা যায়, কীভাবে অন্যকে সহযোগিতা করা যায়, একে অন্যের সহযোগিতার মাধ্যমে কীভাবে শান্তি আনা যায় সেভাবে কূটনীতি চালাতে হবে।"

--- প্রধানমন্ত্রী

অর্থনৈতিক স্বার্থসিদ্ধির জন্য বিভিন্ন রাষ্ট্র ও সরকারের মধ্যে প্রচলিত বিশেষজ্ঞগণ কর্তৃক পরিচালিত কলাকৌশলকে অর্থনৈতিক কূটনীতি বলে। অর্থনৈতিক কূটনীতি অর্থনৈতিক কার্যাবলি নিয়ে আলোচনা করে এবং বিভিন্ন রাষ্ট্রের সাথে চুক্তি সম্পাদন করে। একটি রাষ্ট্র অন্য রাষ্ট্রের কাছ থেকে অর্থনৈতিক সুবিধা হাসিলে কূটনীতি পরিচালনা করবে বা অন্য কথায়, অন্য রাষ্ট্রের সম্পদের নাগাল পাওয়ার চেষ্টায় রত থাকবে। এরূপ লক্ষ্য অর্জনে অনুসৃত নীতিকেই বলা হয় অর্থনৈতিক কূটনীতি।

অর্থনৈতিক কূটনীতি হলো এমন কতিপয় কার্যাবলির সমষ্টি যেগুলো একটি রাষ্ট্রের অভ্যন্তরীণ অর্থনৈতিক নীতি কীভাবে অপর রাষ্ট্রের নীতির সাথে সঙ্গতিপূর্ণ হবে সে ব্যাপারে আলোকপাত করে। অর্থনৈতিক কূটনীতির প্রধান উদ্দেশ্যই হলো কূটনৈতিক বোঝাপড়া ও দর কষাকষির মাধ্যমে নিজ রাষ্ট্রের অর্থনীতিকে সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করা। বর্তমানে বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের মধ্যে গড়ে ওঠা আঞ্চলিক ও আন্তর্জাতিক অর্থনৈতিক ও বাণিজ্যিক জোটসমূহ যেমন- বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO), আন্তর্জাতিক অর্থ তহবিল (IMF), বিশ্বব্যাংক (World Bank), আসিয়ান (ASEAN), ইউরোপীয় ইউনিয়ন (EU), জি-৮ (G-8), সাফটা (SAFTA), নাফটা (NAFTA) ইত্যাদি অর্থনৈতিক কূটনীতির প্রতিষ্ঠার ফসল।

অর্থনৈতিক কূটনীতির মূল উদ্দেশ্য হলো:

১. বৈদেশিক বিনিয়োগকে আকর্ষণ করা	২. রপ্তানি বৃদ্ধিতে ব্যবস্থা গ্রহণ করা	৩. শ্রমশক্তি বিদেশে রপ্তানিকল্পে ব্যবস্থা গ্রহণ করা

বাংলাদেশের অর্থনৈতিক কূটনীতি:

"বাংলাদেশের বিনিয়োগ, রপ্তানি বৃদ্ধি ও রপ্তানি বহুমুখীকরণ এবং বাংলাদেশের জনবলের বিদেশে কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে অর্থনৈতিক কূটনীতি ও পাবলিক ডিপ্লোমেসি'র বিষয়ে সরকার খুবই গুরুত্ব দিচ্ছে।"

- পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন

বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের রপ্তানি বৃদ্ধি এবং আমাদের দেশে উৎপাদিত পণ্যের নতুন বাজার তৈরির পাশাপাশি বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধিও আমাদের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) গঠনের মাধ্যমে সরকার বিদেশি বিনিয়োগকারীদের জন্য বিভিন্ন ধরনের প্রণোদনা প্রদান করছে। বাংলাদেশে যে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল এবং ২৮টি হাই-টেক পার্ক সৃষ্টি করা হচ্ছে, সেখানে বিদেশি বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

বাংলাদেশ সরকার কর্তৃক বিদেশি বিনিয়োগবান্ধব যেসব নীতি গৃহীত হয়েছে, এবং যেসব প্রণোদনা প্রদান করা হচ্ছে, তা স্বাগতিক দেশসমূহের সম্ভাব্য বিনিয়োগকারীদের নিকট তুলে ধরার মাধ্যমে বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্ট করার ক্ষেত্রে মিশনসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এ বিষয়ে সকলকে বিনিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত, বিভিন্ন প্যাকেজের বিবরণ ইত্যাদি সকল সহায়তা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় প্রদান করবে।

বিগত দশকে বাংলাদেশের বিস্ময়কর আর্থ-সামাজিক উন্নয়ন এবং বিশ্বব্যাপী বাংলাদেশের তৈরি পোশাকের রপ্তানি অভাবনীয় বৃদ্ধির কারণে বিভিন্ন মহল ষড়যন্ত্র করে বাংলাদেশের তৈরি পোশাকশিল্প এবং সামগ্রিকভাবে বাংলাদেশের বিরুদ্ধে বিভিন্ন অপপ্রচার চালাচ্ছে। সরকার সকল অংশীজনকে সাথে নিয়ে এ সকল মিথ্যা প্রচারণাকে প্রতিরোধ করার জন্য নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের এ বিষয়ে বিশেষ করণীয় রয়েছে। বাংলাদেশের বিরুদ্ধে এ ধরনের যেকোনো প্রচারণা সম্পর্কে দূতাবাসসমূহকে সজাগ থাকতে হবে, এবং উদ্ভূত যেকোনো পরিস্থিতিতে দূতাবাসসমূহকে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সময়ের সঙ্গে সঙ্গে বাংলাদেশের কূটনীতির প্রাধান্যের ক্ষেত্রে পরিবর্তন এসেছে। এখন রাজনৈতিক কূটনীতির চেয়ে অর্থনৈতিক কূটনীতিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে এবার বিশ্বের বিভিন্ন দেশে দূতাবাস বাড়ানোর পাশাপাশি বাংলাদেশের বিদ্যমান দূতাবাসগুলোকে নতুন করে সাজানোর উদ্যোগ নিয়েছে সরকার। আরও ২১টি দেশে ২২টি মিশন খোলারও উদ্যোগ নিয়েছে সরকার। বর্তমানে জাতিসংঘভুক্ত ১৯৩ দেশের মধ্যে ৫৮ দেশে বাংলাদেশের মোট ৭৭টি মিশন রয়েছে।

অর্থনৈতিক কূটনীতি বাস্তবায়নে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপসমূহ হচ্ছে:

- রপ্তানি আয় বাড়ানোর উদ্দেশ্যে নতুন নতুন বাজার খোঁজা ও পণ্য বহুমুখীকরণ।
- বিদেশের বাজারে পণ্য প্রবেশের ক্ষেত্রে প্রতিবন্ধকতা কমানোর প্রচেষ্টা চালানো।

www.exambd.net

সুশাসন ও বাংলাদেশ

বাংলাদেশ উন্নয়নের ক্ষেত্রে এখন একটি বিশ্ব মডেল। রূপকথার ফিনিক্স পাখির উপমা তুলে ধরা হয় বাংলাদেশের এ সাফল্যের জন্য। ভস্মের মধ্য থেকে উড়াল দেওয়ার সক্ষমতা দেখিয়েছে রূপকথার ফিনিক্স পাখি। বাংলাদেশের বাস্তবতা ছিল অভিন্ন। ১৯৭১ সালে বাংলাদেশ ছিল বিশ্বের শীর্ষ দরিদ্র দেশের একটি। মুক্তিযুদ্ধে কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয় পদ্মা, মেঘনা, যমুনা ও বুড়িগঙ্গা পাড়ের এ দেশটি। দেশের এক কোটি মানুষ ঘরবাড়ি সহায়-সম্পত্তি ছেড়ে প্রতিবেশী দেশে আশ্রয় নিতে বাধ্য হয়। দেশের মধ্যে অন্তত দুই কোটি মানুষও নিজেদের ঘরবাড়ি ছেড়ে নিরাপদ স্থানে আশ্রয় নেয়। ভিটেমাটি ছেড়ে যারা পালাতে বাধ্য হয়েছেন তাদের সহায় সম্পত্তি লুটপাটের শিকার হয়। মুক্তিযুদ্ধে প্রাণ হারায় ৩০ লাখ মানুষ। হাজার হাজার বাড়িঘর পুড়িয়ে দেওয়া হয়। রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট পরিণত হয় ধ্বংসস্তূপে। চাষাবাদে ব্যবহৃত বলদের বেশির ভাগ দখলদার বাহিনী ও তাদের সহযোগীদের ভূরিভোজের জন্য ব্যবহৃত হয়। স্বাধীনতার পর শূন্য হাতে বাংলাদেশের যাত্রা শুরু।

'সুশাসন' বা **গুড গভর্নেন্স** মূলত একটি পশ্চিমা অভিধা। দেশে সুশাসন ও সুশীল সমাজ সংক্রান্ত সাম্প্রতিক অনেক ধারণাই গত শতকের নব্বইয়ের দশকে আন্তর্জাতিক দাতা সংস্থাগুলো এবং তাদের পলিসি এজেন্ডা থেকে উদ্ভূত। দাতা সংস্থাগুলো প্রায়ই সাহায্য প্রদানের ক্ষেত্রে দেশে সুশাসন প্রতিষ্ঠার শর্ত জুড়ে দেয় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে। আসলে সুশাসনের কোনো সুনির্দিষ্ট ও পূর্ণাঙ্গ সজ্ঞা নেই। সুশাসন মানে ভালোভাবে দেশ পরিচালনা বিষয়টিকে এ ভাবে সরলীকরণ করা যেতে পারে। যেমন- মানবাধিকার ও আইনের শাসন, দেশ পরিচালনায় বিভিন্ন ক্ষেত্রে ও পর্যায়ে মানুষের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহি প্রক্রিয়া বহুমুখী অংশীদারিত্ব, রাজনীতিতে নানা মতের চর্চা, একটি দক্ষ ও কার্যকর সরকারি খাত, শিক্ষা, তথ্য ও অন্যান্য জ্ঞান আহরণের সুযোগ, জনগণের রাজনৈতিক ক্ষমতায়ন, সমতা ও ন্যায় বিচার, দায়িত্বশীলতা, ঐক্য ও সহনশীলতা উৎসাহিত হয় এমন আচরণ ও মূল্যবোধ ইত্যাদি। জাতিসংঘের মানবাধিকার বিষয়ক ভূতপূর্ব কমিশন **ইউএনসিএইচআরের ২০০০/৬৪** নম্বর প্রস্তাবে সুশাসনের প্রধান বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করা হয়েছে।

বাংলাদেশের সংবিধানে সুশাসন: আধুনিক রাষ্ট্রসমূহ কল্যাণমূখী। আর রাষ্ট্রকে কল্যাণমূখী করতে সুশাসন বাস্তবায়নের কোন বিকল্প নেই। সুশাসন বাস্তবায়নে বাংলাদেশের সংবিধানে বেশকিছু অনুচ্ছেদ সন্নিবেশিত হয়েছে।

সংবিধানের অনুচ্ছেদ	বিবরণ
অনুচ্ছেদ ১১	এখানে গণতন্ত্র ও মানবাধিকারের স্বীকৃতি দেয়া হয়েছে। যেহেতু গণতন্ত্র হল সুশাসনের প্রাণ। তাই বলা যায়, এই অনুচ্ছেদে গণতন্ত্র ও মানবাধিকারের স্বীকৃতির মাধ্যমে রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠার নিশ্চয়তা দেয়া হয়েছে।
অনুচ্ছেদ ৭৭	এই অনুচ্ছেদে সরকারি কর্মচারিদের দুর্নীতি প্রতিরোধ করার ব্যবস্থা হিসেবে ন্যায়পাল এর বিধান যুক্ত করা হয়েছে।ন্যায়পাল তার উপর অর্পিত ক্ষমতা বলে সরকারের যেকোন সংস্থার কার্যাবলি তদন্ত করার ক্ষমতা রাখেন। ১৮০৯ সালে সুইডেনে সর্বপ্রথম ন্যায়পালের বিধান জারি করা হয়। পরবর্তীতে ১৯৮০ সালে বাংলাদেশের সংবিধানে এই বিধান যুক্ত করা হয়।তবে এটি এখন পর্যন্ত কার্যকর করা হয় নি।
অনুচ্ছেদ ২৬-৪৭	নাগরিকদের মৌলিক অধিকারের নিশ্চয়তা দেয়া হয়েছে
অনুচ্ছেদ১২৭-১৩২	সরকারি অর্থের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের জন্য মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বিধান যুক্ত করা হয়েছে।

সুশাসন ও গণতন্ত্রের বিষয়ে **ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের অ্যাডজাংকট ফেলো ড. মির্জা হাসানের মতে,** গণতন্ত্র ও সুশাসন নিয়ে বিশ্বব্যাংক ও দেশের অর্থনীতিবিদরা একটি 'ব্ল্যাক বক্স' তৈরি করেছেন। তিনি বলেন, এখনো কিছু লোকের সুবিধার কারণে বাজার সঠিক নিয়মে কাজ করছে না। যা পেশীশক্তি ও রাজনৈতিক সংযুক্তি যত বেশি, সে তত সুবিধা পাচ্ছে। রাজনীতিবিদ ও ব্যবসায়ীদের মধ্যে বিভিন্ন ধরনের লেনদেন হচ্ছে, যা স্বাভাবিক নয়। এছাড়া এক ধরনের তথাকথিত গণতন্ত্র চললেও দেশের মানুষ কখনোই লিবারেল গণতন্ত্রের স্বাদ পায়নি।

সুতরাং বলা যায়,দেশে সুশাসন বাস্তবায়নের সকল প্রকার সাংবিধানিক নিশ্চয়তা আমাদের সংবিধানে সন্নিবেশিত হয়েছে।

www.exambd.net

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের ঐতিহাসিক গুরুত্ব

গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর-কবিতাখানি:
'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'
সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের।

— কবি নির্মলেন্দুগুণ

একটি ভাষণের জন্য একটি দিন ইতিহাসে স্থান করে নিয়েছে এমন উদাহরণ দ্বিতীয়টি নেই। একটি মাত্র ভাষা একটি জাতির ভাগ্য পরিবর্তন করেছে, স্বাধীনতার স্মারক হয়ে রয়েছে এমন নজিরও নেই। ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ কেবল একটি জ্বালাময়ী বক্তৃতাই নয়, এটি বাঙালি জাতির মুক্তির সনদ। বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের মাধ্যমে বাঙালি জাতিকে পরাধীনতার শৃঙ্খল থেকে বেরিয়ে আসার আহ্বান জানিয়েছিলেন, সেই সঙ্গে পাকিস্তান সরকারের নির্যাতন-নিপীড়নের বিরুদ্ধে পুরো জাতিকে সোচ্চার করে মুক্তির সংগ্রামে উজ্জীবিত করেছিলেন।তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে সামরিক আইন প্রত্যাহার এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের দাবির ওপর গুরুত্ব আরোপ করেছিলেন। এ ভাষণ পরাধীন জাতিকে স্বাধীনতার পথে অগ্রসর করে। বিশ্বের বিখ্যাত সব সরকার প্রধান ও বিশ্ব মিডিয়া এই ভাষণকে নিয়ে গেছে নিয়মিতই। ৩০ অক্টোবর ২০১৭ সালে ভাষণটি স্থান পেয়েছে ইউনেস্কোর বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের তালিকায়।

❖ **নতুন দেশের অভ্যুদয় বার্তা:** ৭ মার্চ হচ্ছে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সংগ্রামের প্রথম পদক্ষেপ। ভাষণের 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' কথাগুলো ব্যাখ্যা করলে দেখা যায়, এটি মূলত পৃথিবীর মানচিত্রে একটি নতুন দেশের অভ্যুদয় বার্তা।

❖ **স্বাধীনতার মূলমন্ত্র:** বাংলাদেশের স্বাধীনতার মূলমন্ত্র এই ৭ মার্চের ভাষণ। বঙ্গবন্ধু মুখে উচ্চারিত এই ভাষণ সাড়ে সাত কোটি বাঙালিকে শুধু ঐক্যবদ্ধই করেনি, তাদের মুক্তির সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার মন্ত্রেও দীক্ষিত করেছিল। কারণ এই ভাষণই ছিল মূলত বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা।

❖ **বহুমাত্রিক ভাষণ:** বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের গুরুত্ব বহুমাত্রিক। বিশ্ব প্রেক্ষাপটে বিচার করলেও এ ভাষণ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ভাষণ হিসেবে পরিগণিত হয়, যার মধ্যে নিহিত রয়েছে মুক্তি, স্বাধীনতা, অত্যাচারীদের শোষণ থেকে স্বপ্নের স্বাধীন বাংলাদেশ গড়ার প্রত্যয়। কেউ কেউ এ ভাষণকে আব্রাহাম লিংকনের গেটিসবার্গ অ্যাড্রেস বা মার্টিন লুথার কিং জুনিয়রের 'আই হ্যাভ এ ড্রিম'-এর সঙ্গে তুলনা করেন।

৭ মার্চ ভাষণের গুরুত্বপূর্ণ তথ্য

- সাতই মার্চের ভাষণের কোন লিখিতরূপ ছিলনা।
- মাত্র উনিশ মিনিট স্থায়ী ছিলো।
- জাতীয় পরিষদে যাওয়ার জন্য চারটি শর্ত দেন।
- ভাষণটি রেকর্ড করেন জেড এম এ মবিন ও এম এ রউফ।
- ভাষণটি সংরক্ষণে ভূমিকা রাখেন আবুল খায়ের।
- পাকিস্তানিদের হাত থেকে ঐতিহাসিক এ ভাষণ সংরক্ষণ করতে পালিয়ে যান– আমজাদ আলী খন্দকার।
- ২০১৭ সালের ৩০ অক্টোবর UNESCO ঐতিহাসিক প্রামাণ্য দলিলে স্বীকৃতি দেয়।

❖ **অর্থনৈতিক মুক্তি:** বঙ্গবন্ধুর এ স্বাধীনতার ডাক দেয়ার পেছনে ছিল বাঙালি জাতির মুক্তি। আর এ মুক্তি হচ্ছে অর্থনৈতিক মুক্তি। ১৯৭৪ সালের ১৮ জানুয়ারি বাংলাদেশ আওয়ামী লীগের দ্বিবার্ষিক কাউন্সিল অধিবেশনে প্রদত্ত ভাষণে বঙ্গবন্ধু বলেন, 'আমি জেনে-শুনেই বলেছিলাম স্বাধীনতার সংগ্রাম, মুক্তির সংগ্রাম। কিন্তু মানুষ মুক্তি পাবে সেই দিন, যেদিন অর্থনৈতিক মুক্তি দেয়া হবে বাংলার মানুষকে।' ১৯৭২ সালের ৯ এপ্রিল ঢাকায় আওয়ামী লীগের কাউন্সিলে সভাপতি হিসেবে দেয়া ভাষণে বঙ্গবন্ধু উল্লেখ করেন, '...অর্থনৈতিক স্বাধীনতা অর্জিত না হলে রাজনৈতিক স্বাধীনতা ব্যর্থ হয়ে যায়।

www.exambd.net

কোন পরিণতির দিকে 'বাণিজ্য যুদ্ধ'?

দীর্ঘদিন চীনের তৎপরতার ফল হিসেবে এই চুক্তি হতে যাচ্ছে। বিশেষকরে মনে করেন, মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ট্রান্স প্যাসিফিক পার্টনারশিপ (টিপিপি) চুক্তির বিকল্প হিসেবে চীন এই চুক্তির দৌড়ঝাঁপ করেছে, যদিও ট্রাম্পের অধীনে যুক্তরাষ্ট্র ২০১৭ সালে এই চুক্তি থেকে বেরিয়ে যায়।

তবে বিশ্বের এই বৃহত্তম মুক্ত বাণিজ্য অঞ্চলের রাজনৈতিক রসায়নটা খুব ভালো নয়। চীন ও জাপানের বিবাদ দীর্ঘদিনের ঐতিহাসিক। অন্যদিকে সম্প্রতি অস্ট্রেলিয়ার সঙ্গেও বিবাদে জড়িয়েছে চীন। এমনকি ভারত ও এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চীনের প্রভাব খর্ব করতে মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, অস্ট্রেলিয়া ও ভারত অনানুষ্ঠানিক কৌশলগত ফোরাম গঠন করেছে। ফলে আরসিইপির এই গঠন বৈচিত্র্য বিশ্লেষকদের মনে যথেষ্ট কৌতূহলের জন্ম দিয়েছে।

অন্যদিকে মার্কিন নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের পরাজয় এবং জো বাইডেন বিজয়ী হওয়ার মধ্য দিয়ে নীতি ও কৌশলগত কী পরিবর্তন আসে, তার দিকেও তাকিয়ে থাকবেন বিশেষকেরা।

টেলিমিডিসিনের সম্ভাবনা ও বাংলাদেশ

টেলিমেডিসিন নতুন নয়। অতীতে পরিচিত চিকিৎসকের কাছ থেকে মানুষ টেলিফোনে নানা পরামর্শ নিতেন। মুঠোফোন চালু হওয়ার পর থেকে মানুষ রোগব্যাধিতে পরামর্শ পাওয়ার পাশাপাশি খুদে বার্তায় ব্যবস্থাপত্র পেতে শুরু করেন। চিকিৎসাপ্রযুক্তি ও তথ্যপ্রযুক্তির উন্নতির সঙ্গে সঙ্গে এর সুবিধা নিচ্ছেন চিকিৎসক ও রোগীরা। কিন্তু এটা এত দিন ছিল বিকল্প ব্যবস্থা। মহামারির সময় বেশি মানুষের কাছে প্রধান ব্যবস্থা হয়ে উঠেছে টেলিমেডিসিন।

টেলিমিডিসিন সিস্টেম:

টেলিমেডিসিন বলতে ইলেকট্রনিক যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করে রোগীর লক্ষণগুলির মূল্যায়ন করতে প্রশ্ন জিজ্ঞাসাসহ চিকিৎসা সম্পর্কিত তথ্য বিনিময়কে বোঝায়। এটি ভিডিও চ্যাটের মাধ্যমে করা হয়, তাই রোগীকে ক্লিনিকে সরাসরি ডাক্তারের সঙ্গে দেখা করতে হবে না। ফলে তারা অন্য লোকের সংস্পর্শে যাওয়ার ঝুঁকি এড়াতে পারেন। রোগীর করোনভাইরাস থাকার সন্দেহ থাকলে চিকিৎসক সেটা স্বাস্থ্য বিভাগকে অবহিত করবেন। এছাড়া ডাক্তার প্রয়োজন মনে করলে রোগীকে পরীক্ষার জন্য হাসপাতালে পাঠানো কিংবা কোয়ারেন্টাইনের নির্দেশ দিতে পারেন। ভার্চুয়াল এই পদ্ধতি বর্তমান করোনাভাইরাসের ছড়িয়ে পড়া রোধে অনেকটা সফল বলে মনে করছেন ডাক্তাররা।

টেলিমেডিসিন যেভাবে আশার আলো: মহামারী করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্ব টালমাটাল। বিপর্যস্ত অর্থনীতি থেকে সামাজিক যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। এক ধরণের লকডাউনের মধ্যে সবার জন্য সামাজিক দূরত্ব রক্ষা অপরিহার্য। চিকিৎসকরাও নিজে এবং রোগীর কথা বিবেচনা করে এই মহামারী থেকে বাঁচতে চেম্বারে রোগী দেখা বন্ধ করে দিয়েছেন। এ অবস্থায় সময়ের প্রয়োজনে চিকিৎসা সেবায় নতুন ধারার সৃষ্টি হয়েছে; সেটা হলো টেলিমেডিসিন সেবা। এই টেলিমেডিসিন সেবা হলো ভিডিও কলের মাধ্যমে রোগী দেখা এবং রোগীদের ব্যবস্থাপত্র দেয়া। করোনাই মূলত এই পথ দেখিয়েছে। দেশে টেলিমেডিসিন সেবায় কার্যত বিপ্লব ঘটে গেছে।

- ❖ প্রযুক্তি আমাদের সবকিছু সহজ করে দিয়েছে। প্রযুক্তির ছোয়ায় বর্তমান লকডাউনের মধ্যেও গ্রামের একজন সাধারণ মানুষও টেলিফোনে রাজধানীর একজন বিশেষজ্ঞ চিকিৎসকের সেবা পাচ্ছেন।
- ❖ এটা বর্তমান সময়ে বড় একটি সেবা। যা চিকিৎসা সেবাকে অনেকটা সহজ করে দিয়েছে। প্রত্যেকটা দুর্যোগে ক্ষতির পাশাপাশি সম্ভাবনাও দেখা দেয়। আর করোনা আমাদেরকে টেলিমেডিসিনের সম্ভাবনাকে বাড়িয়ে দিয়েছে।
- ❖ একই সঙ্গে এটা আমাদের প্রবীণ জনগোষ্ঠীর জন্য খুবই উপকারি হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডা. কনক কান্তি বড়ুয়া বলেন, আমাদের সাধারণ সেবার পাশাপাশি যে সব রোগী বাসা থেকে বের হতে পারেন না তাদের জন্য টেলিমেডিসেন সেবা চালু করেছি।

www.exambd.net

স্বাধীনতার আসন্ন সুবর্ণ জয়ন্তী ও আমাদের প্রত্যাশা

বাংলাদেশ এ বছর স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে পদার্পণ করেছে। স্বাধীনতার সঙ্গে যে ব্যক্তি নাম সবচেয়ে বেশি উচ্চারিত হচ্ছে সে মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করা হয়েছে। যা একটি জাতির জন্য সত্যিই গর্বের। তার হাসি, তার আঙুল তুলে বজ্রকণ্ঠের ভাষণ, তার ইতিহাসের মহানায়ক হওয়ার পরিচয় বহন করে আমাদের কাছে। এ দেশকে যত দেখি তার অপর পিঠে আমরা বঙ্গবন্ধুকে দেখতে পাই। এ মহান নেতার কারণে আমরা স্বাধীন দেশ পেয়েছি। এ স্বাধীন দেশের বয়স মহাকালের বিচারে ৪৯ বছর খুব বড় সময় নয়। তবে এ সময়ের ব্যবধানে কোনো কোনো জাতির অনেক দূর এগিয়ে যাওয়ার নজিরও আছে।



আমাদের এ স্বাধীন দেশও স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল দেশের কাতারে। পরিণত হচ্ছে সমৃদ্ধিশালী রাষ্ট্রে।

সমৃদ্ধির পথে বাংলাদেশ

- ❖ অনেক সূচকে দক্ষিণ এশিয়াকে ছাড়িয়ে গেছে বাংলাদেশ। ফলে আজকের বাংলাদেশ সারাবিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছে।
- ❖ স্বাধীনতার পর গত ৪৯ বছরে ধান উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৪ গুণ, যা বিশ্বে চতুর্থ।
- ❖ শাকসবজি উৎপাদনে বাংলাদেশ বিশ্বের তৃতীয়।
- ❖ প্রাকৃতিক উৎস থেকে আসা মাছ উৎপাদনে বাংলাদেশের অবস্থান তৃতীয়, যা চীন-ভারতের পরই রয়েছে।
- ❖ মাছ রপ্তানি বেড়েছে ১৩৫ গুণ।
- ❖ **এফএও পূর্বাভাস দিয়েছে,** ২০২২ সাল নাগাদ বিশ্বের যে চারটি দেশ মাছ চাষে বিপুল সাফল্য অর্জন করবে, তার মধ্যে প্রথম দেশটি হচ্ছে বাংলাদেশ। আলু উৎপাদনে সপ্তম এবং প্রতি বছরই উদ্বৃত্ত থাকে বিপুল পরিমাণে।
- ❖ এছাড়া আম উৎপাদনে বিশ্বে সপ্তম এবং পেয়ারায় অষ্টম।
- ❖ ইতোমধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০টি অর্থনৈতিক অঞ্চল আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন। এছাড়া দ্রুত অর্থনৈতিক উন্নয়নে ৩০টি অর্থনৈতিক অঞ্চলের অনুমোদন দিয়েছে সরকার।
- ❖ শুধু তাই নয়, দেশী-বিদেশী বিনিয়োগ বাড়াতে আগামী পনের বছরে সারাদেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হবে। এর ফলে দেশের রফতানি আয় বৃদ্ধি পাবে অতিরিক্ত ৪০ বিলিয়ন মার্কিন ডলার এবং কর্মসংস্থান সৃষ্টি হবে প্রায় ১ কোটি মানুষের।
- ❖ চলমান মেগা প্রকল্পের মধ্যে রয়েছে পদ্মা বহুমুখী সেতু, মেট্রোরেল, পায়রা সমুদ্রবন্দর, সোনাদিয়া গভীর সমুদ্রবন্দর, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, মাতারবাড়ী কয়লা বিদ্যুৎকেন্দ্র, মৈত্রী সুপার থার্মাল বিদ্যুৎকেন্দ্র এবং এলএনজি টার্মিনাল।

উন্নয়নের অগ্রযাত্রা: সরকারের টানা নয় বছরে দেশের রাজনীতিসহ সবকিছুর নিয়ন্ত্রণ শেখ হাসিনার হাতে থাকলেও সে পথ মসৃণ ছিল না। বর্তমান সরকারের সময়ে শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, যোগাযোগ, তথ্যপ্রযুক্তি, ক্রীড়া, পরিবেশ, কৃষি, খাদ্য, টেলিযোগাযোগ, সংস্কৃতি, সামাজিক নিরাপত্তা, মানবসম্পদ উন্নয়ন এমন কোনো খাত নেই যে খাতে অগ্রগতি সাধিত হয়নি। এ ছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে গত কয়েক বছরে দেশে অবকাঠামো উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পুষ্টি, মাতৃত্ব এবং শিশু স্বাস্থ্য, প্রাথমিক শিক্ষা, নারীর ক্ষমতায়ন ইত্যাদি ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন হয়েছে। যা দেশের গণ্ডি পেরিয়ে প্রশংসিত হয়েছে আন্তর্জাতিক মহলেও।

এগিয়ে সব সূচকে: দেশ আর্থ-সামাজিক সূচকসহ প্রতিটি ক্ষেত্রে প্রত্যাশাজনক সাফল্য অর্জন করেছে এবং মাথাপিছু আয় বৃদ্ধিসহ এখন মেগা প্রকল্পগুলো বাস্তবায়নের কাজ অব্যাহতভাবে এগিয়ে যাচ্ছে। বর্তমান সরকারের মাথাপিছু আয় ৮৪৩ থেকে ১ হাজার ৯০৯ মার্কিন ডলার, বিনিয়োগ ২৬.২৫ শতাংশ থেকে ৩০.২৭ শতাংশ, রফতানি ১৬.২৩ থেকে ৪২ বিলিয়ন ডলার, রিজার্ভ ১০.৭৫ থেকে ৪২ বিলিয়ন ডলার ।

www.exambd.net

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা

"আমি বিশ্বাস করি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন অর্জনে খুব কার্যকর হবে।"

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রাশিয়ার প্রেসিডেন্ট জোসেপ স্টালিন প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার ধারণাটি গ্রহণ করে । তাই বিশ্বে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নকারী দেশ রাশিয়া। যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতি নতুন করে গড়ে তুলতে ১৯৭৩ সালে প্রথম পাঁচসালা বা পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। দারিদ্র্য দূরীকরণ, সবার জন্য কর্মসংস্থান, খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসার মতো মৌলিক চাহিদা পূরণ, এবং কৃষির আধুনিকায়নের মাধ্যমে উৎপাদন বাড়ানোই ছিলো প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য। কালের পরিক্রমার জনগণের চাহিদা, দেশের উন্নয়ন বিবেচনায় বিভিন্ন সময়ের সরকার আরো সাতটি পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে এসেছে যার ধারাবাহিকতায় বর্তমানে অষ্টম পঞ্চবার্ষিক (২০২০-২০২৫) পরিকল্পনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছে সরকার।

পঞ্চবার্ষিক পরিকল্পনা সরকারের উন্নয়ন পরিকল্পনা ও বিনিয়োগের মূল ভিত্তি। এ পরিকল্পনার মাধ্যমে বিভিন্ন লক্ষ্য নির্ধারিত হয়। বিনিয়োগের ক্ষেত্র চিহ্নিত করা হয়। বাংলাদেশ সৃষ্টির পর থেকে বাংলাদেশ ও সমান্তর পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা সরকারের উন্নয়ন পরিকল্পনা ও বিনিয়োগের মূল ভিত্তি। এ পরিকল্পনার মাধ্যমে বিভিন্ন লক্ষ্য নির্ধারিত হয়। বিনিয়োগের ক্ষেত্র চিহ্নিত করা হয়। বর্তমানে বাংলাদেশে চলছে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা।

প্রতিপাদ্য→	"কাউকে পিছনে ফেলে নয়"

মাননীয় প্রধানমন্ত্রী এবং এনইসি'র চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) বৈঠকে **৬৪ লাখ ৯৫ হাজার ৯৮০ কোটি টাকার** প্রাক্কলিত ব্যয় ধরে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে ২৯ ডিসেম্বর, ২০২০।

মেয়াদকালঃ ১ জুলাই, ২০২০ সাল থেকে ৩০ জুন, ২০২৫ সাল

পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিনিয়োগে অভ্যন্তরীণ সম্পদের ওপর নির্ভর করা হয়েছে। এটি প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার ঠিক বিপরীত। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিদেশি অর্থায়ন ছিল ৮৮ শতাংশ এবং দেশীয় অর্থায়ন ছিল ১২ শতাংশ।

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজন হবে মোট ৬৪ হাজার ৯৫৯ দশমিক ৮ বিলিয়ন টাকা-	
যার মধ্যে অভ্যন্তরীণ উৎস থেকে আসবে ৮৮ দশমিক ৫ শতাংশ	বিদেশি উৎস থেকে আসবে ১১ দশমিক ৫ শতাংশ

এদিকে মোট বিনিয়োগের মধ্যে-

সরকারি খাত থেকে আসবে	১২ হাজার ৩০১ দশমিক ২ বিলিয়ন টাকা	যার আকার ১৮ দশমিক ৯ শতাংশ
বেসরকারি খাত থেকে আসবে	৫২ হাজার ৬৫৮ দশমিক ৬ বিলিয়ন টাকা	যার আকার ৮১ দশমিক ১ শতাংশ

- **জিডিপির প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা**

  পরিকল্পনায় জিডিপির প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে-

২০২০-২১ অর্থবছর	২০২১-২২ অর্থবছর	২০২২-২৩ অর্থবছর	২০২৩-২৪ অর্থবছর	২০২৪-২৫ অর্থবছর
৭.৪০%	৭.৭০%	৮.০০%	৮.৩২%	৮.৫১ %

- **মূল্যস্ফীতি**

  চলতি অর্থবছরে সার্বিক মূল্যস্ফীতির লক্ষ ধরা হয়েছে ৫ দশমিক ৫ শতাংশ। আগামী ২০২১-২০২২ অর্থবছর থেকে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত পর্যায়ক্রমে মূল্যস্ফীতি নেমে আসবে ৪ দশমিক ৮ শতাংশে।

২০২০-২১ অর্থবছর	৫.৪%
২০২১-২২ অর্থবছর	৫.৩%
২০২২-২৩ অর্থবছর	৫.২%
২০২৩-২৪ অর্থবছর	৪.৯%
২০২৪-২৫ অর্থবছর	৪.৮%

www.exambd.net

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার কিছু অর্থনৈতিক সুচকের প্রক্ষেপণ

ক.	জিডিপির প্রবৃদ্ধি	বছরে গড় জিডিপির প্রবৃদ্ধি হবে ৮ শতাংশ হারে ও মেয়াদান্তে হবে ৮.৫১ শতাংশ।
খ.	দারিদ্র্যের হার	মেয়াদান্তে দারিদ্র্যের হার ১৫.৬ শতাংশে ও অতি দারিদ্র্যের হার ৭.৪ শতাংশে দাঁড়াবে।
গ.	কর্মসংস্থান	কর্মসংস্থান সৃষ্টি হবে ১১.৩৩ মিলিয়ন, যার মধ্যে বৈদেশিক কর্মসংস্থান হবে ৩.২৫ মিলিয়ন এবং শ্রমবাজারে যুক্ত হবে ৭.৮১ মিলিয়ন শ্রমশক্তি।
ঘ.	কর-জিডিপি'র অনুপাত	কর-জিডিপি'র অনুপাত ১২.৩ শতাংশ।
ঙ.	প্রত্যাশিত গড় আয়ু	মেয়াদান্তে প্রত্যাশিত গড় আয়ু হবে ৭৪ বছর।
চ.	বিদ্যুতের আওতাভুক্ত	২০২১ সালের মধ্যে শতভাগ জনগণকে বিদ্যুৎ সেবার আওতায় আনা এবং মেয়াদান্তে ৩০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে।

ভিশন-২০৪১ বাস্তবায়নে মোট পঞ্চবার্ষিক পরিকল্পনা থাকছে ৪টি। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা হচ্ছে এর প্রথম। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং সরকারের ২০১৮ সালের নির্বাচনী ইশতেহার অনুসরণ করা হবে। বাংলাদেশ ইতেমধ্যে নিম্ন মধ্যম আয়ের মর্যাদা অর্জন করেছে এবং স্বল্পোন্নত দেশের তালিকা থেকে প্রাথমিক উত্তরণের ভিত্তি স্থাপন করেছে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৬ সালের মধ্যে এলডিসি থেকে উত্তরণ এবং এসডিজি বাস্তবায়নের জন্য সহায়ক হবে।

"অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা হবে এসডিজি বাস্তবায়নের ভিত্তি।"

—মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

অর্থনীতি সচলে 'ভ্যাকসিন পাসপোর্ট'

ভ্যাকসিন পাসপোর্ট হবে কোভিড-১৯ এর টিকাগ্রহণের প্রমাণপত্র, যেটা স্মার্টফোন অ্যাপ্লিকেশন হতে পারে, বা যাদের স্মার্টফোন নেই তাদের জন্য হতে পারে লিখিত সনদ। 'ভ্যাকসিন পাসপোর্ট' বলতে এমন একটি সার্টিফিকেট বোঝায়, যেখানে কেউ ভ্যাকসিন নিয়েছেন কি না, সেইসব বিস্তারিত লেখা থাকে। কোনো প্রতিষ্ঠানের সই ও সিল থাকা সার্টিফিকেট অথবা স্মার্টফোনের কিউআর কোডের আকারেও ভ্যাকসিন পাসপোর্ট হতে পারে। ভ্যাকসিন পাসপোর্টধারী যে কোনো স্থানে যেমন জনাকীর্ণ কনসার্ট- প্রবেশের সুযোগ পাবেন অন্য একটি দেশে ভ্রমণ করতে পারবেন, যার জন্য বৈধ পাসপোর্ট ও ভিসার পাশাপাশি টিকাগ্রহণের প্রমাণ দেখানোর বাধ্যবাধকতা রয়েছে। টিকাগ্রহণের এ ধরনের প্রমাণপত্র স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে যাওয়ার একটা উপায় হয়ে উঠতে পারে। এর ফলে যেমন ব্যক্তি মানসিক স্বস্তিও অনুভব করবেন, জনাকীর্ণ স্থানগুলোও আরেকটু নিরাপদ হয়ে উঠতে পারে। ২০২০ সাল থেকে করোনার ভয়াবহতায় বিশ্বব্যাপী লকডাউন, সীমান্ত চলাচল বন্ধ ও ব্যক্তিগত ঘোরাঘুরির স্বাধীনতা কমে যাওয়ার পর মহামারির বর্তমান পর্যায়ে 'ভ্যাকসিন পাসপোর্ট' ধারণাটি কয়েকটি দেশে আকর্ষণীয় হয়ে উঠেছে। অর্থনীতিকে পুনর্জীবিত করতে আন্তর্জাতিক ভ্রমণ ও সীমান্ত খুলে দেওয়ার ক্ষেত্রে ভ্যাকসিন পাসপোর্ট একটি আকর্ষণীয় ধারণা।

"বাহরাইন ও চীনসহ বেশ কয়েকটি দেশ ইতোমধ্যেই আন্তর্জাতিক ভ্রমণ চালু করতে ও অর্থনীতি বাঁচাতে নিজেদের মতো করে সার্টিফিকেশন প্রক্রিয়া চালু করেছে।"

- কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা

বেশ কয়েকটি দেশে যেসব নাগরিকরা করোনাভাইরাসের ভ্যাকসিন নিয়েছেন, তাদেরকে ডকুমেন্ট বা সার্টিফিকেট দেওয়ার কথাও বিবেচনা করা হচ্ছে। কয়েকটি দেশ ইতোমধ্যেই নিজেদের মতো করে ভ্যাকসিন পাসপোর্ট বা সার্টিফিকেট ব্যবহার করতে শুরু করেছে।

❖ **'ভ্যাকসিন পাসপোর্ট' এর সম্ভাব্য বৈশিষ্ট্য:**

ভ্যাকসিন পাসপোর্ট এর সম্ভাব্য বৈশিষ্ট্য সম্বন্ধে আইসিটি প্রতিমন্ত্রী বলেন,

"আমরা ভ্যাকসিন দেওয়ার পরে সবাই কার্ড পেয়েছি। ওই কার্ডে কিউআর কোড আছে। এখন আমরা ডাটাবেজ তৈরি করবো। ডাটাবেজ জাতীয় পরিচয় পত্র (এনআইডি) বা পাসপোর্ট দিয়ে যাতে ভেরিফাই করা যায়, সেই ব্যবস্থা থাকবে। দ্বিতীয় ডোজ টিকা নেওয়ার পরই স্বয়ংক্রিয়ভাবে টিকা সার্টিফিকট পাওয়া যাবে। এটা না পেলে ভ্যাকসিন পাসপোর্ট পাওয়া যাবে না। টিকা সার্টিফিকেটের অর্থ হলো দুই ডোজ টিকা নেওয়া হয়েছে। এছাড়া কার্ডটি কেমন হবে, সেটা এখনও পুরোপুরিভাবে বলা না গেলেও এটুকু বলতে পারি এটার হার্ডকপি প্রিন্ট নেওয়ার ব্যবস্থা থাকবে। মোবাইলে কিউআর (কুইক রেসপন্স) কোড থাকতে পারে।"

www.exambd.net

- ✓ নিউ ইয়র্ক যুক্তরাষ্ট্রের প্রথম রাজ্য, যেখানে প্রযুক্তি কোম্পানি আইবিএমের 'এক্সেলসিওর পাস' অ্যাপ ব্যবহার করে 'ডিজিটাল ভ্যাকসিন পাসপোর্ট' চালু করা হয়েছে। অ্যাপটিতে সুনির্দিষ্ট ব্যক্তির 'কিউআর কোড' প্রদর্শিত হয় যা, ওই ব্যক্তির টিকাগ্রহণের বিষয়টি নিশ্চিত করে। ব্রুকলিন নেটসের একটি বাস্টেটবল ম্যাচ ও নিউ ইয়র্ক রেঞ্জার্সের হকি ম্যাচে এই অ্যাপের কার্যকারিতার পরীক্ষা চালিয়েছে রাজ্য কর্তৃপক্ষ।
- ✓ চীনও নিজেদের মতো করে ভ্যাকসিন পাসপোর্টের নিজস্ব সংস্করণ প্রবর্তন করেছে। ওই সার্টিফিকেটে করোনা পরীক্ষার ফল ও ভ্যাকসিনের বিস্তারিত জানা যাবে।
- ✓ বাহরাইনও একইরকম একটি প্রক্রিয়া চালু করেছে। অন্যদিকে, ডেনমার্ক ও সুইডেনও তাদের নিজস্ব করোনা ভ্যাকসিন সার্টিফিকেশন প্রক্রিয়া শুরু করতে প্রস্তুতি নিচ্ছে।
- ✓ ইউরোপীয় ইউনিয়নে ভ্যাকসিন সার্টিফিকেটের একটি ডিজিটাল সংস্করণ নিয়ে বিবেচনা করা হচ্ছে। এর ফলে গরমের ছুটিতে ইউরোপীয়দের ভ্রমণ সহজ হবে।

কোভিড-১৯ পরিস্থিতি ও অর্থনৈতিক পুনরুদ্ধার কার্যক্রম

কোভিড-১৯ পরিস্থিতি

কোভিড-১৯ নভেল করোনাভাইরাস বিশ্বব্যাপী এক ভয়াবহ বিপর্যয়পূর্ণ অবস্থা সৃষ্টি করেছে, যা হতে আমাদের দেশেও মুক্ত নয়। ৩ অক্টোবর ২০২১ পর্যন্ত সারা বিশ্বে কোভিড-১৯ এ আক্রান্তের সংখ্যা ২৩ কোটি ৫১ লাখ এবং প্রাণহানির সংখ্যা ৫০ লাখ ছাড়িয়েছে। বাংলাদেশ আক্রান্তের সংখ্যা ১৫ লাখ ৫৭ হাজার এবং প্রাণহানির সংখ্যা ২৭ হাজার ছাড়িয়েছে। স্বাধীনতার পর হতে বিগত ৫০ বছরে নানাবিধি চড়াই-উতরাই পেরিয়ে আমরা আজ অর্থ-সামাজিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ ধাপে উন্নতি হয়েছি। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারের গত ১২ বছরের ধারাবাহিক উন্নয়নের ফলে আমরা দারিদ্র্য দূর করে ও স্বল্পোন্নত দেশের তালিকা হতে বের হয়ে এসে একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণের পথ যাত্রা করছি। কিন্তু জাতীয় জীবনের এমনই একটি গুরুত্বপূর্ণ সময় করোনাভাইরাসজনিত সংকটে আমাদের অর্থনীতির প্রাণচাঞ্চল্য, দারিদ্র্য বিমোচন ও অন্যান্য আর্থ-সামাজিক উন্নয়নের গতিকে ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে।

বাংলাদেশের এই ভাইরাস প্রথম রোগী শনাক্ত হয় গত ২০২০ সালের ৮ই মার্চ তারিখে। কিন্তু এর আগেই ভাইরাসটির চীন, ইউরোপ-আমেরিকাসহ পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে, যার ফলে এ বছরের জানুয়ারি মাস থেকেই আমাদের আমদানি-রপ্তানিসহ অর্থনীতি অন্যান্য সেক্টরে এর নেতিবাচক প্রভাব দেখা দিতে শুরু করে। এই প্রেক্ষাপটে প্রাদুর্ভাব শুরুর সাথে সাথেই সরকার এই সংকট মোকাবেলায় দ্রুত উদ্যোগ নেয়। আমাদের অর্থনীতিতে প্রথম আঘাতটি আসে ইউরোপ-আমেরিকা আমাদের রপ্তানিমুখী পোশাকশিল্প রপ্তানি আদেশ বাতিলের মাধ্যমে যার ফলে এই খাতের প্রায় ৫০ লাখ শ্রমিকের কর্মসংস্থান হুমকির মধ্যে পড়ে। কোন ধরনের কালক্ষেপণ না করে মার্চের ৩১ তারিখেই রপ্তানি খাতের শ্রমিকদের বেতন-ভাতা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান টিকিয়ে রাখতে ৫ হাজার কোটি টাকার একটি জরুরী তহবিল চালু করি। ভাইরাস নিয়ন্ত্রণের সামাজিক দূরত্ব বজায় রাখতে গিয়ে গত বছরের মার্চের শেষ সপ্তাহের হতে মে মাস পর্যন্ত দীর্ঘ ছুটির কারণে দেশে অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবিরতা দেখা দেয়। এ থেকে উত্তরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী গত বছর ৫ এপ্রিল তারিখেই ৬৭ হাজার ৭৫০ কোটি টাকার চারটি প্যাকেজ ঘোষণা করেন। গত এক বছরে ধীরে ধীরে এই প্যাকেজের আওতা বর্ধিত হয়েছে এবং নতুন নতুন সেক্টর ও ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে সহায়তার জন্য প্যাকেজের আওতা সম্প্রসারণ করা হয়েছে। এই পর্যন্ত মোট ১ লাখ ২৮ হাজার ৪৪১ কোটি টাকার ২৩টি প্রণোদনা প্যাকেজ (বর্তমানে ঘোষিত ৫টি সহ মোট ২৮টি) প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা করেছেন যা জিডিপির ৪ দশমিক ৩ শতাংশ।

- ২৩টি প্রণোদনা প্যাকেজ (বর্তমানে ঘোষিত ৫টি সহ মোট ২৮টি)
- মোট আর্থিক মূল্য ১ লক্ষ ২৮ হাজার ৪৪১ কোটি টাকা
- জিডিপি'র প্রায় ৪.৩ শতাংশ।

www.exambd.net

মুদ্রানীতি (২০২১-২২)

আগামী এক বছরে বেসরকারি খাতে ঋণ প্রবাহ দ্বিগুণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে মুদ্রানীতি ঘোষণা করেছে কেন্দ্রীয় ব্যাংক। বেসরকারি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির এই লক্ষ্যমাত্রার কারণে এই মুদ্রানীতিকে 'সম্প্রসারণমূলক' মুদ্রানীতি বলছে কেন্দ্রীয় ব্যাংক। এদিকে, বেসরকারি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির করার লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত এই মুদ্রানীতিকে পুঁজিবাজার বান্ধব বলে আখ্যায়িত করা হয়েছে। বেসরকারি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি পেলে স্বাভাবিকভাবে পুঁজিবাজারেও তারল্য প্রবাহ বৃদ্ধি পাবে। যা পুঁজিবাজারের জন্য হবে খুবই ইতিবাচক। দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় ব্যাংক এক অর্থবছরে দুটি মুদ্রানীতি (জুলাই-ডিসেম্বর এবং জানুয়ারি-জুন) ঘোষণা করে আসছিল। কিন্তু 'বিশেষ তাৎপর্য' নেই বলে ২০১৯-২০ অর্থবছর থেকে বছরে একটি মুদ্রানীতি ঘোষণা করা হচ্ছে।

সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো বাস্তবায়নে চতুর্মূখী পদক্ষেপ নেওয়ার কথা জানানো হয়েছে। যার আওতায় নতুন উদ্যোক্তাদের উৎসাহিত করা এবং নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরিতে নীতিগত সকল উপায় গ্রহণ করে সমর্থন দেবে বাংলাদেশ ব্যাংক।

মহামারির অভিঘাত সত্ত্বেও দেশের অর্থনীতি ২০২০-২১ অর্থবছরে ৬.১ শতাংশ প্রকৃত প্রবৃদ্ধি অর্জন করেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। এমনকি গত বছর ৫.২ শতাংশ প্রবৃদ্ধি হওয়ার যে আভাস দেওয়া হয় এটি তার চাইতেও উল্লেখযোগ্য পরিমাণ বেশি। প্রবৃদ্ধিতে সবচেয়ে বেশি অবদান রেখেছে কৃষি ও শিল্প খাত। গেল অর্থবছরে এ দুটি খাত সরকার ও বাংলাদেশ ব্যাংকের নজিরবিহীন প্রবৃদ্ধি সহায়ক নীতিমালার সুবিধা পায়। অন্যদিকে, সিপিআই বা ভোক্তামূল্য ভিত্তিক গড় মূল্যস্ফীতি ২০২০ অর্থবছরে ৫.৬৫ শতাংশ থেকে কমে ৫.৫৬ শতাংশে নেমে এসেছে। তবে ২০২১ অর্থবছরের জন্য যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল সেই ৫.৪০ শতাংশে নামেনি।

এ বাস্তবতায় কেন্দ্রীয় ব্যাংকের ২০২১-২২ অর্থবছরের মুদ্রানীতি সংক্রান্ত বিবৃতি বলছে ২০২২ অর্থবছরেও বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতি আগের সম্প্রসারণমূলক ও সংকুলানমুখী মুদ্রানীতি বাস্তবায়নের পদক্ষেপ অব্যাহত রেখে অর্থনৈতিক কর্মকাণ্ডে কাঙ্ক্ষিত পুনরুদ্ধারে সমর্থন দানের পাশাপাশি মূল্যস্ফীতিকে নির্ধারিত সীমার মধ্যে রাখতে এবং আর্থিক স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে প্রণীত হয়েছে। নির্ধারিত উৎপাদনশীলতা অর্জনে দরকারি তহবিল যোগানের উদ্যোগ অব্যাহত রাখা হবে। এছাড়া, বিশ্ববাজারে তেলসহ সকল ধরনের জ্বালানি ও ভোগ্যপণ্যের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধির পাশাপাশি দেশে প্রাকৃতিক বিপর্যয়ের কারণে কৃষি শস্যের উৎপাদন ক্ষতির শিকার হওয়ার আশঙ্কা রয়েছে, যা আগামী দিনগুলোয় মূল্যস্ফীতির চাপ বাড়াবে।

www.exambd.net

নতুন মুদ্রানীতিতে (২০২১-২২) যা যা আছে		
ক্রমিক	সূচক	প্রক্ষেপণ
১	অর্থ সরবরাহ নির্ধারণ	১৫ %
২	অভ্যন্তরীণ ঋণের প্রবৃদ্ধি	১৭.৮ %
৩	ঋণের লক্ষ্য সরকারের চাহিদা অনুযায়ী ব্যাংক ব্যবস্থা হতে	৩৬.৬ %
৪	ঋণ বৃদ্ধির সংকুলান বেসরকারি খাতে	১৪.৮ %
৫	নিট অভ্যন্তরীণ সম্পদ প্রবৃদ্ধি	১৬.৫ %
৬	নিট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি	১০.৪ %
৭	বৈদেশিক মুদ্রার রিজার্ভ	৫২ হাজার মিলিয়ন ডলার

নতুন মুদ্রানীতি 'সম্প্রসারণমূলক ও সংকুলানমুখী'

সম্প্রসারণমূলক রাজস্ব ও মুদ্রানীতির আওতায় গৃহীত নীতি সহায়তার ফলে ব্যাংকিং খাতে উদ্বৃত্ত তারল্য ও তরল সম্পদের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেলেও করোনা মহামারির প্রভাবে সামষ্টিক অর্থনীতি এখনো প্রয়োজনীয় মাত্রায় ঘুরে দাঁড়ায়নি। এ পরিস্থিতিতে জিডিপি প্রবৃদ্ধি ৭.২ শতাংশ ও মূল্যস্ফীতি ৫.৩ শতাংশের মধ্যে সীমিত রাখার লক্ষ্যকে সামনে রেখে মুদ্রানীতি প্রণয়ন করা হয়েছে। মহামারির ক্ষতিকর প্রভাব কাটিয়ে দেশীয় অর্থনীতি পুনরুদ্ধারের পাশাপাশি মানসম্মত নতুন কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করতে অত্যন্ত সতর্কতার সাথেই সম্প্রসারণমূলক ও সংকুলানমুখী দৃষ্টিভঙ্গী নিয়ে এই মুদ্রানীতি প্রণয়ন করা হয়েছে।

আশ্রয়ণ প্রকল্প: অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে শেখ হাসিনা মডেল

বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছেন এবং পর্যায়ক্রমে সেগুলো বাস্তবায়ন করে যাচ্ছেন। অদম্য অগ্রযাত্রায় এগিয়ে চলেছে দেশ। এই উন্নয়নের পথে সবচেয়ে বড় বাধা হচ্ছে দরিদ্রতা। জননেত্রী শেখ হাসিনা ২০০৯ সালে প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের সময় বাংলাদেশের দারিদ্র্যের হার ছিল ৪১.৫ শতাংশ। একটানা ৩ মেয়াদে সরকার পরিচালনা করে অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে গণ সাড়ে ১২ বছরে তিনি এ হার ২০.৫ শতাংশে নামিয়ে আনতে সক্ষম হয়েছেন। কিন্তু বাংলাদেশকে উন্নত দেশ হতে হলে দারিদ্র্যের হার আরও কমাতে হবে। দেশের অসহায়-দরিদ্র প্রান্তিক জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় যুক্ত করতে হবে।

বিপন্নে আশ্রয় ও গৃহহীনে গৃহ

'আশ্রয়ণ' প্রকল্পের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী ভূমিহীন-গৃহহীন ছিন্নমূল মানুষকে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের আওতায় আনছেন। তিনি ঘোষণা দিয়েছেন- *'বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না।'* প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে দেশের ৬৪ জেলার ভূমিহীন ও গৃহহীনদের তালিকা করা হয়। এ তালিকায় সংযোজন-বিয়োজন উপজেলা টাস্কফোর্স কমিটির তত্ত্বাবধানে একটি চলমান প্রক্রিয়া।

তালিকা অনুযায়ী 'ক শ্রেণি' অর্থাৎ একেবারেই ভূমিহীন ও গৃহহীন ২ লাখ ৯৩ হাজার ৩৬১ পরিবারের তালিকা প্রস্তুত করা হয়। এ ছাড়া যার জমি আছে কিন্তু ঘর নেই অথবা জরাজীর্ণ ও ভঙ্গুর ঘর রয়েছে এমন 'খ শ্রেণি'ভুক্ত ৫ লাখ ৯২ হাজার ২৬১টি পরিবারের তালিকা করা হয়েছে। প্রকল্পের আওতায় **২০২১ সালের জুন পর্যন্ত ৪ লাখ ৪২ হাজার ৬০৮টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে।** তালিকাভুক্ত সব পরিবার পর্যায়ক্রমে পুনর্বাসিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ২০ ফেব্রুয়ারি তৎকালীন নোয়াখালী, বর্তমান লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলার চর পোড়াগাছা গ্রাম পরিদর্শন করেন এবং নদীভাঙনকবলিত ভূমিহীন-গৃহহীন অসহায় পরিবারগুলোকে গুচ্ছগ্রামে পুনর্বাসিত করেন। কক্সবাজার ও অন্যান্য উপকূলীয় অঞ্চলে ১৯৯৭ সালের ১৯ মে ভয়াবহ ঘূর্ণিঝড় আঘাত হানে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০ মে টেকনাফ উপজেলার সেন্টমার্টিন পরিদর্শন করে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত গৃহহীন গরিব পরিবারগুলোকে পুনর্বাসনের নির্দেশনা দেন। প্রধানমন্ত্রী সে বছরই দেশের ভূমিহীন ও গৃহহীন মানুষের জন্য 'আশ্রয়ণ' প্রকল্প চালু করেন।

আশ্রয়ণ মানে কেবল আবাসনের ব্যবস্থা নয়; বরং এর পরিধি আরও ব্যাপক ও বিস্তৃত। উপকারভোগীরা দুই শতাংশ করে জমি পেয়েছেন; একটি অর্ধপাকা দুই কক্ষের ঘর পাচ্ছেন; বিনা মূল্যে বিদ্যুৎ সংযোগ লাগছে এখানে এবং এতে রয়েছে গোসলখানা, টয়লেট ও রান্নাঘর। গৃহসহ জমি স্বামী-স্ত্রী উভয়ের নামে যৌথভাবে দলিল করে দেওয়া হয়েছে। প্রকল্প এলাকায় প্রচুর পরিমাণে গাছ লাগানো হচ্ছে। প্রতি দশটি পরিবারের সুপেয় পানির জন্য থাকছে একটি করে নলকূপ। ফলে ডায়রিয়াসহ পানিবাহিত রোগ থেকে মুক্ত থাকবেন সুবিধাভোগীরা। তাদের স্বাস্থ্যসেবার জন্য নির্মিত হচ্ছে কমিউনিটি ক্লিনিক। আশ্রয়ণের ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থা রাখা হয়েছে। শিশু-কিশোরদের শরীর গঠন ও বিনোদনের জন্য প্রকল্প এলাকায় রয়েছে খেলার মাঠ। একটি স্বয়ংসম্পূর্ণ আধুনিক গ্রামের সব নাগরিক সুবিধাই থাকছে আশ্রয়ণ প্রকল্পে। মাতৃত্বকালীন, বয়স্ক, বিধবা বা অন্যান্য সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় ভাতাপ্রাপ্তিতে অগ্রাধিকার পাচ্ছেন তারা। অর্থাৎ একজন নিঃস্ব ব্যক্তিকে বিভিন্ন প্রক্রিয়ায় মানবসম্পদে পরিণত করে আত্মপ্রত্যয়ী হিসাবে প্রতিষ্ঠিত করা হচ্ছে।

নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন দরিদ্রতা সম্পর্কে বলেছেন,

'খাদ্য ও অন্যান্য সামাজিক সুবিধাদির ওপর জনগোষ্ঠীর অনুপ্রবেশ বা অধিকার প্রতিষ্ঠাতে অসামর্থ্য হওয়ার কারণেই অর্থাৎ ফেইলিওর অব এন্টাইটেলমেন্ট বা স্বত্বাধিকার নিশ্চিত করতে ব্যর্থতার কারণে সমাজে ক্ষুধা ও দারিদ্র্যদশা দেখা দেয়।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্পদের সুষম বণ্টনের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে হতদরিদ্র ভিক্ষুক, বিধবা, স্বামী পরিত্যক্ত, ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল মানুষকে ভূমি ব্যবহারের আওতায় এনে অন্যান্য সামাজিক সুবিধাপ্রাপ্তির ব্যবস্থা করে দিয়েছেন।

জলবায়ু উদ্বাস্তু, ক্ষুদ্র নৃগোষ্ঠী, তৃতীয় লিঙ্গ, বেদে, দলিত, হরিজনসহ সমাজের পিছিয়ে পড়া অন্যান্য সম্প্রদায়কেও অন্তর্ভুক্ত করা হয়েছে এ কর্মসুচিতে। বিশ্বে এটি প্রথম ও সর্ববৃহৎ উদ্যোগ, যাতে রাষ্ট্রের পশ্চাৎপদ জনগোষ্ঠীকে মূলস্রোতে তুলে আনার জন্য সম্পূর্ণ বিনা মূল্যে বাসস্থান নির্মাণ করে দেওয়া হচ্ছে।

আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আমাদের সংবিধানের ১৫ অনুচ্ছেদে বর্ণিত সব নাগরিকের জন্য মৌলিক উপকরণপ্রাপ্তির উদ্যোগ গ্রহণ করা হয়। বাংলাদেশ আওয়ামী লীগের ২০১৮ সালের **নির্বাচনী ইশতেহারের ৩.১৩ অনুচ্ছেদ** অনুযায়ী দারিদ্র্য বিমোচন, বৈষম্য হ্রাস এবং সবার জন্য বাসস্থানের অধিকার নিশ্চিত করা হচ্ছে।

www.exambd.net

বাংলাদেশের জিআই/ ভৌগোলিক নির্দেশক পণ্য

জিআই/ ভৌগোলিক নির্দেশক পণ্য:

ভৌগোলিক নির্দেশক (জিআই) হচ্ছে কোনো সামগ্রীর ব্যবহার করা বিশেষ নাম বা চিহ্ন। এই নাম বা চিহ্ন নির্দিষ্ট সামগ্রীর ভৌগোলিক অবস্থিতি বা উৎস (যেমন একটি দেশ, অঞ্চল বা শহর) অনুসারে নির্ধারণ করা হয়। ভৌগোলিক স্বীকৃতিপ্রাপ্ত সামগ্রী নির্দিষ্ট গুণগত মানদণ্ড বা নির্দিষ্ট প্রস্তুত প্রণালী অথবা বিশেষত্ব নিশ্চিত করে। ভৌগোলিক স্বীকৃতিপ্রাপ্ত বিভিন্ন সামগ্রী নির্দিষ্ট অঞ্চলটিতে বাণিজ্যিকভাবে উৎপাদন করার অধিকার এবং আইনি সুরক্ষা প্রদান করে।

বাংলাদেশের জিআই/ ভৌগোলিক নির্দেশক পণ্য- ৯টি।

#	জিআই/ ভৌগোলিক নির্দেশক পণ্য	স্বীকৃতি
১	জামদানি	১৭ নভেম্বর ২০১৬ বাংলাদেশের প্রথম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পায় জামদানি।
২	ইলিশ মাছ	৬ আগস্ট ২০১৭ DPDT জাতীয় মাছ ইলিশ-কে বাংলাদেশী পণ্য হিসাবে বিশ্ব স্বীকৃতি অর্জনের কথা ঘোষণা করে। এর ফলে ইলিশ বাংলাদেশের দ্বিতীয় জিআই পণ্য হিসাবে নিবন্ধিত হয়।
৩	ক্ষীরষাপাতি আম	২৭ জানুযারি ২০১৯ তারিখে ক্ষীরষাপাতি আমকে বাংলাদেশের ৩য় জিআই পণ্য (foodstuff) হিসেবে ঘোষণা করা হয়।
৪	মসলিন	২০২০ সালের ৩০ ডিসেম্বর মসলিনকে বাংলাদেশের ৪র্থ জিআই পণ্য বলে স্বীকৃতি দেওয়া হয়।
৫	রাজশাহীর সিল্ক	২০২১ সালের ২৬ এপ্রিল রাজশাহীর সিল্ককে বাংলাদেশের ৫ম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে।
৬	রংপুরের শতরঞ্জি	২০২১ সালের ২৬ এপ্রিল রংপুরের শতরঞ্জি কে বাংলাদেশের ৬ষ্ঠ জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে।
৭	চিনিগুঁড়া চাল	২০২১ সালের ২৬ এপ্রিল চিনিগুঁড়া চালকে বাংলাদেশের ৭ম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে।
৮	দিনাজপুরের কাটারীভোগ	২০২১ সালের ২৬ এপ্রিল দিনাজপুরের কাটারিভোগকে বাংলাদেশের ৮ম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে।
৯	বিজয়পুরের সাদামাটি	২০২১ সালের ২৬ এপ্রিল বিজয়পুরের সাদামাটিকে বাংলাদেশের ৯ম জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে।

www.exambd.net

MDG অর্জনে বাংলাদেশের সাফল্য

২৪ নভেম্ববর, ২০১৬ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ, ''মিলেনিয়াম ডিভলেপমেন্ট গোলস এন্ড পিরিয়ড ষ্টেক টেকিং এন্ড ফাইনাল ইভালুয়েশন রিপোর্ট ২০০০-২০১৫'' শীর্ষক প্রতিবেদন প্রকল্প করে। এই প্রতিবেদনে এমডিজি অর্জনে বাংলাদেশকে সফল দেখানো হয়েছে। আটটি লক্ষ্যের অন্তর্ভুক্ত ২১টি টার্গেটের মধ্যে ১৩টি নির্ধারিত সময়ের পূর্বেই অর্জন সম্ভব হয়েছে। এমডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী শুধু ৭ম লক্ষ্য বনায়ন ছাড়া অবশিষ্ট লক্ষ্য অর্জনে উল্লেখযোগ্য উন্নতি করেছে। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান ও আফগানিস্তানকে ছাড়িয়ে গেছে।

নিম্নে এমডিজি অর্জন উল্লেখ করা হলো:-

১. **১নং লক্ষ্য- চরম দারিদ্র্য ও ক্ষুধা নির্মূল করা:** এম.ডি.জি শেষে জাতীয় দারিদ্রের হার ৫৬.৭% থেকে ২৮.৪% এ নামিয়ে আনার টার্গেট ছিল। ২০১২ সালে দারিদ্র্যের হার নেমে এসেছে ২৪.৮% এ।

২. **২নং লক্ষ্য- সার্বজনীন শিক্ষা:** সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ টার্গেট ছিল শতভাগ শিশুকে স্কুলে ভর্তি করাতে হবে। ২০১৫ সালের হিসাবে প্রাথমিকে শিশু ভর্তির হার ৯৮%।

বঙ্গবন্ধু মানমন্দির: মহাকাশ উপলব্ধি করতে চায় বাংলাদেশ

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে 'বঙ্গবন্ধু' শেখ মুজিবুর রহমান স্পেস অবজারভেটরি সেন্টার' নামে ১০০ মিটার উচ্চতার এই সেন্টারের মঞ্চ থেকে টেলিস্কোপের মাধ্যমে মহাকাশ অবলোকন করতে পারবেন দেশ-বিদেশের মানুষ। ভোগৌলিকভাবে গুরুত্বপূর্ণ বাংলাদেশের ফরিদপুরের ভাঙ্গা উপজেলার ভাঙ্গারদিয়া গ্রামের দক্ষিণ অংশে মহাকাশ অবলোকন সেন্টার করবে সরকার। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্পেস অবজারভেটরি সেন্টার' নামে ১০০ মিটার উচ্চতার এই সেন্টারের মঞ্চ থেকে টেলিস্কোপের মাধ্যমে মহাকাশ অবলোকন করতে পারবেন দেশ-বিদেশের মানুষ।

পৃথিবীতে তিনটি পূর্ব পশ্চিম বিস্তৃত রেখা আছে। এগুলো হলো- কর্কট ক্রান্তি, মকর ক্রান্তি এবং বিষুব রেখা। ঠিক একইভাবে চারটি উত্তর দক্ষিণ বিস্তৃত রেখা আছে। এগুলো হলো শূন্য ডিগ্রি, ৯০ ডিগ্রি, ১৮০ ডিগ্রি এবং ২৭০ ডিগ্রি দ্রাঘিমা। চারটি উত্তর-দক্ষিণ রেখা এবং তিনটি পূর্ব-পশ্চিম রেখা, সব মিলিয়ে ১২ জায়গায় ছেদ করেছে। ১২টি বিন্দুর ১০টি বিন্দুই পড়েছে সাগরে মহাসাগরে। এর মধ্যে শুধু দুইটি ছেদবিন্দু পড়েছে স্থলভাগে। এর একটি পড়েছে সাহারা মরুভূমিতে আর অন্য বিন্দুটি বাংলাদেশে। আরও নির্দিষ্ট করে বললে কর্কট ক্রান্তি এবং ৯০ ডিগ্রি পূর্ব দ্রাঘিমার ছেদবিন্দুটি পড়েছে ফরিদপুরের ভাঙ্গা উপজেলায়। এ কারণে ফরিদপুরের ভাঙ্গায় বঙ্গবন্ধুর নামে 'মানমন্দির' নির্মাণ করা হচ্ছে। সহজে যাতায়াত করা যায়, এমন একমাত্র ছেদস্থল ভাঙ্গারদিয়ায় এ কেন্দ্র স্থাপন করা হলে বিদেশ থেকেও পর্যটকরা আসবেন। পদ্মা সেতু চালু হলে সেখানে যাতায়াতও খুব সহজ হবে। কয়েক মাস আগে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটির এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে বিষয়টি উত্থাপন করেন লেখক, পদার্থবিদ ও শিক্ষাবিদ ড. মুহম্মদ জাফর ইকবাল।

প্রকল্প প্রস্তাবে বলা হয়েছে, ১০ একর ভূমির ওপর ৫ তলা বৃত্তাকার (এনুলার) ভবন হবে। ওই ভবনের মাঝ থেকে পৃথক স্থাপনার উপর ভূমি থেকে ১০০ মিটার উচ্চতায় এক মিটার ব্যাসের মূল অবজারভেটরি টাওয়ার উপরে উঠে যাবে। ওই টাওয়ারে প্রতিফলক টেলিস্কোপের উপযোগী ১০ মিটার ব্যাসের একটি আনুভূমিকভাবে ঘূর্ণনক্ষম প্লাটফর্ম থাকবে। সেখান থেকে টেলিস্কোপের মাধ্যমে ওই ভাঙ্গার ছেদস্থলসহ মহাকাশ পর্যবেক্ষণ করা যাবে। অবজারভেটরি টাওয়ারের নিচ তলা এবং বৃত্তাকার প্লাটফরমটি সহযোগী অবজারভেটরি হিসেবে কাজ করবে।

মহীসোপান কী: মহীসোপানের ব্যাপারে ভারত ও বাংলাদেশের বিরোধ

মহীসোপান হচ্ছে সমুদ্রের দিকে এবং পানির নীচে উপকূলীয় স্থলভাগের বর্ধিত বা সম্প্রসারিত অংশ। ১৯৫৮ সনের কনভেনশনের ধারা-১ অনুসারে রাষ্ট্রীয় সমুদ্রের বাইরে কিন্তু তদসংলগ্ন জলরাশির তলদেশ ও তার অন্তর্ভূমি যা ২০০ মিটার জলের গভীরতা পর্যন্ত বিস্তৃত বা তার বাইরে যে এলাকায় কারিগরি উৎকর্ষতা দ্বারা সম্পদ আহরণ সম্ভব তাকেই মহীসোপান বলে অ্যাখ্যায়িত করা হয়েছে। মহীসোপানের সামগ্রিক ভূ-তাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ বিবেচনায় এনে ১৯৮২ সনের কনভেনশনে এর পূর্ণাঙ্গ আইনগত রুপ দেবার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। সে হিসেবে মহীসোপানকে পানির নীচে উপকূলীয় রাষ্ট্রের স্থলভাগের বর্ধিত অংশ হিসেবে অ্যাখ্যায়িত করা হয়েছে, যা মহীসোপানীয় বৃদ্ধি পর্যন্ত বিস্তৃত। এর পরই গভীর সমুদ্রের শুরু। ১৯৮২ সনের কনভেনশনের ধারা ৭৬ অনুযায়ী "মহীসোপান হচ্ছে মহীসোপনীয় প্রান্ত (continental margin) পর্যন্ত বিস্তৃত উপকূলীয় রাষ্ট্রের রাষ্ট্রীয় সমুদ্রের বাইরের জলরাশির সমুদ্র তলদেশ ও অন্তর্ভূমি(sub-soil) যা তার স্থলভাগেরই স্বাভাবিক বর্ধিত অংশ। যে ভিত্তিরেখা থেকে রাষ্ট্রীয় সমুদ্রের দূরত্ব মাপা হয় সেখান থেকে পরিমাপ করলে যেখানে মহাসোপানীয় প্রান্তের বহিঃসীমা ২০০ মাইলের কম সেখানে মহীসোপানের বিস্তৃতি ভিত্তিরেখা হতে ২০০ মাইল পর্যন্ত ধরা হবে।

সামুদ্রিক জরিপে দেখা যায় বেশিরভাগ ক্ষেত্রেই মহীসোপানের (প্রান্ত পর্যন্ত) বিস্তৃতি ২০০ মাইল বা তার কম। এসব ক্ষেত্রে অর্থনৈতিক অঞ্চলের সম্পদ ভোগই মহীসোপানের অধিকারের ভোগের উদ্দেশ্য সাধনের জন্য যথেষ্ট। কিন্তু কোন কোন এলাকায় মহীসোপানের বিস্তৃতি ২০০ মাইলের বেশি হতে পারে, যেমন- অষ্ট্রেলিয়া ও মাদাগাস্কার উপকূলের কোন কোন এলাকায় মহীসোপান ৫০০/৬০০ মাইল পর্যন্ত বিস্তৃত। এ সমস্ত এলাকায় কনভেনশনে উপকূলীয় রাষ্ট্রকে আরো ১৫০ মাইলের অধিকার প্রদান করা হয়েছে। এর ফলে ভূ তাত্ত্বিকভাবে মহীসোপানের বিস্তৃতি থাকলে উপকূলীয় রাষ্ট্র ভিত্তিরেখা হতে মোট ৩৫০০ মাইল পর্যন্ত তার উপর সম্পদের অধিকার পাবে। তবে স্বর্তব্য যে, উন্মুক্ত সমুদ্রের মর্যাদা প্রথম ২০০ মাইলের মধ্যে প্রযোজ্য নয়।

www.exambd.net

এ অঞ্চলের উপকূলীয় রাষ্ট্রসমূহের অধিকার ও কর্তব্যঃ ১৯৮২ সনের কনভেনশনের ধারা ৭৭ অনুযায়ী মহীসোপানে উপকূলীয় রাষ্ট্রের অধিকারসমূহের বর্ণনা দেওয়া হয়েছে। মহীসোপানের প্রাকৃতিক সম্পদের উপর উপকূলীয় রাষ্ট্রের একচ্ছত্র এবং সার্বভৌম অধিকার রয়েছে। এ সম্পদ উপকূলীয় রাষ্ট্র আহরণ বা উত্তোলন না করলেও তার অধিকার বহাল থাকবে। কেউ তার বিনা অনুমতিতে এখানে কোন কমকান্ড পরিচালনা করতে পারবে না। মহীসোপানের প্রাকৃতিক সম্পদ বলতে শুধু খনিজ ও অন্যান্য অজৈব সম্পদকেই বোঝানো হয়নি, আসনাশ্রিত(sedentar) জৈব প্রজাতিও এর আওতাভূক্ত সম্পদের অধিকার বাস্তবায়নের জন্য উপকূলীয় রাষ্ট্র মহীসোপান এলাকায় প্রয়োজনীয় স্থাপনা, কাঠামো ইত্যাদি তৈরি করতে পারবে। ধারা ৮২তে প্রস্তাব করা হয়েছে যে, উপকূলীয় রাষ্ট্র ২০০ মাইলের পরে ১৫০ মাইল পর্যন্ত মহীসোপান এলাকা থেকে উত্তোলিত সম্পদের আয়ের একটা অংশ সমুদ্র তলদেশ কর্তৃপক্ষকে (ISA)প্রদান করবে যা উন্নয়নশীল দেশ ও স্থলবদ্ধ দেশের বিশেষস্বার্থ বিবেচনা করে ন্যায়পরতার ভিত্তিতে কনভেনশনের পক্ষরাষ্ট্রসমূহের মধ্যে বন্টন করার ব্যবস্থা নেয়া হবে।

মহীসোপানের ব্যাপারে ভারত ও বাংলাদেশঃ বঙ্গোপসাগরে বাংলাদেশের মহীসোপানের দাবির বিষয়ে জাতিসংঘে আপত্তি তুলেছে ভারত। সমুদ্রপৃষ্ঠের যে বেসলাইনের ভিত্তিতে বাংলাদেশ মহীসোপান নির্ধারণ করেছে, তা ভারতের মহীসোপানের একটি অংশ। তাই ভারত জাতিসংঘের মহীসোপান নির্ধারণবিষয়ক কমিশনে বাংলাদেশের দাবিকে বিবেচনায় না নেওয়ার অনুরোধ জানিয়েছে। ভারতের আগে এ বছরের জানুয়ারিতে বাংলাদেশের দাবির বিষয়ে পর্যবেক্ষণ দিয়েছে মিয়ানমার। কিন্তু ভারতের মতো বাংলাদেশের দাবির প্রতি আপত্তি জানায়নি দেশটি। বাংলাদেশ আইনগতভাবে মহীসোপানের যতটা প্রাপ্য, তা থেকে নিজেদের অংশ বলে দাবি করছে দুই প্রতিবেশী দেশ। দুই নিকট প্রতিবেশীর বিরোধিতার কারণে বাংলাদেশের মহীসোপানের বিষয়টির এখনো সুরাহা হয়নি।

প্রসঙ্গত, ২০১১ সালে জাতিসংঘের কাছে মহীসোপানের দাবির বিষয়ে বাংলাদেশ আবেদন জানায়। গত বছরের অক্টোবরে ওই দাবির বিষয়ে সংশোধনী জমা দেয় বাংলাদেশ। জাতিসংঘের সিএলসিএস ওয়েবসাইটে প্রকাশিত ভারতের আপত্তিপত্রে বলা হয়েছে, বাংলাদেশ ভূখণ্ডের যে বেসলাইনের ওপর ভিত্তি করে মহীসোপান নির্ধারণ করেছে, সেটির মাধ্যমে ভারতের মহীসোপানের একটি অংশ দাবি করছে বাংলাদেশ। এ ছাড়া বঙ্গোপসাগরে যে 'গ্রে এরিয়া' রয়েছে, সেটির বিষয়ে বাংলাদেশ কোনো তথ্য দেয়নি। 'গ্রে এরিয়া' হচ্ছে বঙ্গোপসাগরে একটি ছোট অংশ, যেখানে পানির মধ্যে যে সম্পদ রয়েছে, যেমন মাছ, সেটির মালিক ভারত; কিন্তু মাটির নিচে যে খনিজ পদার্থ আছে, সেটির মালিক বাংলাদেশ। এই অংশের পরিমাণ প্রায় ৯০০ বর্গকিলোমিটার।

বাংলাদেশ ও ভুটান অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি PTA

১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর যেকোনো দেশের সঙ্গে প্রথম অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি করল বাংলাদেশ। ভুটান বাংলাদেশকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে ১৯৭১ সালের ৬ ডিসেম্বর সর্বপ্রথম স্বীকৃতি প্রদান করে। স্বীকৃতিদানের পর থেকে সুদীর্ঘ ৫০ বছর যাবত দুদেশের বন্ধুত্বপূর্ণ সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্কের উন্নয়ন হয়েছে। দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য এদিন ভুটানের সঙ্গে পিটিএ স্বাক্ষর করা হলো।

অবশেষে বাংলাদেশ দ্বিপক্ষীয় মুক্ত বাণিজ্য চুক্তির জগতে আনুষ্ঠানিকভাবে প্রবেশ করল। ৬ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে ভুটানের সঙ্গে স্বাক্ষরিত হলো অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (প্রেফারেন্সিয়াল ট্রেড অ্যাগ্রিমেন্ট বা পিটিএ)। এটি অবশ্য পুরোপুরি মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) নয়, বরং বলা যায় এফটিএর আগের ধাপ বা আংশিক এফটিএ। কেননা, এ চুক্তির আওতায় এখন বাংলাদেশ ভুটানে ১০০টি পণ্যে ও ভুটান বাংলাদেশে ৩৪টি পণ্যে শুল্কমুক্ত প্রবেশাধিকার পাবে। পরে দুই দেশ আরও পণ্যকে শুল্কমুক্ত সুবিধার আওতায় আনবে। সাধারণত গতানুগতিক এফটিএতে প্রায় শতভাগ বা বেশির ভাগ পণ্যকেই শুল্কমুক্ত সুবিধা দেওয়া হয়। অল্প কিছু পণ্যকে স্পর্শকাতর (সেনসেটিভ) বিবেচনায় এ সুবিধার বাইরে রাখা হয়। তবে হাল আমলে এফটিএতে শুধু পণ্য নয়, বরং সেবা খাতও অন্তর্ভুক্ত করা হয়।

বাংলাদেশর প্রথম অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি

www.exambd.net

Banking Industry in Bangladesh

After the independence, banking industry in Bangladesh started its journey with 6 nationalized commercialized banks, 3 state owned specialized banks and 9 foreign banks. In the 1980's banking industry achieved significant expansion with the entrance of private banks. Now, banks in Bangladesh are primarily of two types:

- **Scheduled Banks:** The banks that remain in the list of banks maintained under the Bangladesh Bank Order, 1972.
- **Non-Scheduled Banks:** The banks which are established for special and definite objective and operate under any act but are not Scheduled Banks. These banks cannot perform all functions of scheduled banks.

There are **61 scheduled banks** in Bangladesh who operate under full control and supervision of Bangladesh Bank which is empowered to do so through Bangladesh Bank Order, 1972 and Bank Company Act, 1991. Scheduled Banks are classified into following types:

1. **State Owned Commercial Banks (SOCBs):** There are **6 SOCBs** which are fully or majorly owned by the Government of Bangladesh.
2. **Specialized Banks (SDBs): 3 specialized banks** are now operating which were established for specific objectives like agricultural or industrial development. These banks are also fully or majorly owned by the Government of Bangladesh.
3. **Private Commercial Banks (PCBs):** There are **43 private commercial banks** which are majorly owned by individuals/the private entities. PCBs can be categorized into two groups:
4. **Conventional PCBs: 35 conventional PCBs** are now operating in the industry. They perform the banking functions in conventional fashion i.e interest based operations.



5. **Islami Shariah based PCBs:** There are **8 Islami Shariah based PCBs** in Bangladesh and they execute banking activities according to Islami Shariah based principles i.e. Profit-Loss Sharing (PLS) mode.
6. **Foreign Commercial Banks (FCBs): 9 FCBs** are operating in Bangladesh as the branches of the banks which are incorporated in abroad.

There are now **5 non-scheduled banks** in Bangladesh which are:

1. Ansar VDP Unnayan Bank,
2. Karmashangosthan Bank,
3. Grameen Bank,
4. Jubilee Bank,
5. Palli Sanchay Bank.

FIs

Non Bank Financial Institutions (FIs) are those types of financial institutions which are regulated under Financial Institution Act, 1993 and controlled by Bangladesh Bank. Now, **34 FIs** are operating in Bangladesh while the maiden one was established in 1981. Out of the total, 2 is fully government owned, 1 is the subsidiary of a SOCB, 15 were initiated by private domestic initiative and 15 were initiated by joint venture initiative. Major sources of funds of FIs are Term Deposit (at least three months tenure), Credit Facility from Banks and other FIs, Call Money as well as Bond and Securitization.

www.exambd.net

Products/Services of the Bank: Various types of deposit accounts, special saving schemes and different categories of loans are the product of the Banks. Different banks offer for its clients to different type of account and loans which is convenient to its client.

Various types of account	Different types of loans
1. Savings account.	1. Term loan (Industrial)
2. Current account.	2. Agricultural loan.
3. Short-term deposit account.	3. House building loan.
4. Secured overdraft Loan.	4. Transport.
5. Cash credit loan	5. Packing credit loan.
6. Saving insurance.	6. Consumer credit loan.
7. Double deposit insurance scheme.	7. Lease Finance.

Role of Banking Sector in Economic Development:

1. Trade development
2. Safe custody
3. Agricultural development.
4. Industrial development.
5. Development of foreign trade.
6. Transfer for money.
7. Increase in saving.
8. Assistance to government.
9. Increase in employment.
10. Credit creation.
11. Financial advice.
12. Increase in investment.

Different type of Corporate Social Responsibilities a Bank Does (CSR):

1. Provide financial aid to the educational institution.
2. Provide financial aid to medical facilities for poor people.
3. Provide financial aid to cultural development.
4. Provide finance in sectorial development of the country.
5. Provide financial aid and training facility for the poor people of rural area.
6. Provide financial aid during natural disasters face by the country.
7. Provide financial aid to sports development.
8. Provide finance in infrastructural development of the country.

A bank is a depository financial institution which collects fund from the savers in small unit in exchange of a low interest and lends money to the deficit units at a higher interest rate. The difference between the interest rate is the motive of the bank.

www.exambd.net

Banking and Rural Development in Bangladesh

Rural banking is the producer of oxygen as they are producing edible product for living of the urban. The present advanced financial technology must reach to rural banking infrastructure to conduct the rural areas economic activities.

~ International Journal of Science and Research (IJSR)

Bangladesh is one of the most densely populated countries in the world with a population of 170 million living in area of 56,977 square miles. 35% make up the urban population while 65% live in rural Bangladesh. Rural men and women are heavily involved in agricultural farming and the cottage industry while the urban population is involved in business, trade and finance industries.

Banks' Contribution in Rural Development:

The role of bank in rural development is manifold. Banks are functional in the processes of savings, capital formation, investment, production in the rural areas.

1) Establishment of RAKYB and BKB: The government established two specialized banks in the country, namely Bangladesh Krishi Bnak (BKB) and Rajshahi Khishi Unnayan Bank (RAKYB) for the greater Rajshahi Division. These banks are mostly financing the agriculture and cottage industry in rural areas. The overdue loans of RAKUB and BKB in agriculture were 29.8% and 15.4% respectively at the end of FY2019.

2) **Micro-credit:** The micro credit program, primarily introduced by Grameen Bank and now by many is now playing an important role for the well being of the poor. Poor people can borrow money to invest in their different small projects without providing any collateral through it.

3) **Bangladesh Bank:** The central bank of Bangladesh is continuously working, regulating and coordinating with different banks and NGOs to accelerate the level of rural development. Those banks and NGOs are not only providing loans but also giving advices and consultation to successfully manage the projects.

4) **Development of Agricultural Sector:** The primary source of agricultural credit in BKB was 28%, 6.3% in RAKUB and 47.4% in private commercial banks as per the disbursement record of FY2019. Besides, foreign banks (2.9 percent) and local state-owned commercial banks (15.4 percent) are also playing a vital role as a source of agricultural finance.

5) **Credit to SME Sector**: RAKYB and BKB are financing the cottage , small, medium and large enterprises/industry in the agriculture sector such as cold storage, rice mill, spice grinding, wooden and cane furniture, utensils made of mud, bricks, etc, both for domestic use and export.



Figure: Credit to SMEs by Banks

- Banks plays a crucial role in rural capital formation. Bank collect the dispersed savings of the rural people through different deposit schemes. Then distribute loans to them for starting a productive as well as any other self-sufficient economic activity.
- Banks provide the rural small businessmen with loans from deposited money which plays a crucial role in rural development. Specially, the microcredit programs of different banks made the rural landless people bankable and provided them with required capital for business and other economic activities.
- Banks can provide our unemployed youths with training and loan to start business.

The rural sector is central to Bangladesh's development strategy and agriculture has a pivotal role in rural growth. In order to achieve the Sustainable Development Goals (SDGs), rural economic development is the precondition. Bangladesh Bank, government and different commercial and specialized banks are now working for it.

Digital Economy: Shaping a New Bangladesh

"Bangladesh is one of the top four countries in terms of 'improvement and remarkable growth' in digital economy in the last four years."

~ Huawei Global Connectivity Index (GCI)-2019

The digitalization of a country's economy not only drives innovation in its service industry, but it also fuels domestic job opportunities, enabling faster economic growth. In the quest to lower costs and risk, many large corporations in developed nations like the US, UK, and Australia are turning to IT outsourcing from countries including Bangladesh, leading to a recent boom in freelancing.

www.exambd.net

Digital economy: Digital economy refers to an economy that is based on digital computing technologies, although we increasingly perceive this as conducting business through markets based on the internet and the World Wide Web. The digital economy is also referred to as the Internet Economy, New Economy, or Web Economy. Bangladesh has improved a lot in this sector.



The term 'digital economy' was first coined in a book "The Digital Economy: Promise and Peril in the Age of Networked Intelligence" by author Don Tapscott in 1995.

Three main components of 'Digital Economy':

1) E-business infrastructure (hardware, software, telecom, networks, human capital, etc.),
2) E-business (process, conducts, ways),
3) E-commerce (B2B, B2C, C2C, G2C in transferring of goods).

Key features of 'Digital Economy':

1) Mobility (Mobility of intangibles, Mobility of business functions)
2) Reliance on Data
3) Network effect
4) Multi-sided market
5) Tendency to oligopoly and monopoly formation

Merits of Digital Economy:

Digital economy has given rise to many new trends and start-up ideas. Almost all of the biggest companies in the world (Google, Apple, Microsoft, and Amazon) are from the digital world. Let us look at some important merits of the digital economy.

1) **Promotes Use of the Internet:** If one thinks about it, most of one's daily work can today be done on the internet. The massive growth of technology and the internet that began in the USA is now a worldwide network. So there is a dramatic rise in the investment on all things related – hardware, technological research, software, services, digital communication etc. And so this economy has ensured that the internet is here to stay and so are web-based businesses.

2) **Rise of E-Commerce:** The businesses that adapted and adopted the internet and embraced online business in the last decade have flourished. The digital economy has pushed the e-commerce sector into overdrive. Not just direct selling but buying, distribution, marketing, creating, selling all has become easier due to the digital economy.

3) **Digital Goods and Services:** Banking and insurance services are now available online. There is no need to visit one's bank if one can do every transaction online. So certain goods and services have been completely digitized in this digital economy.

4) **Transparency:** Most transactions and their payment in the digital economy happen online. Cash transactions are becoming rare. This helps reduce the black money and corruption in the market and make the economy more transparent.

www.exambd.net

Demerits of Digital Economy:

1) **Loss in Employment:** The more we depend on technology, the less we depend on human resources. The advancement of the digital economy may lead to the loss of many jobs. As the processes get more automated, the requirement for human resources reduces.
2) **Lack of Experts:** Digital economy requires complex processes and technologies. To build the platforms and their upkeep require experts and trained professionals. These are not readily available, especially in rural and semi-rural areas.
3) **Heavy Investment:** Digital economy requires a strong infrastructure, high functioning Internet, strong mobile networks and telecommunication. All of this is a time consuming and requires huge capital. In a developing country like ours, development of the infrastructure and network is a very slow, tedious and costly process.

The government should focus on turning unemployed young people into tech-wavy workers and engage them in IT-based freelancing. In this way, the government of Bangladesh can attain its goal of translation the vision of digital Bangladesh into reality by focusing on human capital development for the global digital economy.

"We can see an industrial revolution lying ahead as a result of the expansion of information and communication technology."

—PM Sheikh Hasina

Foreign direct investment (FDI) and Bangladesh

Foreign direct investment (FDI) is an investment from a party in one country into a business or corporation in another country with the intention of establishing a lasting interest. Lasting interest differentiates FDI from foreign portfolio investments, where investors passively hold securities from a foreign country. A foreign direct investment can be made by obtaining a lasting interest or by expanding one's business into a foreign country. The positive role of FDI in accelerating pace of development in developing countries as is evidenced in Hong Kong. Singapore, Korea etc. These countries are known as newly industrialized economic by attracting FDI becomes a priority agenda. Bangladesh is not out of this policy. But Tremendous Impediment slowly FDI in our country. **There are 3 types of FDI:**

- Horizontal **FDI**.
- Vertical **FDI**.
- Conglomerate **FDI**.

Benefits of Foreign Direct Investment	Disadvantages of Foreign Direct Investment
Below are some of the benefits for businesses: • Market diversification • Tax incentives • Lower labor costs • Preferential tariffs • Subsidies The following are some of the benefits for the host country: • Economic stimulation • Development of human capital • Increase in employment • Access to management expertise, skills, and technology	• Displacement of local businesses • Profit repatriation • Exploitation of cheap labor

www.examb.net

Prospect of FDI in Bangladesh/Present Scenario of FDI in Bangladesh:

Foreign direct investment in Bangladesh dropped 10.8% to $2.6 billion last year. Globally, the FDI fell 35% but it increased by 4% in developing Asia to $535 billion last year as foreign investments continued to rise in the region's biggest markets, China and India, according to an annual report prepared by the United Nations Conference on Trade and Development (Unctad).

Developing Asia accounts for more than half of global inward and outward FDI flows and is the only region to record FDI growth. This is the second time in a row that FDI inflows in Bangladesh slumped, with a 20.47% fall registered in 2019. Infrastructural challenges and gap in policy implementation are some of the primary reasons. Naturally, the yearlong pandemic has slowed down the global flows of FDIs. The World Investment Report 2020 by the United Nations Conference on Trade and Development (UNCTAD) has predicted a 40% percent decline in FDI flows in 2020. Nonetheless, the numbers can be expected to be stable in 2021, with the recovery of economies.

Last Five Year FDI inflow in Bangladesh

Year	FDI (US Dollar Million)
2014	1551
2015	2235
2016	2333
2017	2152
2018	3613
2019	2870
2020	2613

Source: UNCTAD

Facilities and incentives for foreign investors: FDI has been allowed in all sector of the economy except five industries - defense equipment, nuclear energy, forest plantation, security printing and railways. The investors enjoy the following incentives for investing in Bangladesh –

a) 5 to 7 years corporate tax holiday for selected sectors.
b) Private power companies enjoy corporate income tax exemption for a period of 15 years.
c) Tax exemption on royalties, technical knowhow and technical assistance fees and facilities for their repatriation. d) Tax exemption on foreign loans regarding interest.
e) Tax exemptions on capital gains from transfer of shares by the investing company. 15
f) Remittances of up to 50% of salaries of the foreigners employed in Bangladesh and facilities for repatriation of their savings and retirement benefits at the time of their return.
g) No restrictions on issuance of work permits to project related foreign nationals and employees.
h) Facilities for repatriation of invested capital, profits and dividends.
i) Provision of transfer of shares held by foreign shareholders to local investors.
j) Reinvestment of remittable dividends would be treated as new investment.
k) An investor can wind up on investment either through a decision of the AGM. Once a foreign investor completes the related formalities to exit the country, he or she can repatriate the sales proceeds after securing proper authorization from the Central bank.
l) Most Bangladeshi products enjoy complete duty and quota free access to EU, Japan, Australia and most of the developed countries.

Bangladesh makes no difference between foreign private investors and domestic investors regarding investment incentives or export and import policies. In Bangladesh foreign investors enjoy the access to domestic capital markets for working capital in the form of loans sanctioned from the commercial banks and development financial institutions. The foreign investors have been given the opportunity to have access to the services of the country's stock exchanges. Some export-oriented industries of the thrust sector are provided with the benefit of cash incentives, venture capital, and other investment friendly facilities.

www.exambd.net

As a result, Bangladesh has already become the second-largest supplier of online labor. About 5,00,000 active freelancers are regularly working out of 6,50,000 registered freelancers in the country, generation $100 million annually, according to the ICT Division of Bangladesh. India is the largest supplier of online labour, with close to 24% of total global freelance workers, followed by Bangladesh (16%) and the US (12%).



Thousands of graduates who are finishing their studies at different public and private universities in Bangladesh are failing to find suitable positions in the job market each year.
